চিরবিশ্বস্ত
চিরনূতন
শ্যাম সুন্দর কোং
জুয়েলার্স
আগরতলা • খোয়াই • উদয়পুর
ধর্মনগর • কলকাতা

ত্রিপুরার প্রথম দৈনিক
# জাগরণ
THE FIRST DAILY OF TRIPURA
গৌরবের ৬৬ তম বছর
অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

সিস্টার
Sister
masala
নিশ্চিন্তের প্রতীক
গুঁড়া মশলা
অল্পতেই যথেষ্ট
সিষ্টার
স্বাদ ও গুনমানে প্রতি ঘরে ঘরে

JAGARAN ■ 30 October, 2019 ■ আগরতলা, ৩০ অক্টোবর, ২০১৯ ইং ■ ১২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# কাশ্মীরে পাঁচ বাঙালীকে গুলি করে হত্যা, দিল্লীতে জঙ্গি হামলার সতকর্তা

**শ্রীনগর/নয়াদিল্লী, ২৯ অক্টোবর।।** ফের অ-কাশ্মীরি শ্রমিকদের নিশানা করল জঙ্গিরা। মঙ্গলবার সন্ধ্যায় জম্মু-কাশ্মীরের কুলগামে পাঁচজন বাঙালি শ্রমিককে গুলি করে হত্যা করল জঙ্গিরা। নিহত পাঁচজনই মুর্শিদাবাদের সাগরদিঘি অঞ্চলের বাসিন্দা বলে জানা গিয়েছে। নিহত পাঁচ শ্রমিকের নাম শেখ কামারুদ্দিন, শেখ মুর্নসুলিন , শেখ মহম্মদ রফিক, শেখ নিজামুদ্দিন, মহম্মদ রফিক শেখ। আহত এক শ্রমিকের নাম জহুরুদ্দিন শেখ।

প্রাথমিক খবর অনুযায়ী, এ দিন সন্ধ্যায় সশস্ত্র জঙ্গিরা কুলগামের কাতরাসু গ্রামে হানা দেয়। সেখানে যে ভাড়া বাড়িতে ওই শ্রমিকরা ছিলেন, সেখানে তারা হানা দেয়। বাড়ি থেকে ওই শ্রমিকদের বের করে এনে এলোপাথাড়ি গুলি চালায় জঙ্গিরা।

মঙ্গলবার পাঁচজনের মৃত্যুর পাশাপাশি গুলিবিদ্ধ হয়ে আহতও হয়েছেন কয়েকজন। তাঁকে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসকরা জানিয়েছেন তাঁর অবস্থা স্থিতিশীল। ঘটনার পরই ওই গ্রামে এবং আশে পাশে সেনা এবং আধা সেনা তল্লাশি শুরু করেছে জঙ্গিদের খোঁজে।

সাম্প্রতিক সময়ে এটি চতুর্থ ঘটনা, যেখানে অ-কাশ্মীরিদের নিশানা করল জঙ্গিরা। এর আগে সোমবার অনন্তনাগে এক ট্রাক চালককে হত্যা করে জঙ্গিরা। তার আগে সোপিয়ানেও একই রকম ঘটনা ঘটেছে।

মঙ্গলবারই ইউরোপীয় ইউনিয়নের এমপি-দের একটি দলকে কাশ্মীরে আসার ব্যবস্থা করে দিয়েছে মোদী সরকার ।প্রতিনিধিদলের এক সদস্য বি এন ডান মঙ্গলবার সকালেই বলেন, "প্রধানমন্ত্রী আমাদের সবটাই ব্যাখ্যা করেছেন। কিন্তু আমরা সাধারণ মানুষের সঙ্গে কথা বলে বাস্তব পরিস্থিতি জানার চেষ্টা করব।" সেই প্রতিনিধিদলের উপস্থিতিতেই এই হামলা। কাশ্মীর যে স্বাভাবিক নয়, তা তারা বুঝতে পারলেন সফরের প্রথম দিনেই।

এদিকে, জম্মু-কাশ্মীর ও লাদাখ সরকারি ভাবে আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল হচ্ছে এক দিন পরেই। সেই পরিকল্পনা ভেস্তে দিতে হামলা চালাতে পারে জঙ্গিরা। কেন্দ্রীয় গোয়েন্দারা এমন আশঙ্কা করে নির্দিষ্ট তথ্য দেওয়ার পরেই রাজধানী দিল্লিতে হাই অ্যালার্ট। আগামী ৭২ ঘণ্টার জন্য চূড়ান্ত সতর্কতা জারি করা হয়েছে। সব ক'টি নিরাপত্তা সংস্থাকে চূড়ান্ত সতর্ক থাকতে বলা হয়েছে। বাড়ছে টহল ও নজরদারি।

গত ৫ অগস্ট সংসদে পাশ হয়েছিল জম্মু-কাশ্মীর বিভাজন বিল। ওই বিল অনুযায়ী জম্মু-কাশ্মীরকে ভেঙে জম্মু-কাশ্মীর এবং লাদাখকে আলাদা আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল করার সিদ্ধান্ত হয়। সেই সিদ্ধান্ত কার্যকরী হচ্ছে ৩১ অক্টোবর, বৃহস্পতিবার। অর্থাৎ ওই দিন থেকে আত্মপ্রকাশ করবে এই দু'টি আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল।

কিন্তু কেন্দ্রীয় গোয়েন্দাদের কাছে খবর, সরকারি এই প্রক্রিয়া ভেস্তে দিতে ছক কষছে একাধিক জঙ্গি সংগঠন। ওই দিন, অর্থাৎ ৩১ অক্টোবর বড়সড় হামলা চালাতে পারে জঙ্গিরা। গোয়েন্দাদের কাছে 'ইনপুট' এসেছে যে, জম্মু-কাশ্মীর ছাড়াও জঙ্গিদের হিট লিস্টে রয়েছে রাজধানী দিল্লি। সরকারি দফতর ও গুরুত্বপূর্ণ কেন্দ্রে জঙ্গি হানার আশঙ্কা রয়েছে।

বিষয়টি নিয়ে সোমবার দিল্লিতে একটি উচ্চপর্যায়ের বৈঠক হয়। তাতেও উঠে এসেছে এই হামলার ☞ ৬ এর পাতায় দেখুন

## এডিসি নির্বাচন, ঝড়ো সফরে পরিস্থিতির খোঁজ নিলেন হিমন্তবিশ্ব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** সামনেই এডিসি নির্বাচন। তাই, ঝটিকা সফরে ত্রিপুরা ঘুরে গেলেন অসমের মন্ত্রী তথা নেডার কনভেনর হিমন্তবিশ্ব শর্মা। ত্রিপুরায় এসেই তিনি আগরতলায় সরকারি অতিথিশালায় বিজেপি প্রদেশ নেতৃত্ব ও কর্মকর্তাদের সাথে বৈঠক করেন। এরপর তিনি শান্তিকালি আশ্রমে পূজায় অংশ নিয়ে উপ-মুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মার সাথে তাঁর সরকারি বাসভবনে দীর্ঘক্ষণ বৈঠক করেছেন। তাতে ধারণা করা হচ্ছে, সম্ভবত এডিসি নির্বাচন নিয়েই দলীয় নেতা ও কর্মীদের সাথে আলোচনা করার জন্যই তিনি আজ ত্রিপুরায় এসেছিলেন। তবে, জোট শরিক আইপিএফটির সাথে হিমন্তবিশ্ব শর্মা কোন আলোচনা করেননি।

প্রসঙ্গত, ২০২০ সালের ফেব্রুয়ারী থেকে মে এই সময়ের মধ্যেই ত্রিপুরায় এডিসি নির্বাচন অনুষ্ঠিত হবে। ফলে, প্রস্তুতি শুরু করে দেওয়ার সময় এসে পড়েছে বলে মনে করছে রাজনৈতিক দলগুলি। অবশ্য, ত্রিপুরায় এডিসি নির্বাচনে রাজনৈতিক সমীকরণ ভিন্ন হতে পারে বলে মনে করা ভুল হবে না। কারণ, শাসক জোট শরিক আইপিএফটি ইতিমধ্যে এডিসিতে সমস্ত আসন তাদের দেওয়ার জন্য বিজেপির উপর চাপ দেওয়া শুরু করে দিয়েছে। এই পরিস্থিতিতে ত্রিপুরায় এডিসি নির্বাচনকে ঘিরে রাজনৈতিক পদক্ষেপের দিকে তাকিয়ে রয়েছে রাজ্যবাসী।

বিজেপি সূত্রে খবর, আজ হিমন্তবিশ্ব শর্মা আগরতলায় এসেই সোজা রাজ্য অতিথিশালায় চলে যান। সেখানে তিনি দলীয় কর্মকর্তা ও শীর্ষ নেতৃত্বদের সাথে এডিসি নির্বাচন নিয়ে দলের অবস্থান সম্পর্কে আলোচনা করেছেন। এছাড়া আজ তিনি উপ-মুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মার সাথেও দীর্ঘক্ষণ আলোচনা করেছেন। সূত্রের দাবি, এডিসি নির্বাচনে বিজেপির অবস্থান কি রকম তা এদিন হিমন্তবিশ্ব শর্মা বুঝে গেছেন।

এদিকে, ত্রিপুরা সফরে হিমন্তবিশ্ব শর্মা শান্তিকালি মন্দিরে পূজা দেন। এরপর তিনি ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সাথে সৌজন্য সাক্ষাত করেন। সূত্রের দাবি, মুখ্যমন্ত্রীর কাছ থেকেও ত্রিপুরার পরিস্থিতি সম্পর্কে খোঁজ নিয়েছেন হিমন্তবিশ্ব শর্মা। এদিন সন্ধ্যায় তিনি গুয়াহাটির উদ্দেশ্যে রওয়ানা দিয়েছেন।

## দেশের পরবর্তী প্রধান বিচারপতি এস এ বোবদে

**নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি. স.) :** বিচারপতি শরদ অরবিন্দ বোবদেকে ভারতের পরবর্তী প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত করেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। ১৮ নভেম্বর শপথ গ্রহণ করবেন তিনি, সুপ্রিম কোর্টের বর্তমান প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের স্থলাভিষিক্ত হচ্ছেন বিচারপতি বোবদে।

মধ্যপ্রদেশ হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি ছিলেন বিচারপতি বোবদে। ২০২১ সালের এপ্রিলে তিনি অবসর নেবেন। ১৯৫৬ সালের ২৪ এপ্রিল মহারাষ্ট্রের নাগপুরে জন্মগ্রহণ করেন তিনি, বিচারপতি বোবদে তাঁর পড়াশুনো সারেন নাগপুর বিশ্ববিদ্যালয়ে। ২০০০ সালে তিনি অতিরিক্ত বিচারক হিসাবে বম্বে হাইকোর্টে যোগদান করেন। ২০১২ সালে তিনি মধ্যপ্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতি নিযুক্ত হন। ২০১৩ সালের এপ্রিলে তাঁকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসাবে নিযুক্ত করা হয়েছিল। অযোধ্যা মন্দির-মসজিদ বিরোধ মামলা, বিসিসিআই মামলা এবং আতসবাজির বিরুদ্ধে আর্জি সহ বিভিন্ন শীর্ষস্থানীয় মামলার সঙ্গে তিনি জড়িত ছিলেন।

বিচারপতি রঞ্জন গগৈ, ২০১৮ সালের ৩ অক্টোবর প্রধান বিচারপতি হিসাবে শপথ গ্রহণ করেন, ১৭ নভেম্বর অবসর নেবেন তিনি। ☞ ৬ এর পাতায় দেখুন



মঙ্গলবার আগরতলায় জগন্নাথ জিউ মন্দিরে মহা সারম্বরে পালিত হয় অন্নকুট উৎসব। ছবি নিজস্ব।

## ভাইফোঁটা নিলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** "ভাইয়ের কপালে দিলাম ফেঁটা, যম দুয়ারে পড়ল কাঁটা। যমুনা দেয় যমকে ফেঁটা, আমি দেই আমার ভাইকে ফেঁটা।" শুধু মন্ত্রোচ্চারণেই নয়, ভাই-বোনের নিবিড় সম্পর্ককে আরও সুদৃঢ় করার উৎসব ভ্রাতৃদ্বিতীয়া সারা ত্রিপুরাতে মহাধুমধামে পালিত হচ্ছে। ওই উৎসবে শামিল হয়েছেন রাজ্যে মুখ্যমন্ত্রীও। মঙ্গলবার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সরকারি বাসভবনে ভ্রাতৃদ্বিতীয়ার আয়োজন করা হয়েছিল। কচিকাঁচা-সহ প্রচুর মহিলা আজ মুখ্যমন্ত্রীকে ফেঁটা দিয়েছেন।

এদিন মুখ্যমন্ত্রীকে ফেঁটা দেওয়ার অনুভূতি তুলে ধরে জনৈক মহিলা বলেন, সারা রাজ্যের দায়িত্ব যাঁর কাঁধে, তাঁর দীর্ঘায়ু কামনা করেছি। তিনি বলেন, গতবছর ভ্রাতৃদ্বিতীয়ায়ও মুখ্যমন্ত্রীকে ফেঁটা দিয়েছিলাম। আজ কচিকাঁচারাও মুখ্যমন্ত্রীকে ফেঁটা দিয়ে খুবই আনন্দ অনুভব করছে। অষ্টম শ্রেণিতে পাঠরত জনৈক ছাত্রী বলে, এই প্রথম মুখ্যমন্ত্রীকে ফেঁটা দিয়েছি। তাঁর আশীর্বাদ চেয়েছি। তাঁর কথায়, এই রাজ্যের মঙ্গল কামনার পাশাপাশি মুখ্যমন্ত্রীর মঙ্গল হোক প্রার্থনা করেছি।

এদিন প্রদেশ বিজেপি মহিলা মোর্চার সভানেত্রী পাপিয়া দত্ত বলেন, এবারও মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবকে ভ্রাতৃদ্বিতীয়া উপলক্ষ্যে ফেঁটা দিয়েছি। তাঁর কথায়, সারা রাজ্যের জন্য মুখ্যমন্ত্রী দিনরাত পরিশ্রম করছেন। তাঁর সুস্থ জীবন ☞ ৬ এর পাতায় দেখুন

## কালী পূজার মন্ডপে রক্তারক্তি কান্ড, জখম আট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর ।।** কালীপূজার অনুষ্ঠানকে কেন্দ্র করে রক্তাক্ত পুজো প্রাঙ্গণ। ঘটনা মোহনপুরের হরিণখলা গ্রামের দেবনাথ পাড়ায়।

সোমবার রাত্রিতে শিবির এলাকার দুই যুবক মদমত্ত অবস্থায় হরিণখলার দেবনাথ পাড়ার পুজো প্রাঙ্গণে সাংস্কৃতিক অনুষ্ঠান চলাকালীন সময়ে উত্তেজিত হয়ে অবভ্য আচরণ করলে এলাকাবাসী তার প্রতিবাদ করতে গেলে ঘটে বিপত্তি। মদমত্ত দুই যুবক তাণ্ডবলীলা চালায় এক পর্যায়ে শিবির এলাকা থেকে আরও ত্রিশ পয়ত্রিশ জন যুবক এসে এই ঘটনায় শামিল হয়। তাতে এলাকা রণক্ষেত্রের চেহারা নেয়। উভয়পক্ষের আটজন আহত হয়। এদের মধ্যে গুরুতর আহত দু'জনকে জিবি হাসপাতালে পাঠানো হয়। খবর পেয়ে সিধাই থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই ব্যাপারে সিধাই থানায় একটি মামলা নথিভুক্ত করা হয়েছে বলে খবর।

## পূর্ত ঘোটালায় পূর্বতন মুখ্যমন্ত্রীর নীরবতায় উদ্বেগ প্রকাশ আইনমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** পূর্ত ঘোটালা বিষয়ে আরও অনেককিছু বেরিয়ে এসেছে। ঘটনা সম্পর্কে তৎকালীন মুখ্যমন্ত্রী মানিক সরকার এখনও পর্যন্ত কেন মুখ লুকোচ্ছেন এবং কুম্ভকর্নের নিদ্রায় নিদ্রিত সেই প্রশ্ন তুলেছেন শিক্ষামন্ত্রী তথা আইনমন্ত্রী রতন লাল নাথ।

মঙ্গলবার মহাকরণে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এই মতামত ব্যক্ত করেছেন রতন বাবু। মহাকরণে মঙ্গলবার আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষা ও আইন দপ্তরের মন্ত্রী রতন লাল নাথ বলেন, ২০০৮-২০০৯ অর্থ বছরে মোট ৪৬টি ব্রীজ এক সাথে প্যাকেজ করে ২২৪ কোটি ৪৮ লক্ষ ৩৯ হাজার টাকা এবং ২৮টি রিল্ডিংকে এক সাথে প্যাকেজ করে ১২২ কোটি ১৮ লক্ষ ৫৯ হাজার টাকা এবং ৭টি রাস্তাকে এক সাথে প্যাকেজ করে ২৯১ কোটি ২৪ লক্ষ টাকার অনুমোদন দেওয়া হয়।

এই তিনটি প্যাকেজ ব্রীজ প্যাকেজ, বিল্ডিং প্যাকেজ এবং রুট প্যাকেজ মোট ৬৩৮ কোটি ৩০ লক্ষ ৩৮ হাজার টাকার কাজ গুলিকে একত্রীকরণ করে তৎকালীন মুখ্যমন্ত্রী মানিক সরকারের নেতৃত্বে কেবিনেট মিটিং করে ৩১/০৫/২০০৮ এ সিদ্ধান্ত নেওয়া হয়। তাতে বলা হয় পিডব্লিউ এই কাজগুলি দেশের স্বনামধন্য নির্মাণকারী সংস্থাকে দিয়ে করাতে পারবে। এই প্রথম এ ধরনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ইতিপূর্বে এ ধরনের পদ্ধতিতে এ ধরনের কোন কাজ হয়নি বলে উল্লেখ করেন আইনমন্ত্রী রতন লাল নাথ।

তৎকালীন মুখ্যমন্ত্রী মানিক সরকার ৬৩৮ কোটি ৩০ লক্ষ ৩৮ হাজার টাকার কাজ কেন প্যাকেজ করলেন সেটা কারোর বোধগম্য হচ্ছে না বলে তিনি উল্লেখ করেন। ☞ ৬ এর পাতায় দেখুন

## বাদল চৌধুরীর ভাগ্য পরীক্ষা আজ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** আগামীকাল বাদল চৌধুরীর জামিনের আবেদনের উপর শুনানী। পুলিশ তাঁকে গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করবে নাকি বাদল চৌধুরী জামিন পেয়ে যাবেন সেটা নির্ভর করবে আগামীকাল। চূড়ান্ত শুনানী শেষে আদালত বুধবার কি রায় ঘোষণা করে সেদিকে তাকিয়ে গোটা রাজ্য। রাজনৈতিক মহল গভীর আগ্রহে রয়েছে চাঞ্চল্যকর এই মামলার দিকে। বাম আমলে পূর্ত দপ্তরে আর্থিক ঘোটালা হয়েছে বলে অভিযোগ রয়েছে।

## চোরের জন্য ফাঁদ পেতে বিদ্যুৎস্পৃষ্টে মৃত্যু বৃদ্ধের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** চোরের জন্য ফাঁদ পেতে মৃত্যু হল এক ব্যক্তির। নিজ লাউ ক্ষেতেই বিদ্যুৎস্পৃষ্টে দুই-তিনদিন আগে উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর মহকুমার দক্ষিণ গঙ্গানগরের বাসিন্দা অনিল দাসের মৃত্যু হয়েছে। আজ তাঁর মৃতদেহ উদ্ধার হয়েছে। এই বিষয়ে বাগবাসা ফাঁড়ির পুলিশ জানিয়েছে, চোরের উপদ্রবে অতিষ্ঠ হয়েই লাউ ক্ষেতে তার দিয়ে ব্যারিকেড করে তাতে বিদ্যুৎসংযোগ দেওয়া হয়েছিল। কিন্তু, ওই তারে লাউ ক্ষেতের মালিক নিজেই বিদ্যুৎস্পৃষ্ট হন।

অনিল দাসের তিন ছেলে ও এক মেয়ে রয়েছে। তা সত্ত্বেও তিনি গঙ্গানগরের নিজ বাড়িতে একাই থাকতেন। তার দুই কানি ক্ষেত রয়েছে । সেখানে লাউ সহ নানান ধরনের সবজির ফসল ফলাতেন তিনি ।প্রতিবেশীদের দাবি, ভীষণ পরিশ্রমী ও কর্মপ্রিয় ব্যক্তি ছিলেন তিনি । আজ সকালে সুপারি নিতে আসেন দুই ব্যক্তি । বাড়িতে তাকে না পেয়ে তারা গাছে উঠে সুপারি পারতে শুরু করেন । তখনই লাউ ক্ষেতে একটি মৃতদেহ পড়ে থাকতে দেখেন তারা । নিচে এসে তারা দেখতে পান অনিল দাসের মৃতদেহ লাউ ক্ষেতে পড়ে রয়েছে। সঙ্গে সঙ্গে তারা বাগবাসা ফাঁড়িতে খবর দেন। খবর পেয়ে পুলিশ ছুটে এসে মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে।

বাগবাসা ফাঁড়ির পুলিশ জানিয়েছেন, মৃতদেহে পচন ধরেছে। সম্ভবত দুই-তিনদিন আগেই ওই ব্যক্তির মৃত্যু হয়েছে। প্রতিবেশীদের কাছ থেকে পুলিশ জানতে পেরেছে প্রায়ই তার লাউ ক্ষেতে চোরের উপদ্রব দেখা দিত । তাই তিনি দিনচারেক আগে লাউ ক্ষেতে তার দিয়ে ব্যারিকেড করেন এবং সেখানে বিদ্যুৎ সংযোগ দেন। জনৈক প্রতিবেশী জানিয়েছেন, ওই কাজে সকলেই তাকে বাধা দিয়েছিল । চোরের জন্য ফাঁদ তৈরি করতে গিয়ে নিজেই বিদ্যুৎস্পৃষ্ট হতে পারেন তা সতর্ক করা হয়েছিল । কিন্তু তিনি কারোর কথাই শোনেননি ।তারই পরিণতি আজ তাকে ভোগ করতে হল ।পুলিশ জানিয়েছে, মৃতের পরিবারের সকলকেই খবর দেয়া হয়েছে।

# প্রতিবেশী দেশের নিরাপত্তা নিয়ে চিন্তাভাবনার আদান প্রদান করে ভারত-সৌদি আরব ঃ মোদী

**নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.):** ভারত ও সৌদি আরব এশিয়ার এমন শক্তিধর দেশ যারা প্রতিবেশী দেশের নিরাপত্তা নিয়ে একে অপরের মধ্যে চিন্তাভাবনার আদান প্রদান করে। মঙ্গলবার একথা বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি আরও বলেন, দুই দেশের সহযোগিতা বিশেষ করে সন্ত্রাসবাদ নির্মূল ও সুরক্ষা ও সামাজিক বিষয়ে খুব ভাল উন্নতি হয়েছে।

প্রধানমন্ত্রী সৌদি আরব সফরকালে আরব নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন যে, ভারত ও সৌদি আরবের মধ্যে কৌশলগত অংশীদারি পরিষদ চুক্তি স্বাক্ষরের পর দু''দেশের মধ্যে সম্পর্ক আরও দৃঢ় হয়েছে। তিন বছরে এটি প্রধানমন্ত্রী মোদীর দ্বিতীয় সৌদি আরব সফর। পশ্চিম এশিয়ার বিভিন্ন অঞ্চলের দ্বন্দ্ব সংক্রান্ত প্রশ্নে প্রধানমন্ত্রী এক অপরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করার নীতিকে সম্মান করে ভারসাম্যযুক্ত দৃষ্টি নিয়ে এই দ্বন্দ্বগুলি সমাধানের আহ্বান জানান।

তিনি বলেন, এই অঞ্চলের সমস্ত দেশের সাথে দুর্দান্ত দ্বিপক্ষীয় সম্পর্ক সহ আট মিলিয়নেরও বেশি ভারতীয় অঞ্চল রয়েছে। এই অঞ্চলে শান্তি ও সুরক্ষার জন্য সকলের মধ্যে আলোচনা প্রক্রিয়া বজায় থাকা দরকার ঊ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, স্থিতিশীল তেলের দাম বিশ্বের অর্থনীতির বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ ঊ প্রধানমন্ত্রী ভারতের শক্তির চাহিদা মেটাতে এবং নির্ভরযোগ্য উত হিসাবে ভূমিকা রাখার জন্য প্রশংসা সৌদি আরবের করেন। ভারতের বৃহত্তম তেল সরবরাহকারী সৌদি আরবের সাথে দীর্ঘমেয়াদী জ্বালানি সম্পর্কের বিষয়ে তার মতামত প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন, ভারত তার অপরিশোধিত জ্বালানির তেলের প্রায় ১৮ শতাংশ সৌদি আরব থেকে আমদানি করে, এটি আমাদের জন্য অপরিশোধিত জ্বালানির তেলের দ্বিতীয় বৃহত্তম উত। খাঁটি ক্রেতা-বিক্রেতার সম্পর্ক থেকে আমরা এখন আরও নিবিড় কৌশলগত অংশীদারিত্বের দিকে এগিয়ে যাচ্ছি যা সৌদি আরবের ভূগর্ভস্থ তেল ও গ্যাস প্রকল্পে বিনিয়োগে জড়িত।



সালমান বিন আব্দুলাজিজ এর সাথে বৈঠক করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মঙ্গলবার রিয়াদে তোলা পিআইবি'র ছবি।

প্রধানমন্ত্রী বলেন, প্রতিবেশী সবার আগে সরকারের বিদেশনীতির অংশ। সৌদি আরবের সাথে ভারতের সম্পর্ক প্রতিবেশী দেশেগুলির মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্ক। তাঁর সফরে সকল ক্ষেত্রে সহযোগিতার এক নতুন যুগের সূচনা করবে। আমাদের সম্পর্ক কেবল বাণিজ্য, বিনিয়োগ, সুরক্ষা এবং প্রতিরক্ষা সহযোগিতার মতো বিভিন্ন ক্ষেত্রে দৃঢ় নয় বরং আরও গভীর ও জোরদার করেছে। বর্তমান বৈশ্বিক অর্থনীতির বিষয়ে তার দৃষ্টিভঙ্গির বর্ণনা দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে, বিশ্বব্যাপী ☞ ৬ এর পাতায় দেখুন

## সমাজকে কিছু দিতে পারলেই জীবনে পরিপূর্ণতা আসে, দাবি উপমুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** সমাজকে কিছু দিতে পারলেই জীবনে পরিপূর্ণতা আসে। কনিষ্ক ফাউন্ডেশনের উদ্যোগে অনাথ আশ্রমের উদ্বোধন করে এ-কথা বলেন ত্রিপুরার উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মা। তাঁর কথায়, অনাথ ছেলে-মেয়েদের মা-বাবা না থাকতে পারে কিন্তু সমাজ আছে।

প্রসঙ্গত, প্রনবানন্দ বিদ্যামন্দিরের মহারাজদের, ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের বেদ মন্ত্র উচ্চারন ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ সন্ধ্যায় আগরতলার রেলস্টেশন সংলগ্ন ভারত সেবাশ্রম সঙ্ঘে উদ্বোধন হল কনিষ্ক অনাথ আশ্রমের। উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মা প্রদীপ জ্বালিয়ে ও অনাথ আশ্রমের ফিতা কেটে এর উদ্বোধন করেন। ভারত সেবাশ্রম সঙ্ঘের পরিচালনায় এবং আমেরিকার নিউ জার্সিস্থিত কনিষ্ক ফাউণ্ডেশনের উদ্যোগে এই অনাথ আশ্রমের উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক মিমি মজুমদার, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায়, ভারত সেবাশ্রম সঙ্ঘের আগরতলা শাখার কার্যকরী সভাপতি শ্রীমৎ স্বামী পুন্যাত্মানন্দজী মহারাজ, সঙ্ঘের সম্পাদক অচলানন্দজী মহারাজ, কনিষ্ক ফাউণ্ডেশনের চেয়ারম্যান ডা. প্রদীপ পাল, ফাউণ্ডেশনের আগরতলার প্রতিনিধি অজিত কুমার পাল প্রমুখ।

অনাথ আশ্রমের উদ্বোধন করে উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মা বলেন, ভাল কাজের মধ্য দিয়েই মানুষের স্মৃতি সমাজে উজ্জ্বল থাকে। মানুষ অমর হয় মহৎ কাজের মধ্য দিয়ে । আজ কনিষ্ক ফাউণ্ডেশন কর্তৃপক্ষ আগরতলায় যে কাজের সূচনা করলেন তা স্মরণীয় হয়ে থাকবে আমাদের মধ্যে । যে সমস্ত ছেলে-মেয়েদের মা-বাবা নেই এবং অসহায় তারা এখানে বড় হয়ে উঠার সমস্ত রকম সুযোগ পাবে। উপমুখ্যমন্ত্রী বলেন, অনাথ ছেলে-মেয়েদের মা-বাবা না থাকতে পারে কিন্তু সমাজ আছে । এই মানবিক দৃষ্টান্ত রাখলেন কনিষ্ক ফাউণ্ডেশন ।উপমুখ্যমন্ত্রী আরও বলেন, জীবনের মূল্য উদ্দেশ্য হচ্ছে পরিপূর্ণতা লাভ করা । সমাজকে কিছু দিতে পারলেই জীবনে পরিপূর্ণতা আসে ।তিনি বলেন, আমাদের দেশে দীর্ঘ সময় মোঘল এবং ইংরেজরা ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৬ ▫ সংখ্যা ২২ ▫ ৩০ অক্টোবর ২০১৯ ইং ▫ ১২ কার্ত্তিক ▫ বুধবার ▫ ১৪২৬ বঙ্গাব্দ

## অপরাধ তৎপরতায় শংকা

পাহাড় যদি শান্তিময় হয় তাহা হইলে সমতলে শান্তি রক্ষায় আরও বাহিনীকে কাজে লাগানোর সিদ্ধান্তকে স্বাগত জানানো যাইতে পারে। রাজ্যের গ্রাম ও পাহাড়ি এলাকায় উগ্রপন্থী তৎপরতা নাই। এই উগ্রপন্থার ভয়াল দিনে রাজ্য সরকার গ্রাম পাহাড়ের বিভিন্ন উপদ্রুত এলাকায় টি এসআর ও আসাম রাইফেলসের ক্যাম্প বসাইয়াছিলেন। এইসব বাহিনীর জওয়ানরা উগ্রপন্থার বিরুদ্ধে জোর পদক্ষেপ নিয়াছিল। ওইসব উপদ্রুত এলাকায় জনমনে শান্তি ও নিরাপত্তার ক্ষেত্রে এই আধা সেনা বাহিনীর জওয়ানদের উল্লেখযোগ্য ভূমিকা ছিল। আজ যখন রাজ্যে উগ্রপন্থার আতংক নাই তখন গ্রাম পাহাড়ে আধা সেনাদের অলসভাবে বসাইয়া না রাখিয়া সাধারণ আইন শৃঙ্খলার কাজে লাগানোর যুক্তিকে মানিয়া নেওয়া যাইতে পারে। তবে, প্রশ্ন উঠিতে পারে, এক সময়ের উপদ্রুত এলাকায় ক্যাম্প করিয়া রাখা আধা সেনা বাহিনীকে তুলিয়া নিয়া আসিলে উগ্রপন্থার আতংক বা তৎপরতা না বাড়িয়া যায়। যেসব এলাকা হইতে ক্যাম্প প্রত্যাহার করা হইতেছে সেখানে এলাকাবাসীরা আন্দোলনমুখী হইয়াছে আতংকে। তাহারা এতদিন যে ভরসা পাইত তাহাই যেন এখন হারাইবার মতো অবস্থা। সম্প্রতি একটি সরকারী ঘোষণায় রাজ্যের ৬৫টি স্থান হাইতে টিএসআর ক্যাম্প প্রত্যাহারের আদেশ দেওয়া হইয়াছে। রাজ্যের গ্রাম ও পাহাড় এলাকার এই ক্যাম্প গুলি প্রত্যাহার করিলে সতর্ক নজরদারী রাখা না হইলে এইসব এলাকার উগ্রপন্থার সমস্যা বাড়িবার সম্ভাবনা উড়াইয়া দেওয়া যায় না। রাজ্যে উপজাতিদের মধ্যে উত্তেজনা সৃষ্টির চেষ্টা যে তলে তলে চলিতেছে না তাহার কি নিশ্চয়তা, সেই প্রশ্ন উঠিবে।

ইহাও আজ লক্ষণীয় যে, রাজ্যের বিভিন্ন স্থানে চুরি ছিনতাই সমাজদ্রোহী উৎপাত সম্প্রতি বাড়িয়াই চলিতেছে। খোদ রাজধানী আগরতলায় ছিনতাইবাজরা কত বেশী সক্রিয় বিভিন্ন ঘটনায় তাহা স্পষ্ট। সোমবার সাত সকালে রাজধানী আগরতলার জয়নগরে পিস্তল ঠেকাইয়া পর পর দুই মহিলার গলার সোনার চেইন ছিনতাই করে দুই বাইক আরোহী। জয়নগরে প্রাতঃভ্রমণে গিয়া মহিলার সোনার চেইন ছিনতাই করিয়া পালাইবার সময় অপর এক মহিলার মাথায় পিস্তল ঠেকাইয়া সোনার চেইন ছিনতাই করে। এই ঘটনায় শুধু নয়, এর আগেও আগরতলায় সোনার চেইন ছিনতাইয়ের ঘটনা ঘটিলেও পুলিশও স্রেফ দর্শকের ভূমিকাতেই আছে। শুধু শহর আগরতলা নহে রাজ্যের বিভিন্ন স্থানে চুরি ছিনতাই ও সমাজ বিরোধীদের দৌরাত্ম্য বাড়িয়াছে। এই ঘটনায় ইহাই কি স্পষ্ট হইতেছে যে, এক সময় যে সব এলাকা উপদ্রুত থাকার কারণে নিরাপত্তা বাহিনীর ক্যাম্প বসানো হইয়াছিল আজ সেখানে শান্তির আবহ। আর যত সব অশান্তি রাজ্যের সমতল এলাকায়। ৬৫টি টিএসআর ক্যাম্পের জওয়ানদের যদি রাজ্যের সাধারণ আইনশৃঙ্খলার কাজে নিয়োজিত করা হয় তাহা হইলে চুরি ছিনতাই সমাজ বিরোধী উৎপাত হয়ত হ্রাস পাইবে। রাজ্য সরকারের মতলব যদি তাহাই হয় সেখানে নিশ্চয় সরকারের সিদ্ধান্তকে স্বাগত। রাজ্যের বিরোধী দলগুলিও তেমন জঙ্গী আন্দোলনের পথে নামিতে পারিতেছে না। কিন্তু আগামীদিনে বিরোধী রাজনৈতিক দলগুলির আন্দোলন মোকাবেলায় পুলিশ আধা সেনা বাহিনীর উপর নির্ভর করিতেই হইবে হয়ত।

ত্রিপুরা ছোট্ট পার্বতী রাজ্য হইলেও এই রাজ্যের রাজনৈতিক আন্দোলনের দীর্ঘ ইতিহাস রহিয়াছে। বিভিন্ন ইস্যুতেই বিরোধী আন্দোলন এখানে দানা বাঁধিয়া উঠে। এরাজ্যে খাদ্য আন্দোলন, ছাত্র আন্দোলনের দাপট তো ইতিহাস লিপিবদ্ধ আছে। ত্রিপুরা গণআন্দোলনে সব চাইতে বড় ভূমিকা পালন করিয়াছে বামেরা। বামেদের দীর্ঘ লড়াইয়ের পর ক্ষমতায় বসিতে পারে কংগ্রেস দ্বিধাবিভক্ত হইবার কারণে। ১৯৮৮ সালে বাম সরকার ক্ষমতাচ্যুত হইয়াছে স্রেফ সংকীর্ণ রাজনীতি হিংসার আগুন জ্বালাইবার কারণে। এরাজ্যে বাম আমলে রাজনৈতিক খুনের খতিয়ান তো দীর্ঘ। রাজ্যে হিংসার রাজনীতির উদগাতা এই কম্যনিষ্টরাই। রক্তের উপর দাঁড়াইয়া কাহারা রাজনীতি করিয়াছে ত্রিপুরার মানুষ তাহা ভাল করিয়াই জানে। বিরোধী দল শূন্য রাজনীতির কায়েমের লক্ষ্যে সিপিএম এরাজ্যে এক সময় রক্তগঙ্গা বহাইয়াছিল। রাজ্যের নতুন সরকার বুঝিয়াছে যে, আগামী দিনে বিরোধী আন্দোলন মোকাবেলা করিয়া সাধারণ আইন শৃঙ্খলা রক্ষা করিতে হইলে আরও বেশী নিরাপত্তা জওয়ান প্রয়োজন। ক্যাম্প বন্ধ করিয়া দিবার পর এই জওয়ানদেরও সাধারণ আইনশৃঙ্খলার কাজে লাগানোর উদ্যোগের পিছনে বড় মাথা কাজ করিয়াছে সে বিষয়ে সন্দেহ নাই। ইহাও সন্দেহ নাই যে, রাজ্যের আইনশৃঙ্খলা দিনে দিনেই প্রশ্নের মুখে দাঁড়াইয়া যাইতেছে। সাত সকালে পর পর দুই মহিলার সোনার চেইন ছিনতাই হইবার ঘটনাকে তো খাটো করিয়া দেখিবার সুযোগ নাই। একথা স্বীকার করিতেই হইবে রাজ্যে রাজনৈতিক বড় ধরনের সংঘর্ষের ঘটনা নাই। কোনও কোনও ক্ষেত্রে বিরোধী দলের কর্মীকে খুনের অভিযোগ আছে। কিন্তু জোর রাজনৈতিক সংঘর্ষ, মারামারি কাটাকাটির অবস্থা নাই। পাহাড় বা গ্রাম হইতে বিভিন্ন টিএসআর ক্যাম্প প্রত্যাহারের ঘটনায় প্রতিক্রিয়া কি হইতে পারে তাহাই আজ দেখিবার বিষয়। রাজ্যের সাধারণ মানুষ শান্তি ও সুস্থিতির পক্ষে। রাজনীতির প্রয়োজনেই অশান্তির আগুন জ্বলিয়া উঠিবে একথা বলা মুশকিল। তবে, আইনশৃঙ্খলা ভাঙ্গিয়া পড়িলে রাজ্যের মানুষের কপাল পুড়িবে। শান্তি সুস্থিতির লক্ষ্যেই এ রাজ্যের মানুষ লড়াই করিতেছে। একথা ভুলিলে চলিবে না।

## গোয়ালপাড়ায় নাতনিকে স্পর্শ না করে দাদুকে আছড়ে মেরেছে বুনো হাতি

গোয়ালপাড়া (অসম), ২৯ অক্টোবর (হি.স.) : নাতনিকে কোলে নিয়ে প্রাতঃভ্রমণে বেরিয়েছিলেন দাদু টিকেনচন্দ্র নাথ। কিন্তু তাঁর অজ্ঞাতে পিছন থেকে একটি বুনো হাতি এসে শুঁড় দিয়ে ধাক্কা দিয়ে ফেলে দেয় টিকেনচন্দ্রকে। কোল থেকে ছিটকে পড়ে যায় মাত্র পনেরো মাসের নাতনি। কিন্তু নাতনিকে স্পর্শ না করে দাদুকে পদপিষ্ট করে মেরে ফেলে যায় হাতিটি।ঘটনা মঙ্গলবার ভোরের দিয়ে গোয়ালপাড়া জেলার মাটিয়া এলাকার মোনাকচা বকৈটারি গ্রামে সংঘটিত হয়েছে। গ্রামের মানুষের কাছে জানা গেছে, ১৫ মাসের নাতনিকে কোলে নিয়ে গত কয়েকদিন এভাবেই প্রাতঃভ্রমণে বেরোতেন টিকেনচন্দ্র নাথ। কিন্তু দুর্ভাগ্যবশত আজ হাতির হামলায় মর্মান্তিক মৃত্যু হয়েছে তাঁর। ঘটনাটি দূর থেকে দেখে স্থানীয় কতিপয় ব্যক্তি দেখে হইচই করলে হাতিটি আশ্চর্যজনকভাবে নাতনির কোনও ক্ষতি না করে ঘচনাস্থল থেকে ধীরগতিতে কেটে পড়ে। খবর পেয়ে স্থানীয় ফাঁড়ি থেকে দলবল নিয়ে ছুটে যায় পুলিশের দল। তাঁরা টিকেনচন্দ্র নাথের মৃতদেহ উদ্ধার করে গোয়ালপাড়া সিভিল হাসপাতালে নিয়ে আসেন। এখানে ডাক্তাররা তাঁকে নিহত বলে ঘোষণা করে ময়না তদন্তের জন্য মর্গে রেখেছেন।এখানে উল্লেখ করা যেতে পারে, বৃহত্তর মাটিয়া অঞ্চলে প্রায়ই বুনো হাতির উপদ্রব সংগঠিত হয়। গত তিনবছরে মটিয়ায় বুনো হাতির হামলায় ছয়জনের অকালমৃত্যু হয়েছে বলে স্থানীয়দের কাছে জানা গেছে।

## লুচি, সাদা আলুর তরকারিতে ভাইফেঁটা সারলেন পার্থ

কলকাতা,২৯ অক্টোবর (হি.স.):রাজনীতিবিদ হোক বা মন্ত্রী ভাইফেঁটা থেকে বাদ কেউই ঊ আর তাই আজ মঙ্গলবার ভাইফেঁটার শুভদিনে বোনেদের থেকে ফেঁটা নিলেন শিক্ষামন্ত্রী পার্থ চট্টপাধ্যায় ঊ লুচি, সাদা আলুর তরকারি. মিষ্টিতে ভাইফেঁটা সারলেন পার্থ চট্টপাধ্যায় ঊ ভাইফেঁটার শুভলগ্নে ভাইফেঁটা দিতে মেতে উঠেছে শহরবাসীঊআর তাই ভাইফেঁটায় সামিল রাজনীতিবিদরাও ঊ শিক্ষামন্ত্রী পার্থ চট্টপাধ্যায়ের ব্যস্ততা থাকলেও ভাইফেঁটার দিন বোনের হাত থেকে ফেঁটা নিতে ছাড়েনা না তিনি ঊ আর তাই প্রতিবছরের মত এই বছরেও বোনেদের সাথে ভাইফেঁটায় সামিল শিক্ষামন্ত্রী ।

# রাতের আকাশের সব তারা 'তারা' নয়

জনরঞ্জন গোস্বামী

নীল নৈশ নভোমণ্ডলে অসংখ্য বিন্দু জ্বলছে। ওরা তারা, যেখানে দীপ্ত শিখার অগ্নি জ্বলে। সীমাহীন আকাশের অনিঃশেষ ঐশ্বর্য ছড়িয়ে রয়েছে তারায় তারায়। তবে নক্ষত্রের রূপোলি আগুন ভরা রাতের আকাশের সব তারা 'তারা' নয়। আকাশে আপনি দেখতে পাবেন ধ্রুবতারার মতো উজ্জ্বল নিবন্দুর সারি। এগুলি কিন্তু কোনও জ্যোতির্বিদ্যা বিষয়ক নতুন বস্তু নয়। এগুলি একগুচ্ছ মানুষের তৈরি উপগ্রহ, যা মহাকাশে স্থাপন করেছে স্টারলিঙ্ক নামে কোম্পানি। এরা উপগ্রহের মাধ্যমে দুনিয়াজোড়া ইন্টারনেট যোগাযোগ তৈরি করছে। গত ২৪ মে আমেরিকায় রকেট নিয়ে ব্যবসা করে এমন কোম্পানি, স্পেস এক্স, স্টারলিংকের উপগ্রহগুলি মহাকাশে নিক্ষেপ করেছে।

পৃথিবীপৃষ্ঠ থেকে খোলা চোখে উপগ্রহ দেখাটা নতুন বিষয় নয়। কিন্তু এক্ষেত্রে উপগ্রহগুলিকে এত উজ্জ্বল যে তা জ্যোতির্বিজ্ঞানীদের বিস্মিত ও বেদনাহত করেছে। অনেকে আতঙ্কিত হয়েছেন ও ভবিষ্যতের জন্য সাবধানিবাণী উচ্চারণ করেছেন। তার কারণ এসব উপগ্রহের সাফল্য রাতের আকাশকে চিরতরে পাল্টে দিতে পারে। স্টারলিঙ্কের ৬০ সদস্য ইতিমধ্যেই লক্ষণীয় আলো দূষণ (লাইট পলিউশন) ঘটিয়েছে। জ্যোতির্বিজ্ঞানীরা আতঙ্কিত, স্টারলিঙ্কের পরিকল্পিত ১২ হাজার উপগ্রহ স্থাপন আকাশের অবস্থাটা কি দাঁড়াবে।

রাতের আকাশ পর্যপেক্ষণ করে যারা প্রশান্তি অনুভব করেন, তাঁরা দুঃখিত, কারণ ইতিমধ্যেই পৃথিবী-পৃষ্ঠের আলোর জন্য রাতের অকাশের সৌন্দর্য অনেকটা নষ্ট হয়ে



গেছে। এবার আকাশে মানুষের তৈরি নানা বস্তু ভিড় করে এই সৌন্দর্য আরও নষ্ট করবে। আবার যারা আকাশে নানা অনুসন্ধান চালান, সেসব জ্যোতির্বিদদের কাজেও আসবে নানা বাধা।

প্রাথমিক বিশ্লেষণ জানা যাচ্ছে, চিলিতে প্রতিষ্ঠিত যা সারা আকাশের ছবি তুলতে পারবে, সেইশব ছবিতে এইসব উপগ্রহের চিহ্নও থাকবে। এইসব ছবি সম্পাদনা করে উপগ্রহের চিহ্নগুলো বাদ দেওয়া সম্ভব, কিন্তু এ কাজ করতে গিয়ে অনেক মূল্যবান তথ্য নষ্ট হয়ে যেতে পারে। গাগনিক বস্তুদের আচরণে পরিবর্তন সম্পর্কিত কিছু পরীক্ষা পর্যবেক্ষেণের ক্ষেত্রে বিপুল সংখ্যক উপগ্রহ সমস্যা তৈরি করবে, যা সমাধান করা যাবে না। অপটিক্যাল অ্যাসট্রোনমাররা যে দুশ্চিন্তায় আছেন, তার যথেষ্ট কারণ আছে। রেডিও অ্যাসট্রোনমারদের দুঃশ্চিন্তার কারণ আরও বেশি উপগ্রহগুলি যখন পুরোপুরি কাজ করবে তখন পৃথিবীতে তাদের পাঠানো সিগনালগুলি দূর মহাকাশ থেকে আসা সিগনাল থেকে শক্তিশালী হবে। কি কম্পাঙ্কে উপগ্রহগুলি ব্রডকাস্ট করছে, তা জেনে এর কিছুটা হয়তো ঠিকঠাক করা সম্ভব হবে, কিন্তু কার্যক্ষেত্রে উপগ্রহগুলি ব্রডকাস্ট করার সময় ঘোষিত কম্পাঙ্কের মধ্যে সীমাবদ্ধ থাকবে কিনা, তা বলা শক্ত।

ইতিমধ্যে, জ্যোতির্বিদদের এসব দুশ্চিন্তার কোনও কারণ নেই বলে স্পেস-এক্স-এর এক কর্তা টুইট করেছেন। কারণ পৃথিবীর কক্ষপথে এখন ৪৯০০ উপগ্রহ আছে, যা পৃথিবীর মানুষ প্রায় দেখতে পায় না বললেই চলে। স্টার লিঙ্কের উপগ্রহগুলি খুব মনযোগ দিয়ে না দেখলে কারও নজরে পড়বে না। বোঝাপড়ার সুরে বলতে গিয়ে বলা হচ্ছে স্টারলিঙ্ক রেডিও, অ্যাস্ট্রেনমি সম্পর্কিত কম্পাঙ্কগুলি এড়িয়ে যাবে। কোম্পানিটির বক্তব্য উপগ্রহগুলি প্রাথমিক পর্যায়ে উজ্জ্বল দেখালেও পরে এদের উজ্জ্বলতা কমে যাবে। তা ছাড়া, এসব উপগ্রহ থেকে যে উপকার পাওয়া যাবে, বিশেষত, দরিদ্র দেশের লোকেদের বেলায় তার তুলনায় দুশ্চিন্তাগুলি কিছু না। আমরা দেখব এদের কোনও প্রভাব জ্যোতির্বিদ্যায় গবেষণায় আবিষ্কার না বাধা হয়ে দাঁড়ায়। বিজ্ঞান নিয়ে আমাদেরও ভাবনাচিন্তা আছে।

ইউরোপিয়ান স্পেস এজেন্সির এক বিজ্ঞানী বলেছেন, বিষয়টি নিয়ে কখনও খোলাখুলি আলোচনা হয়নি। রাতের আকাশ সমগ্র মানবজাতির এখন যা কিছু মানুষের মুনাফার জন্য বিপন্ন হয়ে উঠেছে। উপগ্রহ নিয়ে ব্যবসায় সুবিধের চেয়ে মানবজাতির অসুবিধে বেশি হবে কিনা

এই বিতর্ক হওয়ার আগেই ব্যবসাটি শুরু হয়ে গেল। সম্প্রতি জ্যোদির্বিদরা ব্যবসায়িক উপগ্রহগুলির প্রভাব বুঝতে আরও গভীরভাবে চেষ্টা করছেন। কিন্তু তারা স্পেস-এক্স-এর মতো কোম্পানির বিরুদ্ধে কিছু করতে পারবেন? বর্তমানে ৪৮৫৭ টি উপগ্রহ কক্ষপথে ঘুরছে, যে সংখ্যাটা আগের বছরের তুলনায় ৪.৭৯ শতাংশ বেশি। রাতের আকাশে উপগ্রহ সম্পর্কিত কোনও আন্তর্জাতিক আইন নেই। সময় হয়েছে সচেতন হওয়ার কীভাবে স্বর্গীয় আকাশ মানুষ ব্যবহার করবে তা নিয়ে ভাবনা-চিন্তা ও প্রয়োজনীয় আইন কানুন তৈরি করায়।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

# মহারাষ্ট্রে ও হরিয়ানার ভোটে কংগ্রেস পেল অক্সিজেন, বিজেপিকে দিল চেতাবনি

অপূর্ব দাস

চরিত্রগত দিক থেকে লোকসভা ও বিধানসভা নির্বাচনের গুরুত্ব ভিন্ন হলেও মহারাষ্ট্র ও হরিয়ানা বিধানসভার ভোটকেন্দ্রের বিজেপি সরকারের একচেটিয়া আধিপত্য বিস্তার ও অন্যদিকে বিরোধী পক্ষের অস্তিত্ব রক্ষার লড়াইয়ে এসে দাঁড়ায়। দুই রাজ্যের মানুষের রায়ে দেখা গেল, শাসন ক্ষমতায় বিশেষ হেরফের হয়নি কিন্তু রাজনৈতিক শক্তিবিন্যাসের ক্ষেত্রে পরিবর্তন হয়েছে কিঞ্চিৎ। সবাই জানেন, হরিয়ানা মানুষ স্পষ্ট রায় দেয়নি, ত্রিশঙ্কু বিধানসভায় কংগ্রেসের সরকার গড়ার খোয়ার দেখেছিল শুরুতে কিন্তু কৌশলী চালে ভেস্তে দিয়েছে বিজেপি। ভোটের বাজারে কিংমেকার জেজেপি'র দুষ্যন্ত চৌটালাকে টেনে নিয়ে আসনের খামতির পূরণ করে নিয়েছেন দলের ম্যাজিসিয়ান সভাপতি অমিত শাহ। যো জিতা ওহি সিকন্দার। রাজ্যের তখতে ফের বসলেন মনোহরলাল খাট্টার। হরিয়ানার তুলনায় মহারাষ্ট্র বিজেপি শিবসেনা জোটের আসন সংখ্যা ২০১৪-র থেকে কমে গেলেও ১৬১ আসন পেয়ে লক্ষ্যপূণের গেম সহজ গেয়ে গেছে ঠিকই কিন্তু ক্ষমতার ভাগ্য আধাআধি চাই বলে উদ্ধার ঠাকরে বড়ভাইয়ের কাছ দাবি করেছেন। মুম্বাইয়ের আকাশে শরিকি দ্বন্দ্বের মেঘ ঘনিয়ে উঠেছে। এখন দেখার আরব সাগরে ওঠা ঢেউ থিতিয়ে যাবে নাকি কূল ভাসাবে। কংগ্রেস ও এনসিপি জোটের কেউ কেউ শিবসেনাকে উসকে দিতে চেয়েছে কিন্তু দেওয়াল লিখন বলছে দর কষাকষি করে শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরে ছেলে আদিত্যর জন্য উপমুখ্যমন্ত্রীর কুর্সি বাগিয়ে নিতে সক্ষম হবেন। আর হবেনই বা কেন হরিয়ানায় যদি আসরে নেমে জাঠ দুষ্যন্ত বাজিমাত করতে পারেন তাহলে মারাঠা আদিত্য পারবেন না কেন? নিট ফল বিজেপির হাতেই থাকছে রাজ্যের ভার। দ্বিতীয় দফায় বিপুল জনাদেশ নিয়ে মোদি ক্ষমতায় বসে কাশ্মীরসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন। জনপ্রিয়তা যাচাই করার মাপকাঠি হিসাবে ধরা হয়েছিল এই ভোট। ভোটাররা বিজেপিকে বিমুখ না করলেও বলা যায় গুমরে থাকা উষ্মা প্রকাশ করতে চেয়েছে। সমৃদ্ধ দুই রাজ্যের মানুষ শাসন ক্ষমতায় থাকা বিজেপিকে বলতে চেয়েছে মানুষের কথা ভেবে কাজ করো নইলে পরে পস্তাতে হবে। তবে এই সুযোগে একটি জিনিস স্পষ্ট হয়েছে, ধুঁকতে থাকা কংগ্রেস সহ বিরোধী পক্ষ নতুন করে বাঁচার উদ্যাম খুঁজে পেয়েছে। মে মাসের লোকসভা নির্বাচনে কংগ্রেস সহ বিরোধী দলগুলোর পায়ের তলার জমি হারিয়ে যায়। এবার অন্তত মাঠে নামার আগ্রহ ফিরে পাবে সবাই। কথায় বলে পুরনো চাল ভাতে বাড়ে। লোকসভা নির্বাচনে বিপর্যয় থেকে কংগ্রেস যেন কিছুতেই বেরিয়ে আসতে পারছিল না। এই জন্যই বলাবলি হচ্ছে বুড়োবুড়ির জব্বর চালে মোদি অমিতের জারিজুরি প্রতিহত হয়েছে।

কেন হল এমন? এটা ঠিকই লোকসভা ও বিধানসভার ভোটের মধ্যে ফারাক থাকে। জাতীয় ইস্যু বিধানসভা নির্বাচনে গাদ কাটে না তেমন। বরং স্থানীয় ইস্যু বেশি গুরুত্ব পায় রাজ্যের ভোটে। এটা বোধ হয় বিজেপি অনুধাপন করতে পারেনি। মোদিকে এক ডজনের বেশি ও শাহকে দিয়ে দু'ডজন সভা করিয়ে জাতীয় ইস্যুগুলি উসকে দিয়ে ভোটারদের মন ছুঁতে চেয়েছেন যেনতেনভাবে। তাঁরা মনে করেছিলেন বেকারি, আর্থিক মন্দা গাদ ফেলতে পারবে না। স্থানীয় নেতাদের থেকেও জাতীয় পর্যায়ের নেতাদের বেশি করে ব্যবহার করা হয়েছে প্রচারে। কোন ঝুঁকি নেয়নি দল। যদিও লোকসভা ভোটে বিরোধী শিবির কার্যত ছত্রভঙ্গ হয়ে গিয়েছিল। সংসদে বাজেট অধিবেশনেও সেই ছবি ধরা পড়েছে বিভিন্ন বিল পাশের সময়। এমনকি রাজ্যসভাতেও বিরোধী শক্তি এককাট্টা হতে পারেনি। তা সত্ত্বেও সরকার পক্ষ এতটুকু ফাঁকফোকর রাখেনি। পাকিস্তানে জঙ্গি ঘাঁটি ধ্বংস, কাশ্মীরে ৩৭০ ধারা বিলোপ, তিন তালাক, এনআরসি জাতীয়তাবাদ ও দেশভক্তির মতো ইস্যুগুলো সামনে এনে

> কাশ্মীর থেকে ৩৭০ ধারা প্রত্যাহার, এনআরসি ও অযোধ্যা তাস খেলেও বিজেপি কোনওক্রমে দুই রাজ্যে ক্ষমতা ধরে রাখতে পারল এ যাত্রায়। মোদি ও অমিত শাহের কাছে এটা এক ধরনের সতর্কীকরণ বার্তা। মানুষ শুধু বুলি শুনতে নয়, সবকা বিকাশ চায়। স্রেফ স্লোগান সর্বস্ব নয়, কাজে প্রমাণ দিতে হবে। ফাঁকা কথায় চিঁড়া ভিজবে না আর। সামনে পরপর তিনটি রাজ্যে বিধানসভার নির্বাচন।

আসর গরম করার চেষ্টা করছে শাসক দল। বিরোধীরা কর্মসংস্থান, আর্থিক মন্দা, রাষ্ট্রায়ও সংস্থার বেসরকারিকরণ ও মূল্যবৃদ্ধির মতো ইস্যুগুলো তুলে ধরে বিজেপিকে আক্রমণ করেছে। ভোটের ফলাফল বুঝিয়ে দিয়েছে জনগণ চায়, সরকার নাগরিক সমস্যা সমাধানে বেশি করে ধ্যান দিক। রাজ্যস্তরে মানুষ ভোট দেওয়ার সময় নিজেদের আশাপাশের দিকে তাকিয়েই সমস্যার সমাধানের লক্ষ্যে ভোটটা দেয়। নাহলে হরিয়ানায় প্রায় একটা ভুঁইফোঁড় দল জেজেপি এক মানুষের সমর্থন পায় কি করে? কারণ তাঁরা লড়েছেন স্থানীয় ইস্যু নিয়ে। এই দলের শীর্ষনেতা দুষ্যন্ত চৌতালা বিদেশ থেকে এমবিএ ডিগ্রি নিয়ে চাকরিতে স্থানীয় যুবকদের সংরক্ষণের ইস্যু তুলে ভোটারদের মন জয় করেছেন বলে মনে করা হচ্ছে। কংগ্রেসের জমি খুঁজে পাওয়ার জন্য অবশ্যই কৃতিত্ব দাবি করতে পারেন প্রবীণ নেতারা। রাহুল দলের শীর্ষ নেতৃত্বে নবীনদের জায়গা করে দেওয়ার পক্ষে বরাবর সওয়াল করেছেন। এমনকি লোকসভা ভোটে পর্যুদস্ত হয়ে প্রবীণদের বিরুদ্ধে তোপও দাগেন। সোনিয়া অন্তর্বর্তী সভানেত্রীর দায়িত্ব নিয়ে পুরনো মুখ আহমেদ প্যাটলে, গুলাম নবী আজাদ, মতিলাল ভোরা এ কে অ্যান্টনি, কে সি বেনুগোপালদের মতো নেতাদের ওপর ভরসা রাখেন। দিল্লি থেকে খবরদারি না করে হরিয়ানায় দলের অন্তর্কলহ ধামাচাপা দিতে রাহুলের পছন্দের তরুণ নেতা অশোক তানোয়ারকে সরিয়ে ভূপেন্দ্র সিং হুড্ডাকে ভোটের দায়িত্ব দেন। অশোকের জায়গায় সভাপতি করেন শৈলজা কুমারীকে। ৯০ আসনের বিধানসভায় কংগ্রেস দস্তুরমতো বিজেপির সঙ্গে পাল্লা দিয়ে টক্কর দিয়েছে। লোকাসভা বোটে বিজেপি একাই ১০টা আসন পায়। বিধানসভায় ৭৯ কেন্দ্রে এগিয়ে থাকায় বিজেপির স্লোগান ছিল 'অব কি বার, ৭৫ পার'। সেখানে ৪০ পৌঁছাতে কালঘাম ছুটে গেছে। গণনার একমসয় তো মনে হচ্ছিল কংগ্রেসই সরকার গড়বে রাজ্যে। সেই খুসি দিল্লির ১০ নম্বর আকবর রোডে দলের সদর কার্যালয়েও ছড়িয়ে পড়ে। শেষমেশ ৩১টি আসায় পাওয়ার পর হুড্ডার আক্ষেপ আর কয়েকটা দিন আগে পেলে আরও ভাল ফল হত। বুড়ো মানেই বাতিলের দলে নয়। প্রবীণদের অভিজ্ঞতা ও পরামর্শের মূল্য রয়েছে। তাঁর প্রমাণ মিলেছে বিগত তিন চার রাজ্যের নির্বাচন। পাঞ্জাবে অমরিন্দর সিং, মধ্যপ্রদেশে কমলনাথ, রাজস্থানে অশোক গেহলৌত ও ছত্তিশগড়ে ভূপেশ বাঘেলের নেতৃত্বে কংগ্রেসের ক্ষমতা দখলে প্রবীণদেরই সাফল্য ধরা পড়েছে। এমনকি সোনিয়াকে ঘিরে রয়েছেন একঝাঁক পোড়খাওয়া নেতা। তাঁদেরকে হাত নেড়ে সরিয়ে দেওয়া রাহুলের কম্মো নয়। এই নির্বাচনের পর তো আর কঠিন হবে নবীনদের এগিয়ে আসা। রাহুলও বোধহয় বুঝতে পারছেন। তাই ফল ঘোষণার দিন সুখবর পেয়ে দলের সদর দফতরে ছুটে আসেন। অনেকদিন পর নেতাদের মুখে হাসি ফুটেছে। ঝিমুনি কেটেছে। প্রদেশ কংগ্রেস নেতা সোমেন মিত্র পর্যন্ত গলা ফুলিয়ে বলতে পেরেছেন, কংগ্রেসকে মুছে দেওয়ার মতো হিম্মত নেই কারোর পাথরকুঁচি পাতার মতো যেখানে ফেলবে সেখানেই ছড়িয়ে পড়বে। আমার কাছে মনে হয়েছে, কংগ্রেস যে আসন পেয়েছে তার জন্য প্রাচীন এই দলের কাজের পুরষ্কার নয়। বিজেপি বিরোধী নেতিবাচক ভোট। তাঁরা আশাই করেনি ঘুরে দাঁড়াতে পারবে। সেরকমভাবে প্রার্থী রাহুই ও প্রচার কোনওটাতেই জোর দেয়নি। রাহুল শেষ লগ্নে চার ছ'টা সভা করেছেন। সোনিয়া বা প্রিয়াঙ্কা প্রচারে যাননি। কংগ্রেস হাল ছেড়েই বসেছিল। অনেকেই ভেবেছিল কংগ্রেস ওয়াকওভার দিয়েছে বিজেপিকে কিন্তু গণতন্ত্রের মজাটাই এখানে।

যখন দেশজুড়ে একটা ধারণা তৈরি হচ্ছিল যে একচেটিয়া শাসনব্যবস্থার দিকে কি মানুষ ঝুঁকছে? ধর্ম ও জাতীয়তাবাদের সুড়সুড়ি দিয়ে কতদিন মানুষকে কাছে ধরে রাখা সম্ভব? প্রায় ৭০ বছর ধরে গণতন্ত্রে চর্চা যে পরিণতমনস্ক হয়েছে তার প্রমাণ মিলল। কাশ্মীর থেকে ৩৭০ ধারা প্রত্যাহার এনআরসি ও অযোধ্যা তাস খেলেও বিজেপি কোনওক্রমে দুই রাজ্যে ক্ষমতা ধরে রাখতে পারল এ যাত্রায়। মোদি ও অমিত শাহের কাছে এটা এক ধরনের সতর্কীকরণ বার্তা। মানুষ শুধু বুলি শুনতে নয়, সবকা বিকাশ চায়। স্রেফ স্লোগান সর্বস্ব নয়, কাজে প্রমাণ দিতে হবে। ফাঁকা কথায় চিঁড়া ভিজবে না আর। সামনে পরপর তিনটি রাজ্যে বিধানসভার নির্বাচন। প্রথমে ঝাড়খণ্ড, তারপর দিল্লিতে নতুন বছরের গোড়ায় এবং বিহারে এক বছর বাদে। মোদি অমিত জুটি যদি মনে করে থাকেন অযোধ্যা ইস্যুকে ভর করে বৈতরণী পার হয়ে যাবেন তাহলে বলতে হবে দিবাস্বপ্ন দেখছেন। তাঁরা। খেয়ে পরে সুস্থভাবে বেঁচে থাকার জন্য সরকারকে পাশে চায় সবাই। যতই ক্ষমতাধর সরকার হোক না কেন, তার থেকেও অমিত শক্তিশালী জনগণেশ। পছন্দ না হলে পাল্টে ফেলতে বেশি সময় নেয় না। এ কারণেই গণতন্ত্রের এত মহিমা। দুই রাজ্যের শাসন ক্ষমতায় মানুষ এ মুহূর্তে কোনও পরিবর্তন চায়নি, তাই হয়নি কিন্তু প্রমাণ করেছে, গণতন্ত্রে ভিত অটুট রয়েছে দেশে। আবার এই জনাদেশ একদিকে যেমন নিঃসন্দেহে কংগ্রেস সহ বিরোধী শিবিরকে অক্সিজেন জুগিয়েছে, তেমনি বিজেপির কাছে চেতাবনি সমান।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

# এক নজরে বাংলাদেশ

মনির হোসেন, ঢাকা,

## ন্যাম সম্মেলনে অংশগ্রহণ আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের অবস্থানকে জোরদার করেছে : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ২৯।। সামগ্রিক উন্নয়ন ও এসডিজি বাস্তবায়নে বিশ্বের এক তৃতীয়াংশ জনগণের বহুপাকি ফোরাম ন্যামে'র ভূমিকা অনস্বীকার্য উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, এতে অংশগ্রহণ আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের অবস্থানকে জোরদার করেছে।তিনি বলেন,জাতিসংঘ সাধারণ অধিবেশনের অব্যবহিত পরেই দ্বিতীয় বৃহত্তম এই বহুপাকি ফোরামে বাংলাদেশ প্রতিনিধিদলের অংশগ্রহণ আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের অবস্থানকে জোরদার করেছে বলে আমি মনে করি।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার বিকেলে তাঁর সরকারি বাসভবন গণভবনে ন্যাম সম্মেলন পরবর্তী সংবাদ সম্মেলনে লিখিত বক্তৃতায় এ কথা বলেন।প্রধানমন্ত্রী বলেন,ন্যাম-এর ১৮তম শীর্ষ সম্মেলনে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রা, বিশ্বব্যাপী শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের অবদান, পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণে আমাদের অঙ্গীকার, ফিলিস্তিনি জনগণসহ বিশ্বব্যাপী শোষিত মানুষের পে বাংলাদেশের অবস্থান তুলে ধরা সম্ভব হয়েছে।এছাড়া জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব, রোহিঙ্গা সমস্যাসহ বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় ন্যামের সদস্য রাষ্ট্রসমূহের একযোগে কাজ করার বিষয়গুলো বিশ্ববাসীকে অবহিত করা সম্ভব হয়েছে। বিশেষ করে, রোহিঙ্গা সমস্যা সমাধানে জাতিসংঘের পাশাপাশি ন্যাম-এর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, যোগ করেন তিনি।

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম এ সময় মঞ্চে উপস্থিত ছিলেন।মন্ত্রিপরিষদ সদস্যবৃন্দ, প্রধানমন্ত্রীর উপদেষ্টাবৃন্দ, সংসদ সদস্যবৃন্দ, আওয়ামী লীগ এবং ১৪ দলীয় জোটের জ্যেষ্ঠ নেতৃবৃন্দ, বিভিন্ন সংবাদ পত্র, সংবাদ সংস্থাসহ গণমাধ্যমের সম্পাদক এবং সিনিয়র সাংবাদিকবৃন্দ সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।

গত ২৫ ও ২৬-এ অক্টোবর আজারবাইজানের রাজধানী বাকুতে অনুষ্ঠিত '১৮তম ন্যাম শীর্ষ সম্মেলনে' শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে। পররাষ্ট্র মন্ত্রী, সংস্কৃতি প্রতিমন্ত্রীসহ সরকারের উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ তাঁর সফরসঙ্গী ছিলেন। প্রধানমন্ত্রী বলেন, ১৯৭৩ সালে ন্যামে'র সদস্যপদ লাভের পর সে বছরই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল আলজিয়ার্সে অনুষ্ঠিত ন্যাম-এর ৪র্থ শীর্ষ সম্মেলনে যোগদান করে।জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রদত্ত নিরপেতার নীতির অনুসারী হিসেবে বাংলাদেশ নিয়মিতভাবে ন্যাম-এ সক্রিয় ভূমিকা পালন করে আসছে এবং এরই ধারাবাহিকতায় তিনি ১৮তম সম্মেলনে অংশগ্রহণ করেন, বলেন প্রধানমন্ত্রী।ন্যাম-এর সাধারণ বিতর্ক পর্বে প্রধানমন্ত্রী ন্যামে'র মুলনীতির সঙ্গে বাংলাদেশের পররাষ্ট্র নীতির সামঞ্জস্যের বিষয়টি উল্লেখ করেন।

এ সময় তিনি শোষিত মানুষের পে বাংলাদেশের অবস্থানের বিষয়ে ১৯৭৩ সালে ন্যাম-এর ৪র্থ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ থেকে উদ্ধৃতি তুলে ধরেন এবং সে ধারাবাহিকতায় বাংলাদেশের অবস্থান তুলে ধরে ন্যামে'র মূলনীতিকে সাধারণ মানুষের আশা-আকাক্সার প্রতীক হিসেবে আখ্যায়িত করেন।তিনি বিশ্বব্যাপী শান্তি ও নিরাপত্তা নিশ্চিতকরণ ও সংঘর্ষ পরিহারে সাংস্কৃতিক মূল্যবোধকে প্রাধান্য প্রদানের বিষয়টির উপরও জোর দেন। এছাড়া, একটি শান্তিপূর্ণ, স্থিতিশীল ও সম্প্রীতিময় বিশ্ব নির্মাণে একবিংশ শতাব্দীর মূল্যবোধের আলোকে সকলের একযোগে কাজ করার বিষয়ে গুরুত্বারোপ করেন। পাশাপাশি, বিভিন্ন দেশে চলমান সংঘাত নিরসন, এসডিজি বাস্তবায়ন, পরমাণু অস্ত্র নিরস্ত্রিকরণ, ফিলিস্তিনি জনগণের মুক্তির বিষয়সমূহ তাঁর বক্তব্যে উঠে আসে।

শেখ হাসিনা বলেন,সমসাময়িক বিভিন্ন আন্তর্জাতিক বিষয়ের পাশাপাশি আমি বাংলাদেশের অভূতপূর্ব অর্থনৈতিক সাফল্যসহ দারিদ্র্য দূরীকরণ, চিকিৎসা সেবা, নারী উন্নয়ন, লিঙ্গ সমতা নিশ্চিতকরণে বাংলাদেশের অর্জনসমূহ সকলের সামনে তুলে ধরি। বিশেষ করে বাংলাদেশে বিদ্যমান সাম্প্রদায়িক সম্প্রীতির বিষয়টি উল্লেখপূর্বক আমি সন্ত্রাসবাদ, উগ্রপন্থা, মাদক-পাচার এবং দুর্নীতির বিরুদ্ধে আমাদের সরকারের দৃঢ় অবস্থান তুলে করি। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা এবং রোহিঙ্গা সমস্যাকে বাংলাদেশের জন্য প্রধান দুটি চ্যালেঞ্জ উল্লেখ করে এই চ্যালেঞ্জ মোকাবেলায় আন্তর্জাতিক সম্প্রদায়কে এগিয়ে আসার আহ্বান জানান প্রধানমন্ত্রী। রোহিঙ্গাদের শান্তি, নিরাপত্তা ও সম্মানের সঙ্গে নিজ দেশে ফিরে যাওয়াই যে রোহিঙ্গা সমস্যার একমাত্র সমাধান তা তিনি ন্যাম রাষ্ট্রসমূহের প্রতিনিধিদের সামনেও তুলে ধরেন।প্রধানমন্ত্রী মূল সম্মেলনের সাইডলাইনে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী, ইরানের প্রেসিডেন্ট, আলজেরিয়ার প্রেসিডেন্ট ও নেপালের প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপাকি বৈঠক করেন এবং ফিলিস্তিনের পররাষ্ট্র মন্ত্রী তাঁর সঙ্গে সৌজন্য স্বাাৎ করেন।ন্যাম-এ প্রদত্ত ভাষণে ফিলিস্তিনি জনগণের মুক্তির বিষয়টি উল্লেখ করা এবং জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে ফিলিস্তিনি জনগণের প্রতি বাংলাদেশের অব্যাহত সমর্থনের জন্য ফিলিস্তিনের পররাষ্ট্র মন্ত্রী শেখ হাসিনার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এসময় ফিলিস্তিনের হেবরনে অবস্থিত একটি সড়কের নাম বঙ্গবন্ধুর নামে নামকরণ করা হবে বলেও ফিলিস্তিনের পররাষ্ট্র মন্ত্রী ঘোষণা দেন।এছাড়া, আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভের সঙ্গে আজারবাইজানের প্রেসিডেন্ট প্যালেসে তাঁর দ্বিপাকি বৈঠক হয়। এসময় বাংলাদেশ ও আজারবাইজানের মধ্যে সাংস্কৃতিক সহযোগিতা বিষয়ে একটি চুক্তি স্বারিত হয় বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী সফরকালে বাকুতে অবস্থিত 'মারটিয়ার্স লেন' সমাধিস্থল পরিদর্শন করেন এবং আজারবাইজানে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের সঙ্গে মতবিনিময় করেন।

এদিন, প্রধানমন্ত্রী সংবাদ সম্মেলনে ন্যাম সম্মেলন বিষয়ে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে '৯৬ সালে সরকার গঠনের পর এই মর্যাদাপূর্ণ সম্মেলনের আয়োজক হওয়ায় তাঁর সরকারের সে সময়কার উদ্যোগ এবং অবকাঠামো নির্মাণ এবং পরবর্তীতে বিএনপি-জামায়াত জোটের মতায় এসে তা বাতিল করে দেওয়ার প্রসঙ্গটিও উল্লেখ করেন।জাতিসংঘের পর সর্বোচ্চ ১২০টি দেশের জোট এই জোট নিরপে আন্দোলন বা ন্যাম উল্লেখ করে শেখ হাসিনা বলেন, '৯৬ সালে মতায় আসার পর বাংলাদেশে ন্যাম সম্মেলন করবো বলে আমরা চেয়েছিলাম। আর সেই সুবাদে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র তৈরী করা, আমাদের বিমানবন্দরের জন্য বোর্ডিং ব্রিজ থেকে শুরু করে একে আধুনিকায়ন করা,গাড়ি পার্কিং উন্নত করা, সিলেট এবং চট্টগ্রামে দুটি আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণ এবং সংসদ ভবনের উল্টো পাশে ন্যাম ভবনের প্রায় ৩ হাজার ফাট নির্মাণ করা হয়েছিল।' তিনি বলেন, 'কারণ অতিথিদের থাকার মত তখন আন্তর্জাতিক মানের পর্যাপ্ত হোটেল ছিল না। শেরাটন এবং হোটেল সোনারগাঁও এর উন্নয়ন সাধন করা হয়েছিল।'

বিভিন্ন দেশগুলোও তখন বাংলাদেশের সহযোগিতায় এগিয়ে এসেছিল বলে স্মরণ করে তিনি বলেন,২০০১ সালে আমরা মতায় আসতে পারলাম না কাজেই আর ন্যাম সম্মেলনটা হলো না। বিএনপি তখন ঘোষণা দিল- এটা হচ্ছে ডেড হর্স। ন্যামকে বলেছিল বিএনপি 'ডেড হর্স' বলেছিল। অথচ সেই ডেড হর্সই এখন দৌড়িয়ে বেড়াচ্ছে, কি করবো এখন। এটাতো ডেড হয়নি। এখনও সচলই আছে।

তিনি এ সময় ভবিষ্যতে ন্যাম সম্মেলনের আয়োজক রাষ্ট্র হওয়ার বিষয়ে বলেন,দেখি ভবিষ্যতে, অবশ্য বাংলাদেশ এটা করতে পারে সে সমতা বাংলাদেশের রয়েছে। তবে, এবার আফ্রিকা চাচ্ছিল বিধায় আমরা তাদের সমর্থন দিয়ে দিয়েছি। (আয়োজক রাষ্ট্র) এটা অনেক আগেই ঠিক করা হয়।

অপর এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী বলেন, জঙ্গিবাদ, সন্ত্রাস-এসবের বিরুদ্ধে অবস্থান নেওয়া যেন বিশ্বশান্তি প্রতিষ্ঠা হয় সেদিকেই এবারকার সম্মেলনের দৃষ্টি বেশি ছিল।তিনি ব্যাখা করেন-কারো সঙ্গে কারো দ্বিপাকি সমস্যা থাকতে পারে কিন্তু জোটের সম্মেলনে দেখা যাচ্ছে নেতৃবৃন্দ নিজের নিজের কথা বলে যাচ্ছেন, কেউ কাউকে দোষারোপ করছেন না। একে অপরের বিরুদ্ধে যে যুদ্ধাংদেহী ভাব, সেটা ওখানে ছিল না। যেমনটা ন্যাম গঠনের সময় দুই পরাশক্তির স্নায়ুযুদ্ধ' চলাকালীন ছিল।প্রধানমন্ত্রী বলেন, ন্যাম সম্মেলনের চা পর্বে বা অফিসিয়ালি না বসেও ঘুরে ঘুরে বিভিন্ন দেশের নেতৃবৃন্দ এমনকি পাকিস্তানের প্রেসিডেন্টের সঙ্গেও তাঁর কথা হয়েছে, অনেকে বাংলাদেশের চমকপ্রদ উন্নয়নের ম্যাজিকটা কি সেটাও জানতে চেয়েছেন।

## বিএনপি খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে অপরাজনীতি করছে : তথ্যমন্ত্রী হাছান মাহমুদ

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ২৯ । তথ্যমন্ত্রী এবং আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক ড় হাছান মাহমুদ বলেছেন, বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়ার স্বাস্থ্য নিয়ে বিএনপি অপরাজনীতি করছে। তারা আসলে খালেদা জিয়াকে তাদের রাজনৈতিক ইস্যু করতে চায়। তার মুক্তি চায় না।

সোমবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলে গঠিত মিডিয়া প্রচার ও ডুকুমেন্টেশন উপকমিটি এবং চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটির বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।হাছান বলেন, খালেদা জিয়ার শারীরিক অসুস্থতা পুরনো। এই অসুস্থতা নিয়েই তিনি রাজনীতি করেছেন। দেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন। বিএনপি নেতারা দেশের জনগণকে নিয়ে ভাবেন না। তারা শুধু বেগম জিয়ার স্বাস্থ্য নিয়ে কথা বলছেন।তথ্যমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। আন্তর্জাতিক গণমাধ্যমের দৃষ্টি আকর্ষণ করতে পুরো বছর জুড়ে বিস্তারিত কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এ উপলে ভারত-বাংলাদেশ যৌথ প্রযোজনায় বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক একটি চলচ্চিত্র নির্মাণের প্রস্তুতি চলছে।

তথ্য প্রতিমন্ত্রী ডা. মোহাম্মদ মুরাদ হাসান বলেন, ২৯ অক্টোবর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত ঢাকায় তিন দিনব্যাপী এশিয়া প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন (এবিইউ) এবিইউ রেডিও এশিয়া কনফারেন্স অ্যান্ড রেডিও সং ফেস্টিভ্যাল অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানটি রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে হবে। এর আয়োজক বাংলাদেশ বেতার। বাংলাদেশ টেলিভিশন এই উৎসব আয়োজনে সহায়তা করবে।

প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ রেডিওকে আমরা বিশ্বমানের করতে চাই।

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলে গঠিত মিডিয়া প্রচার ও ডকুমেন্টেশন উপকমিটির আহবায়ক ড় হাছান মাহমুদের সভাপতিত্বে সভায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম, তথ্য সচিব আবদুল মালেক, বাংলাদেশ সংবাদ সংস্থা বাসস এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক আবুল কালাম আজাদ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সভাপতি অধ্যাপক মোহাম্মদ রফিকুল ইসলাম, প্রধান সমন্বয়ক ড় কামাল আবদুল নাসের চৌধুরী, চিত্র নায়ক আকবর হোসেন পাঠান ফারুক এমপি, বিএফইউজের সাবেক সভাপতি ইকবাল সোবহান চৌধুরী, জাতীয় প্রেসকাবের সভাপতি সাইফুল আলম, সাধারণ সম্পাদক ফরিদা ইয়াসমিন, দৈনিক আমাদের নতুন সময়ের সম্পাদক নাঈমুল ইসলাম খান, একুশে টিভির সি ই ও মঞ্জুরুল আহসান বুলবুল, বিএফইউজের মহাসচিব শাবান মাহমুদ, প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন প্রমুখ উপস্থিত ছিলেন।

## ১৮তম ন্যাম সম্মেলনে যোগ দিতে আজারবাইজানের উদ্দেশ্যে বাংলাদেশের প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ২৪।। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৮তম নন-অ্যালাইন মুভমেন্ট (ন্যাম) সম্মেলনে যোগ দিতে আজারবাইজানের উদ্দেশ্যে চার দিনের সরকারি সফরে বৃহস্পতিবার বিকেলে বাকুর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন।

সফরসূচি অনুযায়ী বৃহস্পতিবার বিকেলে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ বিমান বাকুর উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করেছে।

প্রধানমন্ত্রীকে বিদায় জানাতে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী একেএম মোজাম্মেল হক, বেসামরিক বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী, মন্ত্রিপরিষদ সচিব মো. শফিউল আলম, মুখ্য সচিব মো. নজিবুর রহমান, তিন বাহিনীর প্রধানগণ, কূটনৈতিক কোরের ডিন এবং বেসামরিক ও সামরিক উচ্চ পদস্থ কর্মকর্তাগণ বিমানবন্দরে উপস্থিত ছিলেন।

ফাইটটি বাকু হায়দার আলিয়েভ আন্তর্জাতিক বিমানবন্দরে একই দিন স্থানীয় সময় রাত ৮ টা ৫৫ মিনিটে পৌঁছানোর কথা রয়েছে।

বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানানোর পর মোটর শোভাযাত্রা সহকারে তাঁকে হিলটন বাকু হোটেলে নিয়ে যাওয়া হবে। আজারবাইজান সফরকালে তিনি এই হোটেলেই অবস্থান করবেন।

১শ' ২০টি উন্নয়নশীল দেশের ফোরাম ন্যামের দুই দিনের সম্মেলনটি আগামী ২৫ ও ২৬ অক্টোবর আজারবাইজানের রাজধানী বাকুর কংগ্রেস সেন্টারে অনুষ্ঠিত হবে।

প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, অন্যান্য সদস্য দেশগুলোর সরকার ও রাষ্ট্র প্রধানদের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ন্যাম সম্মেলনে যোগ দিবেন।শুক্রবার বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাকু কংগ্রেস সেন্টারে ১৮তম ন্যাম সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিবেন।অনুষ্ঠান স্থলে আজারবাইজানের প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী এবং স্পিকার ন্যাম নেতৃবৃন্দদের অভ্যর্থনা জানাবেন।

অন্যান্য ন্যাম নেতৃবৃন্দের সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাকু কংগ্রেস সেন্টারের প্ল্যানারী হলে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দিবেন।পরে প্রধানমন্ত্রী কেন্দ্রের লাঞ্চন হলে পূর্ণাঙ্গ অধিবেশনে প্রতিনিধিদলের প্রধানদের জন্য দেয়া ওয়ার্কিং লাঞ্চন-এ যোগ নেবেন।সন্ধ্যায় প্রধানমন্ত্রী হেয়দার আলিয়েভ সেন্টারে আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভের আনুষ্ঠানিক সংবর্ধনায় অংশ নেবেন।

শনিবার প্রধানমন্ত্রী পূর্ণাঙ্গ অধিবেশন, প্রতিনিধিদলের প্রধানদের সঙ্গে ওয়ার্কিং লাঞ্চন ও সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে যোগ দিবেন।তিনি হিলটন বাকুতে একই সঙ্গে আজারবাইজানের দূত হিসেবে দায়িত্বপ্রাপ্ত তুরস্কে বাংলাদেশের রাষ্ট্রদূতের দেয়া নৈজভোজে অংশ নিবেন।

পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, ন্যাম সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী বিভিন্ন রাষ্ট্র ও সরকার প্রধানদের সাথে স্যাাৎ করবেন বলে আশা করা হচ্ছে।আজারবাইজানে চার দিনের সফর শেষে প্রধানমন্ত্রী রোববার স্থানীয় সময় বেলা ১১টায় বাকু হেইদার আলিয়েব আন্তর্জাতিক বিমান বন্দর থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফাইটে দেশের উদ্দেশ্যে রওনা হবেন।বিমানটি ওইদিন সন্ধ্যা ৭টা ৪৫মিনিটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবে।ন্যাম বিশ্বের ১২০টি উন্নয়নশীল রাষ্ট্র নিয়ে গঠিত একটি ফোরাম, যা বড় কোনো পাওয়ার ব্লকের সঙ্গে বা বিপে আনুষ্ঠানিকভাবে সংযুক্ত নয়। জাতিসংঘের পর এটি বিশ্বব্যাপী রাষ্ট্রগুলোর বৃহত্তম গ্রুপিং।

ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু ও সাবেক যুগোস্লাভিয়ার প্রেসিডেন্ট জোসিপ ব্রোজ টিটোর উদ্যোগে ১৯৫৫ সালে বানডং সম্মেলনে সম্মত নীতিমালা প্রণয়নের পর ১৯৬১ সালে যুগোস্লাভিয়া বেলগ্রেডে ন্যামটি প্রতিষ্ঠিত হয়।ভেনেজুয়েলার মারগারিটা দ্বীপে ২০১৬ সালে ১৭তম ন্যাম সম্মেলন অনুষ্ঠিত হয়।

ভেনিজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো হলেন চলতি ন্যাম সম্মেলনের চেয়ারপারসন।

## কলকাতায় দিবা-রাত্রি টেস্ট খেলতে সম্মত বাংলাদেশ

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ২৯।। দিবা-রাত্রির টেস্ট খেলতে ভারতের প্রস্তাবে সায় দিয়েছে বাংলাদেশ। আগামী মাসের ভারত সফরে কলকাতায় হবে এই টেস্ট। এই প্রথমবারের মতো গোলাপী বলে টেস্ট খেলতে যাচ্ছে বাংলাদেশ। ভারতও দিবা-রাত্রির টেস্ট খেলবে প্রথমবার।

এই সফরের সূচি হওয়ার সময় কিংবা কয়েক দিন আগেও দিন-রাতের টেস্ট নিয়ে আলোচনাই ছিল না। কয়েক দিন আগে সৌরভ গাঙ্গুলী ভারতীয় ক্রিকেট বোর্ডের প্রধানের দায়িত্ব নেওয়ার পর তার ইচ্ছাতেই মূলত নেওয়া হয় এই উদ্যোগ। প্রস্তাব দেওয়া হয় বাংলাদেশকে। বিসিবি এই সিদ্ধান্ত ছেড়ে দিয়েছিল ক্রিকেটার ও টিম-ম্যানেজমেন্টের ওপর। তাদের সঙ্গে আলোচনার পরই এলো এই সিদ্ধান্ত।

সিদ্ধান্তে বড় ভূমিকা ক্রিকেটার ও টিম ম্যানেজমেন্টের হওয়ায় মঙ্গলবার সন্ধ্যায় বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানান জাতীয় কোচ রাসেল ডমিঙ্গো।আমি মনে করি, আমাদের জন্য এটি দারুণ এক সুযোগ। আগে আমরা গোলাপী বলে টেস্ট খেলিনি, প্রথমবার খেলব ইডেন গার্ডেন্সে। অনেক বড় উপল্য আমাদের জন্য। আশা করি, দুই দলের জন্যই এটি উপভোগ্য অভিজ্ঞতা হবে। আমরা খুবই রোমাঞ্চিত।গোলাপী বলে ম্যাচ খেলার অভিজ্ঞতা বাংলাদেশের নেই বললেই চলে। ৬ বছর আগে বিসিএলের ফাইনাল ম্যাচ হয়েছিল দিবা-রাত্রির। ঘরোয়া ক্রিকেটে বাংলাদেশ গোলাপী বলে খেলেছে সেই একটি ম্যাচই। তারপরও কেন রাজী হলো বাংলাদেশ, সেটি ব্যাখ্যা করলেন কোচ।সম্ভবত বিশ্বের সেরা টেস্ট দলের

ছয়ের পাতায়

## মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে বেতারের প্রতি তথ্যমন্ত্রী হাছান মাহমুদের আহবান

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ২৯।। তথ্যমন্ত্রী ড় হাছান মাহমুদ দেশের জনগণের মাঝে সামাজিক ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য বাংলাদেশ বেতারের প্রতি আহবান জানিয়েছেন।

মঙ্গলবার ঢাকায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে তিন দিনব্যাপী এবিইউ রেডিও এশিয়া সম্মেলন এবং রেডিও সং ফ্যাস্টিভালের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি বলেন,আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি আমাদের সামাজিক, মানবিক ও পারিবারিক মূল্যবোধ রায় রেডিও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনের সহযোগিতায় এশিয়া প্যাসেফিক ব্রডকাস্টিং ইউনিয়ন (এবিইউ) এই অনুষ্ঠানের আয়োজন করেছে।তথ্য সচিব আবদুল মালেকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান, এবিইউ মহাসচিব ড় জাভেদ মোত্তাগী ও বাংলাদেশ বেতারের মহাপরিচালক নারায়ণ চন্দ্র শীল।

প্রধান অতিথির বক্তৃতায় ড় হাছান মাহমুদ বলেন, বর্তমান সরকার দারিদ্র ও দুর্নীতিমুক্ত ডিজিটাল বাংলাদেশ নির্মাণে কাজ করে যাচ্ছে, এেে ত্র বাংলাদেশ বেতার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে।

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে রেডিওর গৌরবোজ্জ্বল ভূমিকার কথা স্মরণ করে তিনি বলেন, স্বাধীনতা যুদ্ধকালে বাঙালী জাতীয়তাবাদী বাহিনীর রেডিও সম্প্রচার কেন্দ্র ছিল স্বাধীন বাংলা বেতার কেন্দ্র। এই বেতার কেন্দ্র স্বাধীনতা সংগ্রাম ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সন্ধাধীনতার ঘোষণা সম্প্রচার করার পাশাপাশি দেশের মাটিতে যুদ্ধে অংশ নিতে জনগণকে উদ্বুদ্ধ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ বেতার এখন বিভিন্ন উন্নয়ন ও সচেতনতামূলক অনুষ্ঠান সম্প্রচার করছে।দেশের উন্নয়ন ও অগ্রগতির কথা উল্লেখ করে তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল বাংলাদেশকে সমৃদ্ধ হিসেবে গড়ে তোলা। কিন্তু জাতির প্রতিষ্ঠাতা তাঁর এই স্বপ্ন বাস্তবায়ন করতে পারেননি। কারণ ১৯৭৫ সালের ১৫ আগস্ট তিনি ও তাঁর পরিবারের অধিকাংশ সদস্যকে হত্যা করা হয়।মন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে তাঁর স্বপ্ন বাস্তবায়নে বাংলাদেশ এখন উন্নয়ন প্রক্রিয়ার মাধ্যমে এগিয়ে চলছে।

আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক ড় হাছান মাহমুদ আরো বলেন, ১৬ কোটিরও বেশি জনবহুল একটি দেশ হওয়া সত্ত্বেও বাংলাদেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ।তিনি বলেন, ২০০৯ সালের আগে মানুষের মাথাপিছু আয় ছিল ৬শ' মার্কিন ডলার। বর্তমানে তা ২ হাজার মার্কিন ডলারেরও বেশি। বাংলাদেশ সকল সূচকে পাকিস্তানকে এবং এমন কি অনেক সামাজিক সূচকে ভারতকে ছাড়িয়ে গেছে।

তথ্যমন্ত্রী বলেন, ডিজিটাল বাংলাদেশ আজ আর কোন স্বপ্ন নয়, এটা এখন দৃশ্যমান।

পরে মন্ত্রী ৩ দিনের সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।বিভিন্ন দেশের মোট ৬৩ প্রতিনিধি এই রেডিও মিট-এ যোগ দিয়েছেন। ঢাকায় এ ধরনের সম্মেলন এটাই প্রথম।

## জাপায় যুগ্ম মহাসচিবের পদ পেলেন সাদ এরশাদ

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ২৯।। বাবার আসনে সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর বাবার গড়া দলে পদও পেলেন এইচ এম এরশাদের ছেলে রাহাগির আল মাহি সাদ এরশাদ।সাদকে দলের যুগ্ম মহাসচিব হিসেবে মঙ্গলবার নিয়োগ দিয়েছেন তার চাচা জাতীয় পার্টির বর্তমান চেয়ারম্যান জি এম কাদের।

জাতীয় পার্টিতে এখন ১৬ জন যুগ্ম মহাসচিব রয়েছেন। সাদকে নিয়ে এই সংখ্যা ১৭ হল।

জাতীয় পার্টির যুগ্ম দপ্তর সম্পাদক এম এ রাজ্জাক খান বলেন, দলের চেয়ারম্যান জি এম কাদের মঙ্গলবার দুপুরের পর সাদকে মহাসচিব পদে মনোনয়ন দিয়ে চিঠিতে সই করেন।এ বিষয়ে সাদের কোনো প্রতিক্রিয়া তাৎণিকভাবে পাওয়া যায়নি। তার নম্বরে ফোন করা হলেও তিনি সাড়া দেননি। সাড়া দেননি পার্টির মহাসচিব মসিউর রহমান রাঙ্গাঁও।এরশাদের জীবদ্দশায় সাদ থাকতেন বিদেশে, দলের কোনো কাজে ছেলেকে যুক্ত করেননি তিনি। তবে জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতা রওশন এরশাদ দীর্ঘদিন ধরে ছেলেকে দলীয় রাজনীতিতে সক্রিয় করতে চাইছিলেন।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে কুড়িগ্রাম-২ ( ফুলবাড়ি-সদর-রাজারহাট) এলাকা থেকে তাকে প্রার্থী করার গুঞ্জনও ছড়িয়েছিল; কিন্তু তা ঘটেনি।গত বছর এরশাদ গুরুতর অসুস্থ হলে প্রকাশ্যে আসতে শুরু করেন সাদ। মা রওশন এরশাদের সঙ্গে দলের নানা সভাতেও তিনি অংশ নিতে শুরু করেন।

এ বছরের মাঝামাঝিতে এরশাদের মৃত্যুর পর রংপুর-৩ আসনে উপনির্বাচনে সাদকে প্রার্থী করা নিয়ে দলে দেখা দিয়েছিল বিভেদ; তখন নানা বিষয়ে এরশাদের স্ত্রী রওশন ও ভাই কাদেরের বিরোধ চরমে উঠেছিল। সাদের বিরোধিতায় নেমেছিলেন এরশাদের এলাকা রংপুরের নেতাকর্মীরা।পরে রওশন-কাদের সমঝোতা হলে সাদকেই প্রার্থী করা হয় রংপুরের উপনির্বাচনে; মহাজোট শরিক মতাসীন আওয়ামী লীগ ছাড় দেওয়ার পর নির্বাচনে বিজয়ী হয়ে আসেন লাঙ্গলের প্রার্থী সাদ।

ছয়ের পাতায়

## গণমাধ্যমের কার্যকর ভূমিকা গণতান্ত্রিক চর্চাকে আরও শক্তিশালী করতে পারে স্পিকার শিরীন শারমিন

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ২৬।। জাতীয় সংসদের স্পিকার ড় শিরীন শারমিন চৌধুরী বলেছেন, গণমাধ্যমের কার্যকর ভূমিকা গণতান্ত্রিক চর্চাকে আরও শক্তিশালী করতে পারে।এজন্য তিনি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের জন্য গণমাধ্যমের প্রতি আহবান জানিয়েছেন।স্পিকার বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন অবাধ তথ্য প্রবাহের সুবর্ণ সময় অতিবাহিত করছে। আর স্বাধীনতার স্বপে বস্তুনিষ্ঠ সংবাদ সকলের কাছে পৌঁছে দেওয়া গণমাধ্যমের অন্যতম দায়িত্ব।তিনি বৃহস্পতিবার রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় ডেইলি সানের কার্যালয়ে 'ইংরেজি দৈনিক সানের' নবম বর্ষপূর্তি উপলে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। ডেইলি সান পরিবারের সবাইকে প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা জানিয়ে ড় শিরীন শারমিন বলেন, প্রতিযোগিতামূলক বাজারে দেশের অন্যতম একটি ইংরেজি দৈনিক হিসেবে পত্রিকাটি পাঠকের কাছে জায়গা করে নিয়েছে।তিনি আশা প্রকাশ করেন, বস্তুনিষ্ঠ ও সত্য সংবাদ প্রকাশে এ পত্রিকাটি সবসময়ই ভূমিকা রেখে যাবে।এ সময় স্পিকার কেক কেটে দৈনিক ডেইলি সানের প্রতিষ্ঠা বার্ষিকীর দিনব্যাপী অনুষ্ঠানের শুভ সূচনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডেইলি সানের সম্পাদক এনামুল হক চৌধুরী। সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন বসুন্ধরা গ্রুপ ও ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপের চেয়ারম্যান মোঃ আহমেদ আকবর সোবহান। বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক আবুল কালাম আজাদ, বাংলাদেশে নিযুক্ত ব্রাজিলের রাষ্ট্রদূত তাবাজারা ডি অলিভেরা, দৈনিক কালের ন্ট্রের সম্পাদক ইমদাদুল হক মিলন, বাংলাদেশ প্রতিদিনের সম্পাদক নঈম নিজামসহ দেশ বরেণ্য মিডিয়া ব্যক্তিত্ব ও ডেইলি সান পরিবারের সদস্যগণ এ সময় উপস্থিত ছিলেন।

## বাংলাদেশের তিন কৃতি খেলোয়াড়কে ফ্যাট উপহার দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,অক্টোবর ২৪।। ১২তম সাউথ এশিয়ান গেমসে রেকর্ড সৃষ্টি করে স্বর্ণ পদক বিজয়ী নৌবাহিনীর কৃতি সাঁতারু মাহফুজা খাতুন শীলাসহ তিন খেলোয়াড়কে ফ্যাট উপহার দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।ফাট উপহারপ্রাপ্ত অপর দুই ক্রীড়াবিদ হলেন সেনাবাহিনীর কৃতি শুটার শাকিল আহমেদ এবং বাংলাদেশ আনসার ও ভিডিপির কৃতি ভার উত্তোলক মাবিয়া আক্তার।

প্রধানমন্ত্রী বৃহস্পতিবার গণভবনে খেলোয়াড়দের হাতে আনুষ্ঠানিকভাবে এই ফ্যাট হস্তান্তর করেন।

ছয়ের পাতায়

# হরেকরকম ◌ হরেকরকম ◌ হরেকরকম

## রোজকার খাবারের একটি ভুলে হতে পারে ক্যান্সার

সব থেকে বেশি পুষ্টিগুণ সমৃদ্ধ খাবার হচ্ছে শাক-সবজি। অনেক খাবার এমন আছে যা কাঁচা খাওয়াই পুষ্টিকর। কারণ সে খাবারগুলো রান্না করলে খাবারের পুষ্টিগুণ নষ্ট হয়ে যায়।তাই শরীর সুস্থ রাখতে টাটকা খাবার খাওয়া খুব প্রয়োজন। কিন্তু এমন কিছু খাবার আছে যেগুলো একবার রান্না করার পর আবার গরম করে খাওয়া হয়, যার ফলে ক্ষতি হতে পারে শরীরের। এই ভুলের কারণে ক্যান্সার পর্যন্তও হতে পারে। চলুন তবে জেনে নেওয়া যাক কোন খাবারগুলো গরম করে খাওয়া স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর-■ কাঁচা অবস্থায় বিটে পুষ্টিগুণ প্রচুর পরিমাণে থাকে। কিন্তু গরম করে খেলে পুষ্টিগুণ নষ্ট নয় এবং শরীরের পক্ষে ক্ষতিকারক হয়ে ওঠে।■ পালং শাকে প্রচুর পরিমাণে আয়রন এবং নাইট্রেট থাকে। কিন্তু পালং শাক গরম করলে কার্সিনোজেনিক নামক এক উপাদান তৈরি করে, যা শরীরের পক্ষে খুব ক্ষতিকারক।■ ডিমে প্রচুর পরিমাণে প্রোটিন থাকে। কিন্তু ডিম রান্নার পর আবার গরম করে খেলে টক্সিন তৈরি করে, যা হজমে বাঁধা দেয়।■ মাশরুম কাটার সঙ্গে সঙ্গে রান্না করে খাবেন। ভুলেও ফ্রিজে রাখবে না। এতে পুষ্টিগুণ নষ্ট হয় এবং শরীরের ক্ষতি করে।■ রান্নার তেল বেঁচে গেলে অনেকেই একাধিক বার ব্যবহার করেন। এটি কখনই করবেন না। তাছাড়া বাইরের যেকোনো ভাজা খাবার না খাওয়াই ভালো। কারণ বাইরের দোকানে ভাজা পোড়া তেল অধিকবার ব্যবহার করা হয়।■ মুরগিতে অধিক পরিমাণে প্রোটিন থাকে। কিন্তু মুরগির মাংস ফ্রিজে রেখে দিলে পুষ্টিগুণ নষ্ট হয় এবং শরীরের ক্ষতি করে। তাই ফ্রিজে মুরগির মাংস রাখলে ভালো করে সেদ্ধ করে রান্না করতে হবে।■ রান্না করা ভাত ফ্রিজে রেখে খেলে শরীরের ক্ষতি করে। তাই আগের দিনের ভাত যদি খেতে চান তবে জল ঢেলে রাখবেন।

খাদ্য শরীরের গঠন, বৃদ্ধি ও রোগ প্রতিরোধক ক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করে। পুষ্টিবিজ্ঞানে কাঁচা সবজি সবচেয়ে বেশি পুষ্টিগুন সমৃদ্ধ বলে মনে করা হয়। এর কারন হল, রান্না করলেই খাদ্যের পুষ্টিগুন নষ্ট হয়ে যায়। তাই শরীর সুস্থ রাখতে খাবারের যেমন প্রয়োজন, একইভাবে টাটকা খাবার খাওয়াও প্রয়োজন। এমন অনেক খাবার রয়েছে যেগুলি একবার রান্না করার পর, খাবার সময়ে আবারও তা গরম করে খাওয়া শরীরের জন্য ক্ষতিকর। এতে যে শুধু খাবারের পুষ্টিগুণ নষ্ট হচ্ছে এমনটা নয়, এতে অসুস্থ হওয়ার সম্ভাবনাও থাকে এমনকী, হতে পারে ক্যানসার-এর মত মারণ রোগও।বিট: আয়রনে পরিপূর্ণ একটি সবজি হল বিট। কাঁচা অবস্থায় বা স্যালাডে খেলে এর যা পুষ্টিগুন থাকে রান্না করে বা ফ্রিজে রাখার পর সেই সবজি গরম করে খেলে, তা হতে পারে ততটাই ক্ষতিকারক। পালং শাক: বিটের মত পালং শাকেও রয়েছে প্রচুর পরিমানে আয়রন এবং নাইট্রেট। এই দুই উপাদান থাকার কারণে পালং শাক গরম করলে কার্সিনোজেনিক নামক এক উপাদান উতপন্ন করে, যা শরীরের পক্ষে মারাত্মক ক্ষতিকারক।ডিম: ডিমকে বলা হয় প্রোটিনের পাওয়ার হাউজ। ডিমের যে কোনও পদ রান্না হওয়ার পর তা আবার গরম করলে টক্সিন উতপন্ন হয়, যা হজমের মত সমস্যার সৃষ্টি করে।মাশরুম: মাশরুম কাটার সঙ্গে সঙ্গেই এর পুষ্টিগুন কমতে শুরু করে। তাই মাশরুম কাটার সঙ্গে সঙ্গেই তা রান্না করে খাওয়ার পরামর্শ দেন পুষ্টিবিদরা। তাই মাশরুম কখনই ফ্রিজে রেখে খাওয়া উচিত নয়।আরও পড়ুন- পাঁচ নয়া ফিচার হোয়াটসঅ্যাপে! দেখে নিন কি কি সেই ফিচাররান্নার তেল: রান্নার অতিরিক্ত তেল অনেকেই রেখে পরবর্তী সময়ে তা ব্যবহার করেন। একবারের অধিক রান্নার তেল ব্যবহার করা মারাত্ম ক্ষতিকর। সেই কারনেই বাইরের খাবার খেতে নিষেধ করেন অনেকেই। বাইরের দোকানগুলি সব সময়েই ভাজা পোড়া তেল অধিকবার ব্যবহার করেন।চিকেন: চিকেন-এ আছে প্রচুর পরিমানে প্রোটিন। চিকেন ফ্রিজে রেখে দিলেই এর পুষ্টিগুণ নষ্ট হতে শুরু করে। এরপরে খাবারের সময় তা গরম করলে হতে পারে হজমের সমস্যা। তাই ফ্রিজে চিকেন রেখে খেতে হলে তা খুব ভালো মত সেদ্ধ করে নিতে হবে। এতে ক্ষতি হওয়ার আশঙ্কা কম থাকে।ভাত: ভাতের পুষ্টিগুণ নির্ভর করে চালের উপর। ধান উতপাদনের সময় ব্যবহার করা হয় প্রচুর পরিমানে কীটনাষক। সেইগুলি থেকে যায় চালের মধ্যেই। এরপর যখন আমরা রান্না করা ভাত ফ্রিজে রেখে আবার গরম করি তা শরীরের মারাত্ম ক্ষতি করে। তাই আগের দিনের ভাত খেতে হলে জল ঢেলে রাখুন।

## বিগবসের ঘরেই ”মিটু”, দেবলীনার নিশানায় সিদ্ধার্থ

মুম্বই: বিতর্ক ছাড়া রিয়্যালিটি শো বিগ বস অসম্পূর্ণ। বিগ বস সিজন ১৩-ও বিতর্কে পিছিয়ে নেই। এই সিজনের অন্যতম জনপ্রিয় প্রতিযোগী সিদ্ধার্থ শুক্লা ও দেবলীনা ভট্টাচার্য। সম্প্রতি একটি টাস্ক ঘিরে দুজনের মধ্যে বচসা খুব খারাপ জায়গায় পৌঁছয়।টাস্কটি ঘিরে প্রথম থেকেই দুই দলের মধ্যে সমস্যা লেগেছিল। কিন্তু পরিস্থিতি আরও খারাপ হয় যখন সিদ্ধার্থ শুক্ল টাস্ক চলাকালীন দেবলীনাকে স্পর্শ করেন। সঙ্গে সঙ্গে ঘটনার প্রতিবাদ করেন দেবলীনা। এমনকী, দেবলীনা টাস্কের সময়ই হুঁশিয়ারি দেন, তিনি সিদ্ধার্থের নামে মিটু অভিযোগ আনবেন। এর পরেই দুজনের মধ্যে বচসা আরও খারাপ জায়গায় পৌঁছয়। এছাড়াও সিদ্ধার্থ তাঁর সঙ্গে খারাপ ব্যবহার করেছেন বলে অভিযোগ দেবলীনার।বিগবসে এর আগেও বিভিন্ন বিষয়ে ধৈর্য হারিয়েছেন তিনি দেবলীনা ভট্টাচার্য। কিছুদিন আগে বিগবসের আর এক প্রতিযোগী শেহনাজ গিলের সঙ্গেও বচসা জড়ান তিনি।

পরিস্থিতি এমন জায়গায় পৌঁছয় যে দেবলীনা শেহনাজকে চড় পর্যন্ত মারেন। শেহনাজও তাঁকে ফিরে মারতে যান। সেই পরিস্থিতি সামাল দেন আরতি সিং। একটি টাস্ককে ঘিরেই এই ঘটনা ঘটে। ফলে বিগবসকে ততক্ষণাত এই টাস্ক বন্ধ করতে হয়।তবে সিদ্ধার্থও অন্যান্য প্রতিযোগীদের সঙ্গে একাধিকবার দুর্ব্যবহার করেছেন।

সেই জন্য নেটিজেনদের কাছে অনবরত সমালোচিত হচ্ছেন তিনি। তবে বিগবস এখনও তাঁর বিরুদ্ধে কোনও কড়া পদক্ষেপ করেনি।এই বিগবসের অন্যান্য জনপ্রিয় প্রতিযোগীদের মধ্যে রয়েছেন রশমি দেসাই, পরস ছাবড়া, মাহিরা শর্মা। এই সিজনে সলমন খানের সঙ্গে সহ-সঞ্চালিকা হিসেবে রয়েছেন আমিশা পটেল।

## যে শহরে সেলফি স্টিক নিষিদ্ধ!

ইদানীং সেলফি হাওয়ায় ভেসে বেড়ান অনেকেই। সামাজিক যোগাযোগ মাধ্যমে নিত্যনতুন সেলফি আপলোড করে আলোচনা সমালোচনায়ও আসছেন। আবার ঝুকিপূর্ণ অবস্থায় সেলফি তুলতে গিয়ে মৃত্যুর মতো ভয়ঙ্কর ঘটনাও ঘটেছে। যদিও এসবের কারণে সেলফি তোলা থেমে নেই তবে ইতালির এক শহরে নিষিদ্ধ করা হয়েছে সেলফি স্টিক।হ্যাঁ ইতালির মিলান শহরে সেলফি স্টিক নিষিদ্ধ করা হয়েছে। ওই শহরে সেলফি স্টিকের পাশাপাশি কাচের বোতল এবং খাদ্যবোঝাই ট্রাকও চলাচল নিষিদ্ধ। মূলত পাবলিক প্লেসে এই নিষেধাজ্ঞা জারি থাকবে। শহরটিতে উগ্র আচরণ নিয়ন্ত্রণে, নিরাপত্তার স্বার্থে এই নিয়মগুলো জারি হয়েছে।বর্তমানে গ্রীষ্মকালে সাময়িকভাবে যা কার্যকর থাকছে (১৩ আগস্ট পর্যন্ত)। প্রতিক্রিয়া দেখে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।সেলফি স্টিকের মতো এক্সটেনশন পোলগুলো অতিথিদের নিরাপত্তার জন্য চিন্তার কারণ হওয়ায় তা নিষিদ্ধ করা হয়েছে। এগুলো টেনে লম্বা করার কারণে তা পর্যটকদের জন্য সমস্যার হতে পারে। এসব স্টিক কোথাও লেগেও দুর্ঘটনা ঘটাতে পারে।নতুন দুটি অ্যাকশন ক্যামেরা বাজারে ছাড়ার ঘোষণা দিয়েছে গোপ্রো। ১৫ ও ২৪ অক্টোবর বাজারে ছাড়া হবে যথাক্রমে নতুন হিরো ৮ ব্ল্যাক এবং ম্যাক্স।সেলফি স্টিক বা অন্য যেকোনো কিছুর সঙ্গে যুক্ত করার জন্য নিজস্ব মাউন্ট থাকছে গোপ্রো হিরো ৮ ব্ল্যাকে। এখন থেকে আলাদা ফ্রেমের প্রয়োজন পড়বে না। ফোরকেসহ উচ্চ মানের রেজল্যুশনে ভিডিও ধারণ করতে পারে ক্যামেরাটি। এ ছাড়া গোপ্রোর দ্বিতীয় প্রজন্মের ডিজিটাল স্ট্যাবিলাইজেশন প্রযুক্তি হাইপারস্মুদ ২.০ সংস্করণে ভিডিও করার সময় ক্যামেরা নড়লেও ভিডিও চিত্রে তার প্রভাব পড়বে না। ক্যামেরাটির টাইমওয়ার্প সুবিধাও হালনাগাদ করা হয়েছে। তবে লেন্স বদল করার সুযোগ নেই এতে। এর বদলে নতুন নকশায় শটগান মাইক, ভ্লগিংয়ের জন্য ডিসপ্লে এবং এলইডি লাইটের মতো বিভিন্ন আনুষঙ্গিক যন্ত্রাংশ সুবিধা যুক্ত করার সুবিধা থাকছে। গোপ্রো যাকে বলছে মড।

## প্রিয়াঙ্কার ব্যান্দ্রার ফ্লাটে শাহিদ

প্রেসকার্ড নিউজ ডেস্ক ; সম্প্রতি ”নো ফিল্টার নেহা”-তে হাজির হন শাহিদ কাপুর। সেখানেই তাঁকে প্রাক্তন বান্ধবী প্রিয়াঙ্কা চোপড়াকে নিয়ে প্রশ্ন করা হয়। প্রাক্তন বান্ধবী প্রিয়াঙ্কা চোপড়া কীভাবে নিক জোনাসের সঙ্গে তাঁর সংসার টিকিয়ে রাখবেন, এমন প্রশ্নই করা হয় শাহিদ কাপুরকে।যার উত্তরে শাহিদ বলেন, প্রিয়াঙ্কা এবং নিক দু”জনে পৃথক পৃথক জায়গা থেকে এসেছেন। তাই একে অপরকে আরও ভালভাবে বোঝা উচিত বলে মন্তব্য করেন শাহিদ। প্রসঙ্গত, ”কামিনে”-র শ্যুটিংয়ের সময় থেকেই নাকি প্রিয়াঙ্কা চোপড়া এবং শাহিদ কাপুর ”ডেট” শুরু করেন। যদিও কেউ কখনও তাঁদের সম্পর্ক নিয়ে মুখ খোলেননি। এমনকী, শাহিদ-প্রিয়াঙ্কা একে অপরের ভাল বন্ধু বলেই বার বার দাবি করেছেন শাহিদ কাপুর এবং প্রিয়াঙ্কা চোপড়া। প্রসঙ্গত ২০১১ সালের ২৫ জানুয়ারি প্রিয়াঙ্কা চোপড়ার মুম্বইয়ের ব্যান্দ্রার ফ্লাটে হাজির হয় আয়কর দফতর। জানা যায়, ওই সময় প্রিয়াঙ্কার ফ্লাটে ছিলেন শাহিদ কাপুর। আয়কর আধিকারিকদের সামনে পড়ে ওইদিন দুজনেই চমকে যান। ওই সময় প্রিয়াঙ্কার ফ্লাট ছেড়ে সঙ্গে সঙ্গে বেরিয়ে যেতে পারেননি শাহিদ। ফলে আয়কর আধিকারিকদের তল্লাসির সময় সেখানে বেশ কিছুক্ষণ ছিলেন শাহিদ কাপুর। যে খবর প্রকাশ্যে আসার পর জোর শোরগোল শুরু হয়ে যায়।

## বিক্রম, রাজ থেকে কার্তিক আরিয়ন পরিণীতি চোপড়া তারকারা ব্যস্ত ভাইফোঁটায়

দীপাবলির রেশ কাটতে না কাটতেই প্রত্যেকে মেতেছেন ভাইফোঁটায়। বিক্রম চট্টোপাধ্যায়ের দিন শুরু হল বোন মেঘার হাতে ভাইফোঁটা নিয়েই। বাকি দিনটাও পরিবারের মানুষদের সঙ্গে কাটাবেন বিক্রম।

ভাই-বোনেদের সঙ্গে চুটিয়ে মজাও করেছেন। বোনের কাছ থেকে ফোঁটা নেওয়ার ছবি শেয়ার করলেন সোশাল মিডিয়ায়।রাজ চক্রবর্তীও এই দিনটা তুলে রেখেছিলেন দিদিদের জন্য। সকাল সকাল তৈরি হয়ে ফোঁটা নিতে বসে পড়েছিলেন কলকাতার চলচ্চিত্র উতসবের চেয়ারপার্সন। সোশাল মিডিয়ায় সেই ছবি দিয়ে লিখলেন, ”জীবনের দু”জন শক্ত খুঁটি”। তবে কেবল উপহার বা ফোঁটা নেওয়া নয়, জমিয়ে খাওয়া দাওয়াও করছেন তা বলাই বাহুল্য।

পরিণীতি চোপড়া সহজ ও শিবাঙ্গ- দুই ভাইয়ের থেকে দূরে রয়েছেন। ফলে ফোঁটা দেওয়া না হলেও ভিডিও কলে ভাইদের সঙ্গে কথা বলতে ভুললেন না। হবে নাই বা কেন, পরিণীতির ভীষণ কাছের তারা, বন্ধুও বলা যেতে পারে। তাই দুটো শহরের দূরত্ব তাদের আটকাতে পারেনি।কেবলমাত্র পরিণীতি নয়, কার্তিক আরিয়ন, শক্তি মোহন, কুণাল খেমু এবং মাধুরী দীক্ষিত প্রত্যেকেই শেয়ার করলেন ভাইফোঁটার ফোটো এবং ভিডিও। কুণাল খেমুকে ফোঁটা দেওয়ার সময় তাঁর দু”বছরের মেয়েও গেয়ে উঠলেন গায়ত্রী মন্ত্র।কার্তিক আরিয়ন পোস্ট করলেন ভাইফোঁটার সময় বোনের সঙ্গে খুনসুটির ছবি। কখনও কান মুলছেন তো কখনও প্রণাম করার সময় মজা করছেন। কার্তিক ইনস্টাগ্রামে ছবি শেয়ার করে লিখেছেন, ”বোন বিশ্বের সেরা ভাই পেয়েছে। এটা আমি নই বোনই বলে থাকে”।ভাইয়ের সঙ্গে ছবি শেয়ার করলেন মাধুরী দীক্ষিতও।শিচম ভারতে এই উতসব ”ভাই দুজ” নামেও পরিচিত। মূলত পাঁচদিন ব্যাপী দীপাবলি উতসবের শেষদিন ভ্রাতৃদ্বিতীয়া। আবার, মহারাষ্ট্র, গোয়া ও কর্ণাটকে ভাইফোঁটাকে বলা হয় ”ভাইবিজ”। নেপালে ও পশ্চিমবঙ্গের দার্জিলিং পার্বত্য অঞ্চলে এই উতসব পরিচিত ”ভাইটিকা” নামে। এই উতসবের আরও একটি নাম ”যমদ্বিতীয়া”।

## মেকাপের দুর্বলতা ছাড়িয়ে নজর কাড়ে অভিনয়ের দক্ষতা, সন্ড কী আঁখ

গল্পঃ সত্য ঘটনা অবলম্বণে তৈরি এই ছবির পরতে পরতে মিশে রয়েছে এক না বলা গল্পের রেশ। দুই বৃদ্ধা বন্দুকবাজদের গল্প নিয়েই তৈরি সন্ড কি অঁখ ছবি। ষাঠ বছরের বেশি বয়সের দুই বৃদ্ধার অনবদ্য লক্ষ্যভেদের ইতিহাসই তুলে ধরল এই ছবি।

শুধথু দুই বৃদ্ধাই নয়, তাঁরা তাঁদের নাতনীদেরও নিশানায় পাক্কা তৈরি করতে উঠে পড়ে লাগেন। কিন্তু এক সময় এই রহস্য আর গোপন রাখা সম্ভব হয় না, তখনই বদলে যায় গল্পের মোড়।অভিনয়ঃ অনবদ্য তাপসী পান্নু ও ভুমি পেডনেকরের অভিনয়। দুই নায়িকাই একে অন্যকে টেক্কা দিয়ে পর্দায় ভারসাম্য বজায় রেখেছেন। গল্পের উর্দ্ধে গিয়েই অভিনয়ের দক্ষতা প্রমাণ করেছেন তাঁরা। গৃহবধূ থেকে শুরু করে বন্দুক বাজ, প্রতিটি বয়সের ভাঁজেই তাঁরা যেন পার্ফেক্ট।চিত্রনাট্যঃ ছবির টিত্রনাট্য খুব যত্নের সঙ্গে তুলে ধরা হয়। উত্তরপ্রদেশে সাধারণ মানুষের জীবনযাত্রার একটি ছাপ চোখে পড়ে এই ছবিতে। যেখানে মেয়েদের সমাজে পরিচিতি বলে কিছু থাকে না। কেবল মাত্র ওড়নার রঙ দিয়েই কেটে যেত একটা মেয়ের জীবন। এমনই এক পরিবার থেকে উঠে এসে ঘুড়ে দাঁড়ানোর গল্প বলে এই ছবি।সিনেম্যাটোগ্রাফিঃ সিনেম্যাটোগ্রাফি অনবদ্য। ক্যামেরার কাজ নিয়ে বিশেষ কিছু বলার নেই। তবে মেকাপ আরও একটু ভালো হতে পাড়ত। অধিকাংশ সময়ই দেখে মনে হয় জোর করে মেকাপ চাপিয়ে দেওয়া হয়েছে। যদিও ছবির এই খামতিকে শক্ত হাতে কাটিয়ে উঠেছেন তাপসী ও ভূমি। গল্প কোথাও গিয়ে যেন খানিক দর্শকদের এক পেশে মনে হতে পারে। তবে তা যে অনুপ্রেরণা যোগাতে সক্ষম, সেই বিষয় কোনও দ্বিমত নেই।পরিচালনাঃ ছবির পরিচালনায় বিশেষ কোনও খামতি রাখেননি পরিচালক। অনবদ্য গল্প বলার ধরন। ছবির দুই অর্ধে খুব সুক্ষ্ম ভারসাম্য ধরে রাখা হয়েছে। উত্তরপ্রদেশের ঘরোয়া পরিবেশ থেকে শুরু করে গ্রামীণ মানুষদের চিত্রায়ণ বেজায় সকলের নজর কাড়ে। তবে গল্পকে আরও একটু ফিল্মি কায়দায় তুলে ধরতে গিয়ে মাঝে মধ্যে বিষয়বস্তু থেকে খানিক সরতে হয়েছে পরিচালককে।

## প্রথম দিনেই বাজিমাত ”হাউসফুল ৪”, দেখুন বক্স অফিস কালেকশন



দু দশকেরও বেশি সময় কেটে গিয়েছে বলিউডে। একের পর এক হিট ছবি করে বলিউডে নিজের জায়গাটাও বেশ পাকা করে নিয়েছেন তিনি। মার্শাল আর্টেও রীতিমতো দক্ষতা রয়েছে তার। আর সেই কারণের জন্যই বলিউডের খিলাড়ি নামেও তিনি পরিচিত। তিনি হলেন বলিউডের অক্ষয় কুমার।অক্ষয় কুমার মানেই বাণিজ্যে লক্ষ্মীলাভ, অক্ষয় কুমার মানেই হিটের ফর্মুলা, আবার অক্ষয় কুমার মানেই বক্স অফিসে লক্ষ্মীলাভের প্রধান উপকরণ। একের পর এক হিট ছবি দিয়ে তিনি বাজিমাত করছেন বক্স অফিস। সাম্প্রতিক সময়ে তিনি যে যে ছবিতে কাজ করেছেন সেগুলিই হিটের তকমা পেয়েছে। এই বয়সে এসেও তিনি বাজিমাত করছেন।আরও পড়ুন-দিল্লীর এক ক্লাব পার্টিতে গৌরীকে প্রথম দেখেন শাহরুখ, আর প্রথম দেখাতেই পড়েন প্রেমে...কালই মুক্তি পেয়েছে ফারহাদ শামজি পরিচালিত ”হাউজফুল ৪”। দিওয়ালির ধামাকা ফাটিয়ে দিয়েছে বলিউডের আক্কি।ছবিটিতে অভিনয় করেছেন অক্ষয় কুমার, রীতেশ দেশমুখ, ববি দেওল, কৃতি শ্যানন আরও প্রমুখ। একদিকে ”হাউজফুল ৪” আর অন্যদিকে ”মেড ইন চায়না”-সমানে সমানে টক্কর চলছিল ছবি দুটির। টক্করে বেশ খানিকটা এগিয়ে রয়েছে ”হাউজফুল ৪” ছবিটি।”হাউজফুল” ফ্র্যাঞ্চাইজির প্রথম দুটি ছবি যেভাবে দর্শকদের মনে ধরেছিল সেদিক থেকে দেখতে গেলে”হাউজফুল ৩” বক্স অফিসে মুখ থুবড়ে পড়েছিল। তবে এই ছবির ক্ষেত্রেও অনেকটাই তেমনই ধারণা হয়েছিল সবার। কারণ কমেডি ছবির দুনিয়ায় সাজিদ-ফারহাদের যথেষ্ঠ নাম ডাক রয়েছে। কিন্তু অর্ধেক আসন ভরানোর দৌড়ে এবার তারা অনেকটাই পিছিয়ে। সেসব কিছুকে পিছনে ফেলে প্রথম দিনেই ছবিটি ১৮ কোটি ৮৫ লাখ টাকার ব্যবসা করে বক্স অফিস বাজিমাত করেছে। এখনও পর্যন্ত কমেডি ছবির ট্রেন্ডে প্রথম দিনের ব্যবসার নিরিখে দ্বিতীয় স্থানে জায়গা করে নিল এই ছবি। প্রথম স্থানে রয়েছে রোহিত শেট্টি পরিচালিত ”গোলমাল এগেনই”।

## জেলে রাত কাটিয়েছিলেন, ভয়ঙ্কর অতীতের কথা নিজেই জানালেন শাহরুখ

নিজস্ব প্রতিবেদন: কেরিয়ারের শুরুতে নাকি জেল খাটতে হয়েছিল কিং খান। এমন কথা কি আগে কখনও শিখেছেন? তবে কথাটা এক্কেবারেই সত্যি। সম্প্রতি, ডেভিড লেটারম্যান সঞ্চালনায় নেটফ্লিক্সে ”মাই নেক্সড গেস্ট নিডস নো ইন্টোডাকশন” এসে এমনই কঠিন সত্যি স্বীকার করে নিয়েছেন বলিউড বাদশা।জানেন কী ঘটেছিল শাহরুখের সঙ্গে?শাহরুখের কথায়, ””’সেসময় সোশ্যাল মিডিয়া ছিল না। এত টিভি চ্যানেল, অনলাইন মাধ্যমও ছিল না। ছিল বলতে খবরের কাগজ আর ম্যাগাজিন। আর যেহেতু সেসময় আমি এক্কেবারেই বলিউডে নতুন ছিলাম, তাই আমার সম্পর্কে প্রকাশিত যেকোনও ভুলভাল খবরে আমি ভীষণই রেগে যেতাম। এমনই একটি খবরে আমি ভীষই বিরক্ত হয়ে গিয়েছিলাম। ওই ম্যাগাজিনের সম্পাদককে ফোন করে প্রশ্ন করে বসেছিলাম, এই প্রতিবেদন টা কি আপনি লিখেছেন? উনি আমাকে বোঝানোর চেষ্টা করেন এটা নেহাতই মজা, এতে রাগার কিছুই নেই। আমি পাল্টা প্রশ্ন করি, এটাকে আপনার মজার বিষয় মনে হচ্ছে? এরপরই আমি ওনার অফিসে যাই, আর ওনার সঙ্গে দুর্ব্যবহার করে ফেলি।””’শাহরুখ আরও জানান, ””এরপর আমি একদিন শ্যুটিং করছিলাম, পুলিস এসে খুব নমনীয়ভাবেই আমায় বলে, আপনাকে বেশকিছু প্রশ্ন করার আছে। আর এরপরেই যখন আমায় জেলে ভরে দেওয়া হল, তখন আমি বুঝতে পারলাম, জায়গাটা কী অসম্ভব অপরিষ্কার। দেখি একটা ছোট্ট কয়েদখানার মধ্যেই অসংখ্য লোকজন থাকে। খুব খারাপ একটা পরিবেশ। পরে অবশ্য আমি পুলিসকে অনুরোধ করি আমাকে ছেড়ে দেওয়ার জন্য, বলি এমনটা আর কখনও হবে না। তাঁরা আমাকে ছেড়েও দেন। ””’এখানেই অবশ্য শেষ নয়, ডেভিড লেটারম্যানের শো ”মাই নেক্সড গেস্ট নিডস নো ইন্টোডাকশন”-এ এসে আরও অনেক কথাই শেয়ার করেছেন শাহরুখ। যাঁর ঝলক মিলেছে শোয়ের ট্রেলারে।”জানবাজ”-এর শ্যুটিংয়ে কৌশানির সঙ্গে রোম্যান্টিক দৃশ্যে বাড়াবাড়ি হলেই বাবার ধমক খেয়েছি: বনিপ্রসঙ্গত শাহরুখকে শেষবার দেখা গেছে আনন্দ এল রাই-এর জিরো ছবিতে। ছবিটি বক্স অফিসে মুখ থুবড়ে পড়ার পর থেকে আপাতত বড়পর্দা থেকে দূরেই রয়েছেন কিং খান।

## ক্যাটরিনা ও ভিকি কৌশলকে নিয়ে নতুন গুঞ্জন বলিউডে

বলিউড ব. অভিনেতা-অভিনেত্রীদের নিয়ে গুঞ্জন তৈরি হতে সময় লাগে না। সম্প্রতি ক্যাটরিনা কাইফ ও ভিকি কৌশলকে নিয়ে শুরু হয়েছে তেমনই একটি গুঞ্জন। ভিকিকে বলা যায় বলিউডের নব্য তারকা। আর ক্যাটরিনার সঙ্গে সলমন খান ও রণবীর কাপুরের সম্পর্ক নিয়ে অতীতে কম গসিপ হয়নি। এবছর দীপাবলির একটি পার্টিতে ক্যাটরিনা ও ভিকিকে দেখা গিয়েছিল একসঙ্গে। তার পরেই শুরু হয়েছে বলিউডের নতুন গসিপ।বলিউডের নায়ক-নায়িকা, অভিনেতা-অভিনেত্রীরা বিভিন্ন ইভেন্টে অংশ নেন। যাঁরা কখনও একসঙ্গে অভিনয় করেননি, তাঁদের মধ্যেও গভীর বন্ধুত্বের উদাহরণও কম নেই। ক্যাটরিনা প্রায় ষোলো বছর কাটিয়ে দিয়েছেন বলিউডে। আর ভিকি খ্যাতির শিখরে উঠেছেন বিগত দু-তিন বছরে। এই নব্য তারকার সঙ্গে ক্যাটরিনার দেখাও হয়েছে বিভিন্ন বলিউড ইভেন্টে। কিন্তু দুজনের মধ্যে যে বন্ধুত্ব বেড়েছে সম্প্রতি তেমন কিছু জানা যায়নি।অনুরাগের সঙ্গে পরের ছবি একটি সুপারন্যাচারাল থ্রিলার: তাপসীএবছর দুজনেই উপস্থিত ছিলেন একটি দীপাবলি পার্টিতে। তার পর থেকেই বলিউডে শুরু হয়েছে গুঞ্জন। হিন্দুস্থান টাইমসের একটি প্রতিবেদন অনুযায়ী, ওই পার্টি থেকে একই সময় বেরিয়ে আসেন ক্যাটরিনা ও ভিকি। বাইরে অপেক্ষা করছিলেন ফোটোগ্রাফাররা। চটপট একটি ভিডিওতে মুহূর্তটি ধরে ফেলেছেন তাঁরা। সেই ভিডিও দেখলে মনে হয়, ফোটোগ্রাফারদের উপস্থিতিতে একটু যেন অস্বস্তিতেই পড়েছেন ভিকি।কিন্তু পার্টি থেকে একই সময় বেরোলেও ভিকি ও ক্যাটরিনা কিন্তু একই গাড়ি ব্যবহার করেননি। প্রত্যেকেই নিজের নিজের গাড়িতে করেই পার্টি থেকে পরবর্তী গন্তব্যের উদ্দেশে রওনা দেন। এটা জানা যায়নি যে দুজনেরই পরবর্তী গন্তব্য এক ছিল কি না। তবে ক্যাটরিনা ও ভিকির মধ্যে বন্ধুত্বের অতিরিক্ত কোনও সম্পর্ক গড়ে উঠছে কি উঠছে না, এই নিয়ে গসিপ শুরু হয়ে গিয়েছে।জীবনে মাত্র একটি ছবির জন্যই অডিশন দিতে হয়েছে করিনাকেদুই তারকা এখনও পর্যন্ত নিজেদের বন্ধুত্ব নিয়ে কোনও মন্তব্য করেননি সংবাদমাধ্যমের কাছে বা সোশাল মিডিয়াতেও একত্রে কোনও ছবি আপলোড করেননি।

## আমার ছেলে অভিনেতা হবে না: শাহরুখ খান

নিজস্ব প্রতিবেদন : ছেলের মধ্যে একজন ভাল অভিনেতা হওয়ার রসদ নেই। তবে একজন ভাল লেখক হওয়ার প্রতিভা আছে। আরিয়ানের কেরিয়ারের বিষয়ে বলতে গিয়ে এমনটাই বললেন শাহরুখ খান। ছেলে আরিয়ানও যে অভিনয় করার বিষয়ে আগ্রহী না, সেটাও জানালেন তিনি।ডেভিড লেটারম্যানের এক টক শোতে হাজির ছিলেন শাহরুখ। সেখানে অভিনয় ছাড়াও বিভিন্ন বক্তিগত বিষয়েও আলোচনা করতে দেখা যায় কিং খানকে। ছোটবেলা, গৌরির সঙ্গে সম্পর্ক, অভিনয় জীবন ইত্যাদি বিষয়ে খুল্লামখুল্লা ছিলেন বাদশা। আলোচনার মাঝেই উঠে আসে ছেলে আরিয়ানের প্রসঙ্গ। সেখানেই শাহরুখ বলেন, ’ওর(আরিয়ান) মধ্যে একজন ভাল অভিনেতা হওয়ার রসদ নেই। তবে একজন ভাল লেখক হওয়ার প্রতিভা আছে।’ তবে এটা যে কেবলমাত্র শাহরুখের নিজের উপলব্ধি তা কিন্তু নয়। বাদশা জানান, ছেলে আরিয়ান নিজেই একদিন তাঁকে এসে জানান যে তিনি অভিনেতা হতে চান না। এর কারণ ব্যাখ্যা করতে গিয়ে আরিয়ান বলেন, ’আমি অভিনয় করব না। কারণ আমি অভিনয় করতে গেলেই সবাই আমাকে বাবার সঙ্গে তুলনা করবে।’ শাহরুখ নিজেও মনে করেন যে সেটি একটি বড় সমস্যা হয়ে ওঠতে পারে।এখন মার্কিন যুক্তরাষ্ট্রের বড় ফিল্ম স্কুলে পড়াশুনা করছেন আরিয়ান। তবে, অভিনয় নয়, সিনেমার পরিচালনা ও স্ক্রিপ্ট রাইটিংয়েই ঝোঁক তাঁর। আর ছেলের সেই ইচ্ছাকেই সমর্থন করতে চান কিং খান। তবে, শাহরুখের মেয়ে সুহানা আপাতত অভিনয়ে মন দিতে চান। ইতিমধ্যে একটি শর্ট ফিল্মেও অভিনয় সেরে ফেলেছেন তিনি।

## প্রসেনজিত চট্টোপাধ্যায়ের বাড়ির ভাইফোঁটা

মূলত পাঁচদিন ব্যাপী দীপাবলি উতসবের শেষদিন ভ্রাতৃদ্বিতীয়া। প্রতিবছর নিয়ম করে বালিগঞ্জের বাড়িতে ভাইফোঁটা উদযাপন করেন প্রসেনজিত চট্টোপাধ্যায়। আজও ভাতৃদ্বিতীয়ার দিন বোনেদের থেকে ফোঁটা নিয়ে দিন শুরু হল বাংলার ইন্ডাস্ট্রির। বোন পল্লবী চট্টোপাধ্যায়, শর্মিলা সিং ফ্লোরা দাদার মঙ্গল কামনায় তাঁর কপালে ফোঁটা দেন। তবে টলিউডের ইন্ডাস্ট্রির বাড়ির এই অনুষ্ঠান বরাবরই ভীষণ স্পেশাল। কোনও নিয়মের ধার এদিন ধারেন না সকলের প্রিয় বুম্বাদা।প্রসেনজিত চট্টোপাধ্যায় আর পল্লবী চট্টোপাধ্যায়ের বন্ডিং অত্যন্ত গাঢ়। সম্প্রতি গুমনামী-তেও একসঙ্গে দেখা গিয়েছে তাদের। কিন্তু এই একটা দিন সকাল থেকে নিজে হাতে সমস্ত তৈয়ারি করেন পল্লবী। মাংস খেতে ভালবাসেন প্রসেনজিত, তাই সেটাও রেঁধে দাদার জন্য তৈরি করে রাখেন তিনি। এছাড়াও পায়েস, মিষ্টি তো আছেই। দাদাও শাড়ি উপহার হিসাবে দিয়েছেন বোনকে।তবে এই ভাই ফোঁটা নিয়ে বা ভাতৃদ্বিতীয়া নিয়ে একাধিক মত রয়েছে। কেউ বলেন বেদে বা পুরাণে বোনের হাতে যমের ভাইফোঁটা নেওয়ার কথা নেই! পাশাপাশি বলা হয়েছে যমী অর্থাত যমের বন নাকি কস্মিনকালেও যমকে ভাইফোঁটা দেননি! উপরন্তু ভাই-বোন হওয়া সত্ত্বেও তাঁদের স্বামী-স্ত্রী-র নিরিখেই বিচার করা হয়।দীর্ঘকাল পর যমুনা দিদিকে দেখার জন্য কালী পুজোর দুদিন পরে অর্থাত ভাতৃদ্বিতীয়ার দিন যম যমুনার বাড়ি যাত্রা করে।শর্মিলা সিং ফ্লোরাও নিয়ম করে ভাইফোঁটা দেন প্রসেনজিতকে। এদিন প্রসেনজিত বলেন, ”ও প্রতিবছর ঘড়ি দেন। বাড়িতে তো ঘড়ির লাইন পড়ে গিয়েছে।” বোনেরাও ফোঁটা দিয়ে দাদার পা ছুঁয়ে প্রণাম করতে ভোলেন না। যমের দুয়ারে কাঁটা দিয়ে দাদার আগামীর যাত্রা শুভ করাই যে একমাত্র কামনা।




মঙ্গলবার রাজধানীতে একদিনের এক কর্মশালার আয়োজন করেন পরিবহন মন্ত্রী প্রণজিৎ সিং রায়। ছবি- নিজস্ব।

# ইন্ডিগোর এয়ারবাসের ইঞ্জিন আগামী পনেরো দিনের মধ্যে বদল করার নির্দেশ দিল ডিজিসিএ

মুম্বাই, ২৯ অক্টোবর (হি. স.) : ইন্ডিগোর যে সব এয়ারবাসে প্রিট অ্যান্ড হুইটনি ইঞ্জিন আছে আগামী পনেরো দিনের মধ্যে সেগুলিকে বদলে ফেলার নির্দেশ দিল অসামরিক বিমান নিয়ামক সংস্থা ডিজিসিএ (ডিরেক্টর জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন)। নিয়ম অনুযায়ী, ২৯০০ ঘণ্টা উড়ানের পরে অন্তত একটি ইঞ্জিন বদল করতে হয় বলে একটি বিবৃতিতে জানিয়েছে ডিজিসিএ। যাত্রীদের নিরাপত্তার কথা তাদের এই নির্দেশ দেওয়া হয়েছে।

২০১৬ সাল থেকে বিভিন্ন সময়ে এই ইঞ্জিনে সমস্যার কারণেই বিমান বসিয়ে রাখতে হয়েছে ইন্ডিগোকে। রক্ষণাবেক্ষণের জন্য বিশাল অঙ্ক খরচ হয়ে যাওয়ায় গত ত্রৈমাসিকে ইন্ডিগোর যা লোকসান হয়েছে, আগে কোনও দিন তাদের তা হয়নি। বিপুল লোকসানের পরেই ডিজিসিএর এই কড়া নির্দেশে চিন্তায় পড়েছে ইন্ডিগো। ইন্ডিগো এই শর্ত পূরণ করার পরে শীর্ঘই পরবর্তী পদক্ষেপ তারা ঘোষণা করবে বলে বিবৃতিতে জানিয়ে দিয়েছে ডিজিসিএ। ২০১৬ সালে প্রিট অ্যান্ড হুইটনির জ্বালানিবান্ধব ইঞ্জিন কেনে ইন্ডিগো। তারপর থেকে ইঞ্জিনের নানা সমস্যায় বার বার এয়ারবাস বসিয়ে রাখতে হয়েছে ইন্ডিগোকে। ডিজিসিএ দেখেছে, শুধু এ বছর অক্টোবর মাসেই তিনবার বন্ধ হয়ে গেছে ইন-ফ্লাইট ইঞ্জিন। তখন তারা নিরাপত্তা সংক্রান্ত পুরো বিষয়টি খতিয়ে দেখে এবং নিরাপত্তার কথা বিবেচনা করেই তাদের এই সিদ্ধান্ত।

# দীপাবলির অসমে বিভিন্ন প্রান্তে দেড় শতাধিক সড়ক দুর্ঘটনা, উদ্বেগ

গুয়াহাটি, ২৯ অক্টোবর (হি.স.) : আলোর উৎসব দীপাবলির উচ্ছ্বলতার মধ্যে অসমের বিভিন্ন প্রান্তে দেড় শতাধিক সড়ক দুর্ঘটনা এবং বেশ কয়েকটি অগ্নিকাণ্ডের ঘটনা সংঘটিত হয়েছে। এছাড়া, আতশবাজি থেকে নির্গত অগ্নিস্ফুলিঙ্গের কবলে পড়ে আহত হয়েছেন ১৭ জন। মঙ্গলবার এই তথ্য মৃত্যুঞ্জয় ১০৮ জরুরি অ্যাম্বুলেন্স পরিষেবা নিয়ন্ত্রণ দফতর সূত্রে জানা গেছে।

রাজ্যে সড়ক দুর্ঘটনা হ্রাস করতে সরকার যখন নানা পদক্ষেপ গ্রহণ করছে, তখন এবারের সংঘটিত দুর্ঘটনার হার সর্বকালের রেকর্ড ভঙ্গ করার ঘটনায় উদ্বিগ্ন বিভিন্ন মহল। মৃত্যুঞ্জয় ১০৮ জরুরি পরিষেবা সূত্রটি বলেছে, এক ২৭ তারিখ রাজ্যের নানা প্রান্তে ১২৭টি দুর্ঘটনার তথ্য রেজিস্ট্রি হয়েছে। এই সংখ্যার সঙ্গে গতকাল আরও প্রায় ২৫টি যোগ হয়েছে। তবে আইনি জটিলতায় এখনও সেগুলি রেজিস্টার্ড হয়নি।

রেজিস্টার্ড দুর্ঘটনার তথ্য দিয়ে সূত্রের খবর, সবচেয়ে বেশি ঘটনা সংঘটিত হয়েছে কামরূপ গ্রামীণ এবং কামরূপ মেট্রো জেলায়। দুই জেলায় ১৬টি করে মোট ৩২টি দুর্ঘটনা সংঘটিত হয়েছে। এছাড়া ধেমাজিতে ১৩, বরপেটায় ১০, শোণিতপুরে ৮, লখিমপুরে ৭, গোলাঘাটে ৭, বাকসায় ৫, শিবসাগরে ৫, যোরহাটে ৫, গোয়ালপাড়ায় ৩, বঙাইগাঁওয়ে ৩-টি, ডিমৌতে ১, ধুবড়িতে ১, বাইহাটা চারিআলিতে ১টি সড়ক দুর্ঘটনা সংঘটিত হয়েছে।

এদিকে বিভিন্ন প্রান্তে আতশবাজির অগ্নিস্ফুলিঙ্গে আহত ১৭ জনকে সংশ্লিষ্ট এলাকার হাসপাতালে ভরতি করা হয়েছে বলে সূত্রটি জানিয়েছে। অন্যদিকে ধুবড়ি, যোরহাট-সহ তিন জায়গায় অগ্নিকাণ্ডের ঘটনা সংঘটিত হওয়ার খবরও দিয়েছে সূত্রটি।

# অসমের মন্ত্রী তাঁর বিধায়ক তহবিলের টাকা বিলি করছেন খ্রিষ্টধর্ম প্রসারে, বি.সভার অধ্যক্ষকে নালিশ মুম্বাই ভিত্তিক সংগঠনের

গুয়াহাটি, ২৯ অক্টোবর (হি.স.) : বিজেপি নেতৃত্বাধীন অসম সরকারের জনৈক ক্যাবিনেট মন্ত্রী রিহন দৈমারি তাঁর এলাকা উন্নয়নের তহবিল থেকে দেদার টাকা বিলি করছেন খ্রিষ্টান ধর্ম প্রসারে। গুরুতর এই অভিযোগ তুলে অসম বিধানসভার অধ্যক্ষকে এক চিঠি পাঠিয়েছে মুম্বাই ভিত্তিক লিগ্যাল রাইটস অবজার্ভেটরি নামের এক সংগঠন।

লিগ্যাল রাইটস অবজার্ভেটরির প্রধান রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস)-এর প্রাক্তন কার্যকর্তা জনৈক বিনয় জোশি। মুম্বাইয়ের এক ঠিকনা থেকে বিধানসভার অধ্যক্ষকে প্রেরিত চিঠির এক প্রতিলিপি সংবাদ মাধ্যমেও পাঠিয়েছেন জোশি। চিঠিতে তিনি লিখেছেন, 'ওদালগুড়ির বিধায়ক তথা অসমের ক্যাবিনেট মন্ত্রী রিহন দৈমারি তাঁর বিধায়ক এলাকা উন্নয়নের তহবিল অপব্যবহার করছেন। ওই তহবিলের টাকা তিনি ওদালগুড়ি এবং সংলগ্ন এলাকায় ধর্মান্তরণকে উৎসাহিত করতে ব্যবহার করছেন। মন্ত্রী রিহন দৈমারির সহায়তায় ওই সব এলাকায় গির্জার আগ্রাসন এত প্রবল হয়েছে যে, স্থানীয় বাথৌ ধর্ম অস্তিত্বের সংকটে পড়েছে।'

জোশির অভিযোগ, মন্ত্রী দৈমারির সক্রিয় সহযোগিতায় ওয়ার্ল ভিজন এবং নর্থ ইস্টার্ন সোশিয়েল রিসার্চ সেন্টার, গুয়াহাটির অধীনে এই সব ধর্মান্তরণ চলছে। মুখ্যমন্ত্রীর পরিবর্তে বিধানসভার অধ্যক্ষকে চিঠি লেখার কারণও ব্যাখ্যা করেছেন বিনয় জোশি। ব্যাখ্যায় তিনি লিখেছেন, অসমের বর্তমান গৃহমন্ত্রী (মুখ্যমন্ত্রী)-র এ ব্যাপারে কোনও দৃঢ় পদক্ষেপ গ্রহণের সাহস নেই। তাই বিধানসভার অধ্যক্ষকে এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ জানিয়েছেন তিনি।

অধ্যক্ষকে প্রেরিত চিঠিতে জোশি আরও লিখেছেন, 'অনুগ্রহ করে বড়োল্যান্ডকে আরও একটি নাগাল্যান্ডে পরিণত হওয়া থেকে বাঁচান। বিধায়ক যে নিজের তহবিলের টাকা অপব্যবহার করছেন তার সিবিআই তদন্ত দিন।' বড়োল্যান্ডে ব্যাঙের ছাতার মতো যে সব গির্জা গজিয়ে উঠছে, সেগুলির টাকার উৎস অনুসন্ধান করতে রাজ্যের ডিজিপিকে নির্দেশ দিতেও অধ্যক্ষকে প্রেরিত চিঠিতে অনুরোধ করেছেন বিনয় জোশি। এছাড়া, বড়োল্যান্ডে যদি খ্রিষ্টান ধর্ম প্রসারের জন্য বিধায়ক তহবিল অপব্যবহার হচ্ছে বলে প্রমাণিত হয়, তা-হলে রিহন দৈমারিকে বিধায়ক হিসেবে অযোগ্য ঘোষণা করার পাশাপাশি তাঁর কার্যকালে অপব্যবহৃত তহবিলের সমস্ত অর্থ পুনরুদ্ধার করতে অধ্যক্ষের প্রতি আহ্বান জানান লিগ্যাল রাইটস অবজার্ভেটরি-প্রধান বিনয় জোশি।

# বিদ্যাভারতীর উদ্যোগে আয়োজিত কুইজে যুগ্মভাবে প্রথম স্থান দখল মৃণাল লস্কর ও প্রজ্ঞাদীপ ভট্টাচার্যের

গুয়াহাটি, ২৯ অক্টোবর (হি.স.) : বিদ্যাভারতীর সংবদ্ধ শিশুশিক্ষা সমিতি অসম-এর উদ্যোগে রাজ্য ভিত্তিক প্রশ্নোত্তর (কুইজ) প্রতিযোগিতায় যুগ্মভাবে প্রথম স্থান দখল করেছে নলবাড়ির বড়ভাগ শংকরদেব বিদ্যা নিকেতনের ছাত্র যথাক্রমে মৃণাল লস্কর এবং প্রজ্ঞাদীপ ভট্টাচার্য। দ্বিতীয় স্থান দখল করেছে মাজুলির বনগাঁও শংকরদেব বিদ্যা নিকেতনের আশাদ্বীপ শইকিয়া ও হিমাদ্রী মুদৈ এবং তৃতীয় হয়েছে নগাঁওয়ের হাতিচোং শংকরদেব বিদ্যা নিকেতনের শুভলক্ষ্মী হাজরিকা ও পরাগজ্যোতি শইকিয়া।

অসমের প্রথম স্নাতক পণ্ডিতপ্রবর আনন্দরাম বরুয়ার নামে উৎর্গিত প্রতিযোগিতাটি দিশপুরে অবস্থিত পিডব্লিউডি কনভেনশন অ্যান্ড ট্রেনিং সেন্টারে মঙ্গলবার সকাল ১০টা থেকে শুরু হয়েছিল। কুইজ প্রতিযোগিতায় রাজ্যের বিভিন্ন প্রান্তে অবস্থিত শংকরদেব শিশু বিদ্যানিকেতনের অষ্টম, নবম এবং দশম শ্রেণির বহু ছাত্রছাত্রী অংশগ্রহণ করেছে। ২৪টি ছাত্রছাত্রীর দল আজকের কুইজ প্রতিযোগিতায় তাদের মেধার পরিচয় দিয়েছে।

কুইজ প্রতিযোগিতার আগে উপস্থিত ছাত্রছাত্রী এবং শিক্ষাগুরুদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করেছেন বিদ্যা ভারতীর সর্বভারতীয় সম্পাদক ব্রহ্মাজি রাও, শিশু শিক্ষা সমিতি অসম-এর সভাপতি ড় নির্মল বরুয়া, এসবি দেওরা কলেজের উপাধ্যক্ষ ড় নিরঞ্জন কলিতা প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গ। শিশু শিক্ষা সমিতির ত্রৈমাসিক সাময়িকীতে ২০ বছর ধরে বিদ্যাভারতী সংক্রান্ত প্রতিবেদন প্রকাশক শশীপ্রভা দাসকে আজকের অনুষ্ঠানে সংবর্ধনা জানানো হয়েছে।

এদিকে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে এই প্রথম আয়োজিত কুইজ প্রতিযোগিতা সম্পর্কে বিদ্যাভারতী উত্তর অসম প্রান্ত সংগঠনিক সম্পাদক হেমন্ত ধিং মজুমদার বলেন, ছাত্রছাত্রীরা যাতে পাঠ্যপুঁথির জ্ঞানের মধ্যে সীমাবদ্ধ না থেকে অন্যান্য বিভিন্ন বিষয় যেমন অসমের কলা-সংস্কৃতি, ইতিহাস, ভূগোল সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারে তার জন্য এই প্রয়াস। অনুষ্ঠানে উপস্থিত শিশু শিক্ষা সমিতি অসম প্রান্ত প্রচারক শৈলেন্দ্র পাণ্ডে বলেন, শিশুরা নিজের রাজ্য তথা দেশকে যাতে আরও ভালোভাবে জানতে পারে সেজন্য এই প্রতযোগিতার আয়োজন করা হয়েছে।অনুষ্ঠানের শেষে শিশু শিক্ষা সমিতি অসম-এর সম্পাদক প্রধান কুলেন্দ্র ভাগবতী, বিদ্যাভারতীর উত্তর অসম প্রান্ত সাংগঠনিক সম্পাদক হেমন্ত ধিং মজুমদার এবং কুইজ প্রতিযোগিতার সঞ্চালক শৈলেন বৈশ্যের উপস্থিতিতে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানাধিকারীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়েছে।

## তামিলনাড়ুতে পরিত্যাক্ত কুয়োতে পড়ে যাওয়া শিশুর মৃতদেহ উদ্ধার

চেন্নাই, ২৯ অক্টোবর (হি. স.) : পরিত্যাক্ত কুয়ো থেকে সুজিত উইলসনকে উদ্ধার করা গেলেও শেষ রক্ষা হল না। তাকে মৃত বলে ঘোষণা করা হয়। মঙ্গলবার ভোরেই পরিত্যাক্ত কুয়ো থেকে উদ্ধার করা হয় দুই বছরের শিশুটিকে।

সুজিত উইলসন পরিত্যাক্ত কুয়োর প্রায় ৮৮ ফুট গভীরে আটকে ছিল। প্রথমদিকে তাকে ওই খোলামুখ কুয়ো থেকেই উদ্ধারের চেষ্টা করা হয়। সরবরাহ করা হয়েছিল অক্সিজেন। কিন্তু, সময় যত গড়িয়েছে ততই অসম্ভব হয়ে ওঠে ওই প্রক্রিয়ায় উদ্ধারকাজ। পরিত্যাক্ত কুয়োর তিন মিটার দূরে ৯৮ ফুটের আরেকটি গর্ত খোঁড়া হয়। সেই গর্ত দিয়ে ৬৩ ফুট নিচে নামতেই দুর্গন্ধ পান উদ্ধারকারীরা। তখনই সুজিতকে জীবিত উদ্ধারের আশা শেষ হয়ে যায়। এরপর মঙ্গলবার ভোরে পরিত্যাক্ত কুয়ো থেকে উদ্ধার করা হয় দুই বছরের শিশু সুজিত উইলসনের দেহ। ময়না তদন্তের জন্য দেহটি পাঠানো হয়েছে। পরে দেহ শিশুটির পরিবারের হাতে তুলে দেওয়া হবে। ফাতিমাপুদুর কবরস্থানে সুজিতকে সমাধিস্থ করা হবে। মর্মান্তিক এই দুর্ঘটনায় মৃত সুজিতের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন বিভিন্ন রাজনৈতিক দলের নেতা, নানান সংগঠনের সদস্যরা।

প্রসঙ্গত, শুক্রবার বিকেলে তামিলনাড়ুর তিরুচিরাপল্লি জেলার নাড়ুকাট্টুপাট্টি গ্রামে বাড়ির অদূরেই নিজেদের জমিতে বাবার সঙ্গে খেলছিল দু-বছরের সুজিত উইলসন। সেখানেই ছিল একটি পরিত্যক্ত কুয়ো। সেই কুয়োর মুখে খোলা ছিল। খেলতে খেলতে বেসামাল হয়ে চোখের নিমেষে ওই গভীর কুয়োয় পড়ে যায়

## জাগিরোড পুলিশের জালে ধর্ষক রমজান আলি

জাগিরোড (অসম), ২৯ অক্টোবর (হি. স.) : অবশেষে কালোঘাম ছুটিয়ে নারী-ধর্ষক কুখ্যাত রমজান আলিকে গ্রেফতার করেছে জাগিরোড পুলিশ। গতকাল সোমবার বিকেলে জাগিরোড রেলওয়ে স্টেশনের নিকটবর্তী এক জায়গায় অভিযান চালিয়ে রমজানকে পুলিশ পাকড়াও করেছে।

জাগিরোড থানার ওসি মঙ্গলবার তাঁদের এই সাফল্যের খবর দিয়ে জানান, গোপন এক সূত্রে প্রাপ্ত খবরের ভিত্তিতে গতকাল বিকেলের দিকে জাগিরোড স্টেশন সংলগ্ন পূর্ত রাস্তায় একটি যাত্রীবাহী এএস ০১ এফসি ৮৯০১ নম্বরের টর্যাভেলার আটকে ধর্ষণ কাণ্ডে জড়িত অভিযুক্ত রামজান সম্পর্কে খোঁজখবর নেন তাঁরা। কেননা রমজান এই ট্র্যাভেলারের সহকারী হিসেবে নিয়োজিত ছিল বলে গোপন খবর পেয়েছিলেন তিনি। ট্র্যাভেলারের চালক তার আত্মগোপনের সম্ভাব্য স্থানের হদিশ দেয়। ওই খবরের ভিত্তিতে সংশ্লিষ্ট স্থানে হানা দিয়ে তাকে আটক করে থানায় নিয়ে আসেন তাঁরা।

ওসি জানান, ধৃত রমজানের বিরুদ্ধে অভিযোগ, গত ২৫ অক্টোবর জাগিরোডে অবস্থিত নগাঁও কাগজকলের কাছে এক শালনার বাসিন্দা জনৈক যুবতীকে ধর্ষণ করেছিল। ধৃতকে দ্য প্রটেকশন অব চিল্ড্রেন ফ্রম সেক্সুয়াল অফেনসেস অ্যাক্ট বা পোক্সো আইনের ধারা বলে গ্রেফতার করা হয়েছে।

# মঙ্গলবার কালীপুজোর পূর্ণ রেশ বারাসতে

কলকাতা, ২৯ অক্টোবর (হি. স.) : তিথি অনুযায়ী কালীপুজো শেষ হয়ে গেলেও মঙ্গলবার তার পূর্ণ রেশ রয়েছে বারাসতে। দিনের বেলাতেই শুরু হয়ে গিয়েছে দর্শনার্থীর ভিড়। সোমবার রাতভর ঢল নেমেছিল এই তল্লাটের নামী পুজোর মন্ডপগুলোয়।

বারাসাতের 'সন্ধানী'-র থিমে শিশুশ্রম নিয়ন্ত্রণের বার্তা। ভাবনা, মন্ডপ, প্রতিমায় নতুনত্বের প্রকাশ।

হিন্দু পুরাণ অনুসারে, দক্ষ প্রজাপতি অভিশাপ দিয়েছিলেন চন্দ্র প্রভাসকে। চন্দ্র তীর্থে শিবের আরাধনা করলে, শিব তাঁর অভিশাপ অংশত নির্মূল করেন। এই কারণে চন্দ্র সোমনাথে শিবের একটি স্বর্ণমন্দির তৈরি করেন। পরে রাবণ রূপো ও কৃষ্ণ চন্দনকাঠ দিয়ে মন্দিরটি পুনরায় করেছিলেন বলে বিশ্বাস।

গুজরাটের সোলাঙ্কি শাসক ভীমদেব সোমনাথ মন্দির তৈরি করেন পাথর দিয়ে। সোলাঙ্কি ছিল ভারতের পাঁচ রাজপুত রাজ্যের অন্যতম। ঐতিহ্যের সেই সোমনাথ মন্দিরকে এবারের কালীপুজোয় থিম করেছে বারাসতের নবপল্লী।

ক্লাবের সভাপতি ডঃ কাকলী ঘোষদস্তিদার। প্রথমেই চোখে পড়বে একটি পেল্লাই শিবলিঙ্গ। সামনে বসে মন্দির অর্থাৎ মন্ডপমুখী একটি নিরীহ ষাঁড়। মূল মন্ডপের কারুকাজ অসম্ভব সুন্দর। ভিতরে দেওয়ালের গায়ে বিশাল মাপের শিব, গণেশ। সোনালি রঙের, থার্মোকোল দিয়ে তৈরি। মন্ডপের দু'পাশে ৪টি করে শিবমন্দির।

দেখতে দেখতে ভাবছিলাম গুজরাট রাজ্যের পশ্চিম উপকূলে অবস্থিত সৌরাষ্ট্র অঞ্চলের বেরাবলের নিকট প্রভাস ক্ষেত্রে এই প্রসিদ্ধ শিব মন্দির। এটি হিন্দু দেবতা শিবের দ্বাদশ লিঙ্গের মধ্যে পবিত্রতম। সোমনাথ শব্দটির অর্থ "চন্দ্র দেবতার রক্ষাকর্তা"। সোমনাথ মন্দিরটি 'চিরন্তন পীঠ' নামে পরিচিত। কারণ অতীতে ছয় বার ধ্বংসপ্রাপ্ত হলেও মন্দিরটি পুনর্নির্মিত হয়। ১৯৪৭ সালের নভেম্বর মাসে জুনাগড়ের ভারতভুক্তির সময় এই অঞ্চল দেখে সর্দার বল্লভভাই প্যাটেল বর্তমান মন্দিরটি তৈরির পরিকল্পনা করেন। তাঁর মৃত্যুর পর মন্দিরের কাজ এগিয়ে নিয়ে যান ভারত সরকারের অপর এক মন্ত্রী কে. এম. মুন্সি।

# অন্তর্বাসই ধরিয়ে দেয় বাগদাদিকে

লস অ্যাঞ্জেলেস, ২৯ অক্টোবর (হি.স.) : আইএস প্রধানকে হত্যার ছক কষার অনেক আগে থেকেই ঘুঁটি সাজাচ্ছিল সিরিয়া ও ইরাকের কুর্দ বাহিনী। বারিশা চত্বরে বাগদাদির সম্ভাব্য আস্তানার খোঁজ মেলার পর থেকেই তার প্রতিটা গতিবিধির উপর সতর্ক নজর ছিল সিরিয়ান ডেমোক্রেটিক ফোর্সের। কুর্দ বাহিনীর অফিসার পোলাট ক্যান সবিস্তারে জানান, কীভাবে আইএস প্রধানের খোঁজ মিলেছিল এবং কীভাবে তার বাড়িতে ঢুকে অন্তর্বাস চুরি করে এনেছিলেন কুর্দের গোয়েন্দা বিভাগের দক্ষ অফিসাররা। এই অন্তর্বাস ফরেন্সিক ল্যাবে পরীক্ষা করে ডিএনএ টেস্টের কাজে লাগানো হয়। বাগদাদি নিকেশ হওয়ার পরে এই ডিএনএ-র সঙ্গে মিলিয়ে দেখেই মার্কিন গোয়েন্দারা নিশ্চিত হন যে সত্যি সত্যিই খতম হয়েছে ওই কুখ্যাত জঙ্গি নেতা।

সিরিয়ার ইদলিবে জ্যাকেট বিস্ফোরণ ঘটিয়ে আত্মঘাতী হয় আইএস প্রধান আবু বকর আল বাগদাদি। মার্কিন ডেল্টা ফোর্সের হাতে ধরাপড়ার হাত থেকে বাঁচতেই তিন সন্তান সহ নিজেকে উড়িয়ে দেয় আইএস প্রধান। কুর্দ নেতৃত্বাধীন সিরিয়ান ডেমোক্রাটিক ফ্রন্টের পরামর্শদাতা পোলাট ক্যান বলেন, গত ১৫ মে থেকে সিআইএ-র সঙ্গে আমরা কাজ করছিলাম। বাগদাদির গতিবিধি লক্ষ্য রাখা হচ্ছিল। ঘনঘন ডেরা বদল করছিল আইএস নেতা। শেষপর্যন্ত আমাদের গুপ্তচর তার নাগাল পেয়ে যায়। সেই চর বাগদাদির ২টি অন্তর্বাস চুরি করে আনে। সেই অন্তর্বাসের ডিএনএ টেস্ট করেই বাগদাদি সম্পর্কে ১০০ শতাংশ নিশ্চিত হই। ইদলিবে বাগদাদির ডেরায় অভিযান চালানো ওই তথ্যের ওপরে ভিত্তি করেই।

গত বৃহস্পতিবার রাতে হোয়াইট হাউস জানতে পারে, ইডলিব প্রদেশের এক জায়গায় আল বাগদাদির লুকিয়ে থাকার সম্ভাবনা প্রবল। এর পরেই ঘটনাপ্রবাহ দ্রুত মোড় নিতে থাকে। শুক্রবারের মধ্যে ট্রাম্পের কাছে সামরিক ব্যবস্থা নেওয়ার সুযোগ আসে। শনিবার সকালের মধ্যে প্রশাসনের কাছে আরও নির্দিষ্ট খবর আসে যার ভিত্তিতে অ্যাকশন শুরু করা যায়। এসবের কোনও ইঙ্গিতই বাইরে ছিল না। একজন আধিকারিক জানিয়েছেন, গোটা অপারেশন তাঁরা দেখেছিলেন রিয়েল টাইম ছবির মাধ্যমে, কিন্তু ট্রাম্প নিজে আল বাগদাদির শেষ মুহূর্তের যে বিস্তারিত বিবরণ দিয়েছেন তার ভিত্তি হল মিলিটারি কম্যান্ডারদের সঙ্গে তাঁর কথোপকথন। অপারেশনের নামকরণ হয় মার্কিন মানবতাবাদী সংস্থার কর্মী মার্কিন নাগরিক কায়লা মুলারের নামে, যিনি আল বাগদাদির হাতে লাঞ্ছিত ও নিহত হন।

শনিবার রাতে সিরিয়ায় ইদলিবে আইএস ডেরায় অভিযান চালায় মার্কিন যুক্তরাষ্ট্রের স্পেশাল অপারেশন ট্রুপ। রাতের সেই অভিযানে মার্কিন সেনা হামলা চালায় আইএস প্রধানের ডেরায়। ইদলিবের একটি জায়াগায় সুড়ঙ্গের মধ্যে লুকিয়ে ছিল বাগদাদি ও তার সঙ্গীরা। ট্রাম্প জানান, পালাবার উপায় না দেখে শেষপর্যন্ত বিস্ফোরক জ্যাকেট পরে নিজেকে উড়িয়ে দেয় আইএস প্রধান। তার সঙ্গেই মৃত্যু হয়েছে তার নিজের ৩ সন্তানের। গুলিতে নিহত হয় বাগদাদির ২ স্ত্রীর।

ট্রাম্প এদিন সাংবাদিকদের বলেন, গত রাতে দুনিয়ার সবচেয়ে বিপজ্জনক জঙ্গিকে খতম করেছে মার্কিন সেনা। মারা গিয়েছে আবু বকর আল বাগদাদি। একটি সুড়ঙ্গের মধ্যে বিস্ফোরণে নিজেকে উড়িয়ে দিয়েছে আইএস প্রধান। টানা ২ ঘণ্টার গুলির লড়াইয়ের সময়ে আতঙ্কে চিতার করছিল বাগদাদি।

ইসলাম প্রথা মেনেই সমুদ্রের নিচে কবর দেওয়া হয়েছে সিরিয়ায় মার্কিন সেনা অভিযানে নিহত আবু বকর আল বাগদাদিকে। জানাল মার্কিন প্রশাসন। তবে, কোথায় তাকে সমাধিস্থ করা হয়েছে সে সমন্ধে কিছু জানানো হয়নি। এক্ষেত্রে ২০১১ সালে ওসামা বিন লাদেনের সময়কার প্রোটোকল অনুসরণ করা হয়েছে। ইসলাম আইন বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলে আল কায়েদা শীর্ষ নেতার দেহ সমুদ্রের তলদেশে কবর দেওয়া হয়। বাগদাদির শেষকৃত্যও উপযুক্ত মর্যাদায় করা হয়েছে বলে দাবি মার্কিন প্রশাসনের।

বাগদাদির মৃত্যুর খবরে ফলাও করে ঘোষণা করেন মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প। তিনি বলেন, 'বাগদাদি ছিল আইসিসের প্রতিষ্ঠাতা এবং নেতা। পৃথিবীর যে কোনও জায়গায় সবচেয়ে নিষ্ঠুর ও হিংস্র সংগঠন। আমেরিকা বাগদা

## বাগদাদি নিকেশে সেনা কুকুরই হিরো

ওয়াশিংটন, ২৯ অক্টোবর (হি.স.) : বাগদাদি নিকেশে সেনা কুকুরই হিরো। আইএস প্রধান আবু বকর আল বাগদাদি নিকেশের আগা থেকে গোড়া মার্কিন সেনার সঙ্গে পাল্লা দিয়ে কাজ করেছে এই সেনা কুকুর। অন্ধকার সর্পিল সুড়ঙ্গে মানুষের গন্ধ পেয়ে সেনাদের পথ নির্দেশ দিয়েছিল বেলজিয়ান ম্যালিনয়েস জাতের এই জাঁদরেল কুকুর।

বাগদাদিকে ধরতে সুড়ঙ্গের ভিতর একা ছুটে গিয়েছিল এই সেনা কুকুর। একে দেখেই চিৎকার করে উঠেছিল আইএস প্রধান। কঁকিয়ে কেঁদে উঠেছিল তার তিন সন্তান। মার্কিন সেনা জানিয়েছে, বিস্ফোরণে জখম হলেও এর তেজ বিন্দুমাত্র কমেনি। এই সেনা কুকুরকেই এখন টার্গেট করতে চাইছে আইএস জঙ্গিরা। দক্ষ, সাহসী এই সেনা কুকুরের নাম, পরিচয় সামনে আনেনি মার্কিন প্রতিরক্ষা মন্ত্রক। জানানো হয়েছে, এই কুকুরের চিকিৎসা চলছে। নিরাপত্তাও বহুগুণ বাড়িয়ে দেওয়া হয়েছে। মার্কিন সেনার অনেক অভিযানেই সাহসের পরিচয় দিয়েছে এই সেনা কুকুর। বাগদাদি নিকেশ অভিযানে এর কৃতিত্ব কোনও অংশেই কম নয়। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প টুইট করে বলেছেন, 'আমরা এই সাহসী সেনা কুকুরের ছবি সামনে আনছি, তবে এর পরিচয় গোপনই থাক। আইএস প্রধানকে ধরতে এবং তার হত্যা অভিযানে সবচেয়ে বেশি কৃতিত্ব এই সেনা কুকুরেরই।'

মার্কিন ডেল্টা ফোর্সের জয়েন্ট চিফ জেনারেল মার্ক মিলে জানিয়েছেন, অসাধারণ দক্ষতার পরিচয় দিয়েছেন এই বেলজিয়ান সেনা কুকুর। চিনুক এবং ব্ল্যাক হক হেলিকপ্টারে ডেল্টা ফোর্স সহ এলিট বাহিনী যখন উত্তর ইরাক থেকে ধীরে ধীরে এগিয়ে যাচ্ছিল সিরিয়ার ইদলিবের বারিশার দিকে, সবচেয়ে বেশি চনমনে ও উত্তেজিত দেখা গিয়েছিল এই সেনা কুকুরকে। মার্কিন বাহিনী দু'ভাগে ভাগ হয়ে গিয়ে অভিযান চালায়। বায়ুসেনার কপ্টার যখন ক্রমাগত গোলা বর্ষণ করে চলেছিল আইএস ঘাঁটিতে, অপর দল তখন ঢুকে পড়েছিল বাগদাদির ডেরায়। এই কুকুরই সবচেয়ে আগে ছুটে গিয়ে বাগদাদির খোঁজ দেয়। সেই মতো তার ঘরে ঢুকে পড়ে মার্কিন বাহিনী। বাগদাদিকে আড়াল করে দাঁড়ালে গুলিতে উড়িয়ে দেওয়া হয় তার দুই স্ত্রীকে।

বাগদাদির আস্তানার একের পর

ছয়ের পাতায়




মঙ্গলবার রাজধানীতে ২০৩২৩ চাকুরীচ্যুতদের এক সাংগঠনিক কর্মশালার আয়োজন হয়। ছবি- নিজস্ব।

# নগাঁওয়ে থানা লাগোয়া এটিএম সাফাই চোরের

নগাঁও (অসম), ২৯ অক্টোবর (হি.স.) : মধ্য অসমের নগাঁও জেলা সদরে থানা সংলগ্ন এটিএম ভেঙে লুটপাট চালিয়েছে চোরের দল। এটিএমটি স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার। মঙ্গলবার মঙ্গলবার ঘটনাটি নজরে পড়ে স্থানীয়দের। তাঁরা খবর দেন লাগোয়া সদর থানায়।

খবর পেয়ে ছুটে আসে পুলিশ। ইত্যবসরে খবর পেয়ে স্টেট ব্যাংকের নগাঁও প্রধান শাখার শীর্ষ আধিকারিকরাও ঘটনাস্থলে আসেন। উভয় পক্ষের আলোচনার পর এটিএম কাউন্টারটি সিল করে দিয়েছে পুলিশ। এটিএম থেকে কত টাকা লুট হয়েছে সে সম্পর্কে কোনও তথ্য জানাননি ব্যাংকের আধিকারিকরা। বলেছেন, পুলিশ তদন্ত শুরু করেছে। তাঁদের বিশ্বাস, শীঘ্রই চোরের দল ধরা পড়বে।

এদিকে স্থানীয় সচেতন নাগরিকরা পুলিশের ভূমিকায় বিস্মিত। তাঁদের অভিযোগ, থানা থেকে ঢিল ছোঁড়া দূরত্বে সংস্থাপিত এটিএম কাউন্টারে চোরদের হাতসাফাইয়ের ঘটনা কী করে সংগঠিত হল তা তাঁদের বোধগম্য হচ্ছে না। তাছাড়া রাতভর শহরে পুলিশি টহল থাকে বলে দাবি করা হয়। অথচ পুলিশি টহলদারির মধ্যে শহরের কেন্দ্রস্থলে এত বড় চুরির ঘটনা ঘটল!

# ভাইফোঁটার সকালে ভয়াবহ গাড়ি দুর্ঘটনা, মৃত ৪

কলকাতা, ২৯ অক্টোবর (হি.স.) : পথ দুর্ঘটনায় মৃত্যু হল চারজনের। গুরুতর আহত হয়েছেন আরও ছ''জন। ঘটনাটি ঘটে দক্ষিণ ২৪ পরগণার বাসন্তী হাইওয়েতে। তাদের চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে।

মঙ্গলবার সকাল ৮ টা নাগাদ বাসন্তী থেকে কলকাতার দিকে যাচ্ছিল পিকআপ ভ্যানটি। হঠাৎই নিয়ন্ত্রণ হারিয়ে উলটো দিক থেকে আসা একটি বাইককে ধাক্কা মারে। পরে গিয়ে আবার একটি গাছে ধাক্কা মারে সেটি। বাইক আরোহীরা ও ভ্যানে সাত জন যাত্রী গুরুতর আহত হন। জানা গেছে, কে এল সি থানা এলাকা পাকাপোলের স্থানীয় দুই ব্যবসায়ী বাইকে ফিরছিলেন। ভাইফোঁটা উপলক্ষ্যে বানতলা বাজার থেকে মাছ নিয়ে আসার সময় দুর্ঘটনায় পড়েন। বাইকে দুই জন ছিলেন। বয়স ৩০ থেকে ৪০ এর মধ্যে, দুই জনেরই মৃত্যু হয়েছে।

অন্যদিকে হাসনাবাদ থেকে মেটিয়াবুরুজের দিকে যাচ্ছিল পিকআপ ভ্যানটি। তাতে গার্মেন্টসের পোষাক ছিল বলে জানা গিয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পুলিশ। বাইক ও পিক আপ ভ্যানটি আটক করেছে পুলিশ। কিভাবে দুর্ঘটনাটি ঘটলো তা খতিয়ে দেখছে কে এল সি থানার পুলিশ।


## প্রাক্তন ডিএসপি জ্যোতির্ময় দেবরায় প্রয়াত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** ত্রিপুরা পুলিশের প্রাক্তন ডিএসপি জ্যোতির্ময় দেবরায় দীর্ঘ রোগভোগের পর আজ সকাল সোয়া নয়টায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। কলকাতায় তিনি দীর্ঘদিন চিকিৎসাধীন ছিলেন এবং চিকিৎসকদের সমস্ত চেষ্টা ব্যর্থ করে আজ সকালে তিনি পরলোক গমন করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল আটাত্তর বছর। সত্তর ও আশির দশকে প্রয়াত দেবরায় রাজ্যের বিভিন্ন থানাগুলিতে কাজ করেছেন। আশি সালে রাজ্যে ভয়াবহ দাঙ্গার সময় মান্দাই সহ বিভিন্ন উপদ্রুত এলাকায় ডিএসবি হিসেবে কঠিন দায়িত্ব পালন করেন। তিনি স্ত্রী, দুই পুত্র, পুত্রবধূ, নাতি- নাতনি সহ বহু গুনমুগ্ধদের রেখে গেছেন। তার পরলৌকিক ক্রিয়া কলকাতার বাড়িতেই অনুষ্ঠিত হবে।

## পথঅবরোধ করবে রিয়াং শরণার্থীরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** ৩১ অক্টোবর পথ অবরেধ আন্দোলন সংগঠিত করতে চলছে মিজো ব্রু ডিসপ্লেসড পিপলস ফোরাম। এমর্মে কাঞ্চনপুরের মহকুমা শাসকের মাধ্যমে উত্তর জেলার পুলিশ সুপারের কাছে একটি চিঠিও দিয়েছে ফোরাম। সংগঠনের তরফ থেকে বলা হয়েছে মূলত সরকারী ভাবে মিজোরামের রিয়াং শরণার্থীদের রেশন ও টাকা বরাদ্দ বন্ধ করে দেওয়ার প্রতিবাদে এই আন্দোলন কর্মসূচী। ফোরামের তরফ থেকে দাবী জানানো হয়েছে অবিলম্বে শরণার্থীদের মধ্যে রেশন সামগ্রী ও টাকা বরাদ্দ করার।

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# সাঁইথিয়ায় গোষ্ঠী সংঘর্ষের জেরে খুন তৃণমূল কর্মী

সাঁইথিয়া, ২৯ অক্টোবর (হি. স.) : ফের প্রকাশ্যে তৃণমূলের গোষ্ঠীসংঘর্ষ। মঙ্গলবার সকালে বীরভূমের সাঁইথিয়ায় থানা এলাকার কল্যাণপুরে তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষের জেরে গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হল শাসকদলের এক কর্মীর। নিহতের নাম শেখ ইনসান (২৬)। ঘটনার পর থেকেই এলাকায় বিশাল পুললিশ বাহিনী মোতায়ন করা হয়েছে।

গ্রামের দখল নিয়ে তৃণমূল জেলা কমিটির সদস্য সাধন চট্টোপাধ্যায় ও ব্লক চেয়ারম্যান সাবির আলীর মধ্যে রবিবার রাত থেকেই বিবাদ চলছিল। দু'দলই গ্রাম দখল করতে চাইছিল। তা নিয়েই এদিন সকাল থেকে শুরু হয় গণ্ডগোল। চলে ব্যাপক বোমাবাজি। অভিযোগ, এক গোষ্ঠী গুলি চালাতে শুরু করে। আর তাতেই মৃত্যু হয় এই তরুণ তৃণমূলকর্মীর। নিহত ইনসানের পরিবারের অভিযোগ, স্থানীয় তৃণমূল নেতা সাবের আলির নেতৃত্বে এই হামলার ঘটনা ঘটেছে। সাবেরের বাহিনীই গুলি চালায় এদিন। পুলিশ জানিয়েছে, গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে। অভিযুক্তদের খোঁজে শুরু হয়েছে তল্লাশিও। জেলা তৃণমূল নেতা অভিজিৎ সিংহ অবশ্য বলেছেন, "এটা দুই গ্রামের দুই সমাজবিরোধী গোষ্ঠীর সংঘর্ষ। এর সঙ্গে তৃণমূলের কোনও সম্পর্ক নেই।" জানা গিয়েছে, জাল সোনার কয়েন তৈরির একটা চক্র চলে এই গ্রামে। তার দখলদারির বিবাদও এই ঘটনার পিছনে থাকতে পারে।

## ভালবাসার শক্তি

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৯ অক্টোবর।।** অবশেষে ভালবাসার শক্তির কাছে হার মানে এই অনৈতিক সমাজের অযৌক্তিক কুসংস্কারের বেড়াজল। ভালবাসার এই বন্ধনকে ভাঙতে পারেনি অসামাজিক শক্তিগুলি। মঙ্গলবার হিন্দু রীতি মেনে অবশেষে বিয়ের বাঁধনে আবদ্ধ হয় বিশালগড় মহকুমাধীন রাঙ্গাপানিয়া এলাকার জয়ন্ত দেবনাথ ও তার স্ত্রী। সামাজিক রীতি নীতির অনৈতিক বেড়াজালকে ভেঙ্গে গিয়ে ভালবাসার সম্পর্কে আবদ্ধ হয়ে বিয়ে করে ভিন ধর্মের এই যুবক যুবতী। প্রথম দিকে এলাকার কিছু নিজ স্বার্থ চরিতার্থের উদ্দেশ্য নিয়ে কিছু লোক এই সম্পর্কের মধ্যে চির ধরানোর চেষ্টা করলেও অবশেষে তাদের ভালবাসার শাক্তি এই ঘৃণার শাক্তিকে হার মানাতে বাধ্য করে। অবশেষে সমাজের বিভিন্ন অংশের মানুষের উপস্থিতিতে তারা সামাজিকভাবে বিহারে বন্ধনে আবদ্ধ। বিশালগড়ের শুভবুদ্ধি সম্পন্ন মানুষের সমর্থনে এই দম্পতি আগামীদিনে জাতপাতের উর্ধে উঠে মানুষ হিসাবে মানুষের পরিচয়ের নতুন পথ দেখিয়েছে।

# বিশালগড়ে আনন্দমার্গ প্রচারক সংঘের উদ্যোগ ভাইফোঁটা

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৯ অক্টোবর।।** মঙ্গলবার ভ্রাতৃদ্বিতীয় উপলক্ষে বিশালগড় আনন্দমার্গ স্কুলে আনন্দমার্গ প্রচারক সংঘের বোনদের উদ্যোগে এক নতুনত্ব অনুষ্ঠানের কর্মসূচী পালন করে। ' ভ্রাতা মে চিরায়ু ভবতুঃ এই মন্ত্রে উদ্ভুত হয়ে সকল ভইদের দীর্ঘায়ু কামনায় এই উদ্যোগ। গত পাঁচ বছর ধরে গণহারে এইরকম ভাবে ভাইফোঁটা উৎসব অনুষ্ঠিত হচ্ছে বিশালগড়ে। তবে, বাজারের সমস্ত স্তরের ব্যবসায়ী, পথচারী, রিক্সাশ্রমিক, অটো চালক, ব্যাঙ্ক, অফিস, পুরপরিষদ, থানা এবং ফায়ার সার্ভিসে কর্মরত সল ভাইদের ভাইফোঁটার বন্ধনে আবদ্ধ করে আনন্দমার্গ প্রচারক সংঘের সমস্ত বোনরা। এই উদ্যোগকে সমস্ত বিশালগড়বাসী সাধুবাদ জানায়।

## কুকুরই হিরো

পাচের পাতার পর

দরজা বিস্ফোরণ ঘটিয়ে উড়িয়ে দেন মার্কিন বাহিনীর সদস্যরা। তাতেই মারা পড়ে ওই ঘাঁটিতে থাকা অধিকাংশ আইএস জঙ্গি ও বাগদাদির দেহরক্ষীরা। বেগতিক বুঝে তিন সন্তানকে টেনে হিঁচড়ে নিয়ে ওই কম্পাউন্ডেরই একটি অন্ধকার সুড়ঙ্গে ঢুকে পড়ে বাগদাদি। পিছু নেয় এই কুকুর। সুড়ঙ্গের অন্যমুখ বন্ধ করে দেয় মার্কিন বাহিনী। কোণঠাসা বাগদাদির দিকে তেড়ে যায় এই সেনা কুকুর। ভয় পেয়ে চিৎকার করে ওঠে আইএস প্রধান। কেঁদে ওঠে তার বাচ্চারা। পরনের আত্মঘাতী জ্যাকেট দিয়ে নিজেকে উড়িয়ে দেওয়ার আগে পর্যন্ত আইএস প্রধানকে এক চুল নজরের আড়াল করেনি এই জাঁদরেল সেনা কুকুর।

জেনারেল মার্ক মিলে জানিয়েছেন, আইএস জঙ্গিদের নিশানায় রয়েছে এই কুকুর। মার্কিন ওয়ার ডগ অ্যাসোসিয়েশনের বাকি বেলজিয়ান ম্যালিনয়েসদের মধ্যে এই কুকুরই সেরা। সবরকম ভাবে নিরাপত্তা দেওয়া হচ্ছে তাকে। বিস্ফোরণে তার পা সামান্য জখম। ২০১১ সালে আল কায়দা প্রধান ওসামা বিন লাদেনকে নিকেশ করার সময় এমনই এক বেলজিয়ান ম্যালিনয়েসকে কাজে লাগিয়েছিল মার্কিন নেভি সিল। সেই কুকুরের নাম ছিল কায়রো। মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প জানিয়েছেন, সিরিয়া অভিযানে সবচেয়ে বেশি দক্ষতার পরিচয় দেওয়ার জন্য এই সেনা কুকুরকে পুরস্কার দেওয়া হবে।

## প্রধানমন্ত্রী শেখ হাসিনা

তিনের পাতার পর

এসময় প্রধানমন্ত্রী খেলোয়াড়দের অনুশীলনের বিষয়ে বিস্তারিত খোঁজ খবর নেন এবং তাদের আরও একনিষ্ঠতার সাথে খেলাধুলায় মনোনিবেশ করার আহবান জানান।

উল্লেখ্য,২০১৬ সালের ফেব্রুয়ারিতে ভারতে অনুষ্ঠিত ১২তম এসএ গেমসে নৌবাহিনীর কৃতি সাঁতারু মাহফুজা খাতুন শীলা ৫০ মিটার এবং ১০০ মিটার ব্রেস্টস্ট্রোকে অংশ নিয়ে নতুন রেকর্ড সৃষ্টি করে দু'টি স্বর্ণ পদক লাভ করেন। আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে দেশের জন্য অনন্য সাফল্য বয়ে আনার স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রী খেলোয়াড়দের এই উপহার প্রদান করেন। তিনি খেলোয়াড়দের উৎসাহিত করার পাশাপাশি তাদের নিরাপত্তা ও পর্যাপ্ত অনুশীলনের সুবিধার্থে রাজধানী ঢাকায় তাদের জন্য আবাসন সুবিধা প্রদানের ব্যবস্থা করেন।দেশের ক্রীড়াক্ষেত্রের উন্নয়নে প্রধানমন্ত্রী সর্বদা অত্যন্ত আন্তরিক। তার ঐকান্তিক আগ্রহ, অনুপ্রেরণা ও পৃষ্ঠপোষকতার ফলে সকল প্রকারের খেলাধুলায় বাংলাদেশ উত্তরোত্তর সাফল্য অর্জন করছে।

## সম্মত বাংলাদেশ

তিনের পাতার পর

সঙ্গে খেলব আমরা। চ্যালেঞ্জ তো কিছু অবশ্যই আছে। প্রস্তুতির খুব বেশি সময় নেই। তবে ভারতের জন্যও বাস্তবতা একই। ওরাও গোলাপী বলে খেলেনি। দুই দলের জন্যই নতুন হবে বলে হয়তো ব্যবধান অনেকটা কমে যাবে।কলকাতায় এই ম্যাচ শুরু হবে আগামী ২২ নভেম্বর।

## সাদ এরশাদ

তিনের পাতার পর

৩৬ বছর বয়সী সাদ তরুণ বয়সে নানা বিতর্কে জড়ান, ঢাকায় একবার গ্রেপ্তারও হন তিনি। এরপর তাকে এরশাদই মালয়েশিয়া পাঠিয়ে দেন বলে জাতীয় পার্টির নেতারা জানান। এখন দেশে থাকা সাদ নিজেকে ব্যবসায়ী পরিচয় দিলেও তার কী ব্যবসা, তা জানা যায়নি।নির্বাচনের প্রার্থী হিসেবে হলফনায় সাদ এরশাদ জানান, বাড়ি, অ্যাপার্টমেন্ট, দোকান ভাড়া থেকে বছরে তার আয় ৮ লাখ ৩৫ হাজার ১৫৬ টাকা। আর ব্যবসা থেকে ৫০ লাখ ২৮ হাজার ১৪০ টাকা আয় তার।হাতে নগদ ৬ কোটি ২৮ লাখ ৫২ হাজার ৪৩৯ টাকা রয়েছে বলে ইসিকে জানান তিনি; বৈদেশিক মুদ্রা রয়েছে ২ কোটি ৬৫ লাখ ১২ হাজার ২৯১ টাকার সমপরিমাণ।৩৩ লাখ টাকার কৃষি জমি, ২৫ লাখ ৮৫ হাজার টাকার দালান এবং বাড়ি ও অ্যাপার্টমেন্ট মিলিয়ে ৭ কোটি ৩০ লাখ টাকার সম্পত্তির হিসাবও দেন তিনি।

এরশাদের আরেকটি ছেলে রয়েছে, তার নাম শাহতা জারাব এরিক এরশাদ; তার মা বিদিশার সঙ্গে এরশাদের বিচ্ছেদ ঘটেছে।

## যুবরাজনগরে এসআইও সম্মেলন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর ।।** আজ কৈলাসহর বাবুর বাজারের যুবরাজ নগর উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় মাঠে প্রকাশ্য সমাবেশের মধ্যে দিয়ে সপ্তাপ্তি হল দুইদিন ব্যাপি এসআইও সংগঠনের রাজ্য সম্মেলনে। গতকাল সকালে রাজ্য সম্মেলন শুরু হয়। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে দুই শতাধিক কলেজ ও ইউনিভারসিটির ছাত্ররা ওই সম্লেনে অংশ গ্রহণ করেন বলে জানা যায়। আজ প্রকাশ সমাবেশে বক্তব্য রাখেন এসআইওএর সর্বভারতীয় সভাপতি লবীদ শাফি সহ অন্যান্যরা।

# প্রজ্ঞাভবনে শিল্প সংক্রান্ত কর্মশালা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** মঙ্গলবার প্রজ্ঞাভবনে ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপন সংক্রান্ত বিষয় নিয়ে প্রজ্ঞা ভবনে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন পর্যটন দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। প্রজ্ঞাভবনে আয়োজিত কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করে পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, রাজ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের যথেষ্ট সম্ভাবনা রয়েছে। বর্তমান কেন্দ্রীয় সরকার উত্তর পূর্বাঞ্চলে শিল্প বিকাশে গুরুত্বারোপ করেছে। সেই কারণেই এ ধরনের কর্মশালার আয়োজন করা হয়েছে। স্বসহায়ক দল সহ শিল্প উদ্যোগীদের উৎসাহী করতে এ ধরনের কর্মশালা খুবই সময় উপযোগী। পর্যটনমন্ত্রী বলেন, পর্যটন শিল্পের বিকাশের মধ্য দিয়েও কর্মসংস্থান ও রাজ্যের আর্থিক সমৃদ্ধি ঘটার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। মন্ত্রী বলেন, সরকারী চাকরি দিয়ে সকলকে সম্বদ্ধ করা সম্ভব নয়। রাজ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প স্থাপনের মধ্য দিয়ে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করতে চায় সরকার। রাবার, বাঁশ, কৃষি, ফল ইত্যাদি থেকে শিল্প স্থাপনের সম্ভাবনা রয়েছে। এসব বিষয়ে গুরুত্ব দেওয়া হচ্ছে। পর্যটনমন্ত্রী বলেন, উৎপাদিত সামগ্রী বাজারজাত করার উপরও গুরুত্ব দেওয়া হবে। পর্যটন শিল্পকে বিশেষ মর্যাদায় সম্পন্ন স্থানে পৌঁছে দিতে চেষ্টা চালাচ্ছে বলেও উল্লেখ করেন পর্যটনমন্ত্রী। কর্মসালায় ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায় সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

# নেশার বিরুদ্ধে সচেতনতায় প্রজাপিতা ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর ।।** রাজ্য সরকার রাজ্যকে নেশামুক্ত রাজ্য হিসেবে গঠন করার স্বপ্ন নিয়ে কাজ করে চলেছে। এই স্বপ্নকে সফল করতে অংশীদার হয়েছে প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়। উদয়পুর মাতাবাড়িতে দীপাবলি উৎসব ও মেলাতে একটি স্টল খুলে নেশা বিরোধী প্রচারে শামিল হয়েছেন প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীয় বিশ্ব বিদ্যালয়ের স্বেচ্ছাসেবীরা। নেশাগ্রস্তদের নেশামুক্ত হওয়ার বিভিন্ন উপায় সম্পর্কে প্রচার চালানো হয়। কুসঙ্গ ছেড়ে সৎ সংঘে আকৃষ্ট হতে উৎসাহিত করা হয় যুব সমাজকে। তাতে পরিবারে সুখ, সমৃদ্ধি, আনন্দ, সহনশীলতা, উদারতা এবং মূল্যবোধের জাগরণ ঘটবে বলে অভিমত ব্যক্ত করেছেন প্রচারকরা।

# লোকসংস্কৃতি উৎসব রবীন্দ্র ভবনে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হবে দু'দিনব্যাপী লোক সংস্কৃতি উৎসব-২০১৯। রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২ নং প্রেক্ষাগৃহে আগামীকাল সন্ধ্যা ৬টায় এই উৎসবের উদ্বোধন করবেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশিষ্ট কবি ও লেখক নন্দ কুমার দেববর্মা। এবং সভাপতিত্ব করবেন রাজ্যে সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সহ-সভাপতি সুভাষ দেব।

# শান্তিকালী আশ্রমে মহাযজ্ঞ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** সাম্প্রদায়িক সম্প্রীতি ও বিশ্ব শান্তিতে চম্পকনগর চিন্তারাম কোবরা পাড়াস্থিত শান্তিকালী আশ্রমে তিন দিন ব্যাপী মহাযজ্ঞ ও হরিনাম সংকীর্তনের আয়োজন করা হয়। শান্তিকালী আশ্রমের প্রধান চিত্তমহারাজ এই যজ্ঞানুষ্ঠান পরিচালনা করেন। মঙ্গলবার আসামের অর্থমন্ত্রী তথা নেডার চেয়ারম্যান হেমন্ত বিশ্বশর্মা ও উপস্থিত হন এই মহাযজ্ঞে। যজ্ঞানুষ্ঠানে তিনি আহুতি প্রদান করে আশীর্বাদ গ্রহণ । উপস্থিত ছিলেন সাংসদ প্রতিমা ভৌমিক সহ ত্রিপুরা খাদি ও গ্রামোদ্যোগ বোর্ডের চেয়ারম্যান রাজীব ভট্টাচার্য। এই যজ্ঞানুষ্ঠান ও নামকীর্তনকে কেন্দ্র করে পূণ্যার্থীদের উপস্থিতি ছিল লক্ষনীয়।

## অস্বাভাবিক মৃত্যু

আটের পাতার পর

থেকে রক্ষা করতে খেতের চারপাশে বিদ্যুৎ পরিবাহী তার লাগিয়েছেন। তাই মৃত হাতির অবস্থান দেখে তাঁদের নিশ্চিত ধারণা বিদ্যুৎপৃষ্ঠ হয়েই বুনো হাতিটির মৃত্যু হয়েছে। তবে ময়না তদন্তের জন্য বিশেষজ্ঞ চিকিৎসকরা এসেছেন। ময়না তদন্তের পর জানা যাবে তার মৃত্যুর আসল কারণ।

অন্যদিকে স্থানীয়রা বলছেন, পার্শবর্তী নাগাল্যান্ডের বাসিন্দারাই হাতিটিকে মেরেছে। তবে ঘটনা সম্পর্কে বন দফতর তদন্ত শুরু করেছে।

## বোন লকেটের

আটের পাতার পর

ভাইফোঁটার সাতসকালে দিলীপ ঘোষের বাড়িতে গিয়ে ভাইফোঁটা সারলেন হুগলির বিজেপি সাংসদ। 'দিলীপদা'কে ফোঁটা দিয়ে উচ্ছ্বসিত লকেট। ফোঁটার পর লকেটের থেকে জহর কোট উপহার পেয়ে খুশিতে ডগমগ বিজেপি রাজ্য সভাপতিও।ভাইফোঁটা সেরে লকেট বলেন, "খুব ভাল লাগছে। প্রতিবছরের মতো এবারও দিলীপদাকে ফোঁটা দিলাম। উনি সবার ভাল করুক। বাংলার মানুষের জন্য লড়াই করুক। উনি মহিলাদের কাজের সুয়োগ করে দিয়েছেন। মানুষ হিসেবে যেন এভাবেই থাকেন বরাবর"।

লকেটের ফোঁটা নিয়ে দিলীপ বললেন, "ভাইফোঁটা খুবই আনন্দের মুহূর্তের। মায়ের পেটের ভাই-বোন না হলেও, সংগঠনের বোনেরা ফোঁটা দিচ্ছেন। লকেটের নেতৃত্বে ভাইফোঁটা শুরু হয়েছিল। ওঁর ফোঁটা নিয়ে সকালটা বেশ ভাল করেই শুরু হল। জহর কোট উপহার গিয়েছে। ভাইবোনের মধুর সম্পর্ক অটুট থাকুক"। ফোঁটার পর দিলীপবাবুর টুইটারে ভাসতে থাকে দাদা-বোনের ছবি। ক্রমে ছড়িয়ে পড়ে সেটি।

## করল সিবিআই

আটের পাতার পর

অভিযোগ। এছাড়াও বালিগঞ্জ, সোনারপুর সহ পৈলানের পাঁচটি অফিসে তল্লাশি হয়। এই অফিসগুলর যাবতীয় নথি খতিয়ে দেখা হয়। এর পিছনে অন্য কোনও প্রভাবশালী ব্যক্তির হাত রয়েছে কিনা তাও খতিয়ে দেখা হচ্ছে।

# চলল গুলি

আটের পাতার পর

জমি নিয়ে কয়েক বছর ধরেই আমাদের সঙ্গে প্রতিবেশীদের ঝামেলা চলছিল। আজ হঠাৎ তারা আমাদের উপর হামলা চালায় । পাঁচজন গুরুতর জখম হয়।' দুই গোষ্ঠীরই বক্তব্য, স্থানীয় তৃণমূল নেতাদের এই বিবাদ মিটিয়ে দেওয়ার কথা বলা হয়েছিল, কিন্তু তাঁরা তা করেননি। অনেকের অভিযোগ, এদিনের সংঘর্ষের ঘটনা ঘটেছে শাসক দলের নেতাদের সামনেই। যদিও তৃণমূলের তরফে তা অস্বীকার করা হয়েছে। জানা গেছে, এই চা বাগানের জমিতে কাঁচা পয়সার লেনদেন চলে। তা থেকেই গণ্ডগোলের সূত্রপাত। স্থানীয়দের বক্তব্য, এই এলাকায় প্রায় সারা বছরই জমি বিবাদ লেগে থাকে। যখন যে সরকারে থাকে তারাই প্রচ্ছন্ন মদত দেয়। এর পিছনে রয়েছে চা বাগানের কাঁচা টাকা। তাঁদের বক্তব্য, অন্যত্র যেমন খাদানের কয়লা বা বালি নিয়ে গণ্ডগোল বাঁধে, এখানে তেমন চা বাগানের জমি।

## প্রতিবেশী

● প্রথম পাতার পর

অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি ভারতের মত বড় উন্নয়নশীল দেশগুলির গৃহীত পথের উপর নির্ভর করে। সেপ্টেম্বরে তিনি রাষ্ট্রসংঘের সাধারণ অধিবেশনে যেমন উল্লেখ করেছিলেন, সবার বিশ্বাসের সার্বিক বিকাশের জন্য সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন।

তিনি বলেন যে, অর্থনৈতিক অনিশ্চয়তা ভারসাম্যহীন বহুপক্ষীয় বাণিজ্য ব্যবস্থার ফলাফল। জি-২০ এর অধীনে ভারত ও সৌদি আরব যৌথভাবে বৈষম্য হ্রাস করতে এবং উন্নয়নের জন্য সর্বদা কাজ করছে। আমি জেনে খুশি যে সৌদি আরব আগামী বছর জি-২০ সম্মেলন আয়োজন করবে এবং ২০২২ সালে স্বাধীনতার ৭৫তম বর্ষ উপলক্ষ্যে ভারত এটির আয়োজন করবে।

পশ্চিমী অর্থনীতির বর্তমান মন্দা এবং এই পরিস্থিতিতে ভারত ও সৌদি আরবের ভূমিকার প্রশ্নে প্রধানমন্ত্রী বলেন, ব্যবসায়িক বান্ধব পরিবেশ তৈরি এবং বৈশ্বিক বিকাশ ও স্থিতিশীলতা নিশ্চিত করার ক্ষেত্রে ভারত মূল চালক হওয়ার দিকে বেশ কয়েকটি সংস্কার করেছে। ভারত সরকার ঘোষিত বিস্তৃত স্মার্ট সিটি প্রকল্পে সৌদি আরবের অংশগ্রহণের প্রশ্নে প্রধানমন্ত্রী মোদী বলেন যে, ভারত ও সৌদি আরবের মধ্যে সহযোগিতার অন্যতম প্রধান ক্ষেত্র পরিকাঠামো প্রকল্পগুলিতে বিনিয়োগ অন্তর্ভুক্ত হয়েছে। ২০১৯ সালের ফেব্রুয়ারিতে তাঁর ভারত সফরের সময়, ক্রাউন প্রিন্স ভারতের সমস্ত অঞ্চলে ১০০ বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের ইচ্ছা প্রকাশ করেছিলেন। তিনি বলেছিলেন যে, ভারতের স্মার্ট সিটি প্রকল্প সহ তার পরিকাঠামোগত প্রকল্পগুলিতে সৌদি আরব আরও বেশি বিনিয়োগকে স্বাগত জানায়। আমরা জাতীয় বিনিয়োগ এবং পরিকাঠামো তহবিলগুলিতে সৌদি আরবের বিনিয়োগের ক্ষেত্রে আগ্রহী হওয়ারও স্বাগত জানাই।

প্রধানমন্ত্রী বলেন যে, অন্যান্য বড় উদ্যোগগুলি হ''ল সৌদি আরবে রুপে কার্ড চালু করা যা বিদেশী ভারতীদের জন্য আর্থিক আদান-প্রদানে পাশাপাশি ভারতীয় শ্রমিকদের সৌদি আরবে অভিবাসনের অনুমতি দেবে এবং এর অর্থ প্রদানের সুবিধা প্রদান করবে। এই চুক্তিটি আমাদের একাডেমিতে কূটনীতিকদের প্রশিক্ষণের বিষয়ে প্রস্তাব এবং একক চুক্তিতে অন্তর্ভুক্ত রয়েছে।

প্রধানমন্ত্রী মোদীর সফরের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হল দুই দেশের মধ্যে কৌশলগত অংশীদারি কাউন্সিল (এসপিসি) প্রতিষ্ঠা করা। এটা হলে ব্রিটেন, ফ্রান্স এবং চিনের পরে সৌদি আরবের সাথে কৌশলগত অংশীদারি কাউন্সিল (এসপিসি) প্রতিষ্ঠা করা ভারত চতুর্থ দেশ হবে।

## সমাজকে

● প্রথম পাতার পর

রাজত্ব করলেও ভারতীয় ঐতিহ্যের পরম্পরা এখনও বহমান । আজ এখানে যে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হল সেটা তারই নির্দশন ।

অনুষ্ঠানে বিধায়ক মিমি মজুমদার বলেন, ভারতীয় সংস্কৃতির ঐতিহ্য ধরে রাখতে ভারত সেবাশ্রম সঙ্ঘ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে । ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায় বলেন, সমাজের জন্য কিছু করার মানসিকতা যখন হারিয়ে যাচ্ছে তখন কনিষ্ক ফাউণ্ডেশন এক বিরল নজির স্থাপন করলো । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কনিষ্ক ফাউণ্ডেশনের চেয়ারম্যান ডা. প্রদীপ পাল বলেন, এই অনাথ আশ্রমের পাশাপাশি এখানে ক্যান্সার প্রিভেনশন সেন্টার গড়ে তোলার উদ্যোগ নেবে ফাউণ্ডেশন । ফাউণ্ডেশনের আগরতলার প্রতিনিধি অজিত কুমার পাল ফাউণ্ডেশনের বিস্তারিত কর্মসূচি তুলে ধরেন । অনুষ্ঠানে আশির্বাণী দেন শ্রীমৎ স্বামী পূন্যাত্মানন্দজী মহারাজ। স্বাগত বক্তব্য রাখেন নারায়ণ মহারাজ। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন সঙ্ঘের সম্পাদক অচলানন্দ মহারাজ।

## ভাইফোঁটা

● প্রথম পাতার পর

কামনা করেছি। পাশাপাশি ত্রিপুরাকে মডেল রাজ্য বানানোর তাঁর স্বপ্ন সত্যি হোক, এই প্রার্থনা করেছি।

এদিকে, আজ ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ভ্রাতৃদ্বিতীয়া উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তিনি বলেন, ভ্রাতৃদ্বিতীয়ার মাধ্যমে সৌহার্দ্যপূর্ণ মানসিকতা তৈরি করা লক্ষ্য। তাঁর কথায়, এই উৎসব ভাই-বোনের নিবিড় সম্পর্ককে আরও সুদৃঢ় করে। সাথে তিনি দাবি করেন, যাঁরা ত্রিপুরার বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন আজ বোনেদের আশীর্বাদ ঢাল হয়ে দাঁড়াবে। তাঁর দৃঢ় বিশ্বাস, জয় শান্তির হবেই।

## আইনমন্ত্রীর

● প্রথম পাতার পর

রাজ্যে অসংখ্য ঠিকেদার রয়েছে। এই কাজগুলিকে যদি পৃথক পৃথকভাবে দেওয়া হতো আরও দ্রুত কাজ গুলো সম্পন্ন হতে পারতো বলে তিনি উল্লেখ করেন। আইনমন্ত্রী রতন লাল নাথ বলেন, মানিকবাবু যে উদ্দেশ্যে কাজগুলি দিয়েছিলেন সেই উদ্দেশ্য এখনও পর্যন্ত সকল হয়নি। এখনও পর্যন্ত সেই কাজ অসম্পন্ন রয়েছে বলে জানান রতনবাবু। প্যাকেজ করে কাজগুলি পরিকল্পিতভাবে দেওয়া হয়েছিল বলে উল্লেখ করেন তিনি।

## দেশের

● প্রথম পাতার পর

অবসর গ্রহণের একমাস আগে প্রধান বিচারপতি তাঁর উত্তরসূরি হিসাবে পরবর্তী প্রধান বিচারপতির নাম সুপারিশ করেন বলে একটি সরকারি সূত্র জানিয়েছে।আগামী ১৮ নভেম্বর সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি হিসাবে শপথ নেবেন বিচারপতি বোবদের, যাঁর মেয়াদ হবে প্রায় ১৮ মাস।

## সতর্কতা

● প্রথম পাতার পর

প্রসঙ্গ। তার পর থেকেই রেলস্টেশন, বিমানবন্দর, বাসস্ট্যান্ড, বাজারের মতো যেখানে লোক সমাগম বেশি হয়, সেই সব জায়গায় নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে। কড়া নজরদারি রয়েছে পুলিশ ও অন্যান্য নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থার।

# মহিলা গ্রাম প্রধানকে মারধর

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৯ অক্টোবর।।** চড়িলাম বিধানসভার লালসিংমুড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান সোমা দেবনাথকে অকথ্য ভাষায় গালিগালাজ ও মারধর করার অভিযোগে বিশালগড় মহিলা থানায় একটি মামলা রুজু হয়েছে। ঘটনার বিবরণে জানা গিয়েছে, গত ২৭ অক্টোবর রাত আনুমানিক একটা নাগাদ মদমত্ত অবস্থায় এলাকার অমরচাঁন মহাজন (৪৫) বিশ্রি ভাষায় গালিগালজ থেকে হয় বাকবিতন্ডা। এক সময়ে তীব্র ভাষায় গালিগালিজকে কেন্দ্র করে প্রধান প্রতিবেশীর বাড়িতে যায়। পরবর্তী সময়ে প্রধানের গায়ে ধাক্কা দেয়। পরে গণধোলাই দিয়ে অমরচাঁন মহাজনকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। এই ব্যাপারে বিশালগড় মহিলা থানায় একটি মামলা রুজু করা হয়েছে। মামলায় ধারা প্রয়োগ করা হয়েছে ৪৫৭, ৫০৯, ৫০৬ আইপিসি।

# কৈলাসহরে বিদ্যুৎ বিভ্রাট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর ।।** কৈলাসহর মহকুমার ধনবিলাশ সহ আশপাশের বেশ কয়েকটি গ্রাম পঞ্চায়েত এলাকায় গত কয়েকদিন থেকে বিদ্যুৎ পরিষেবা একেবারেই অচল। যার ফলে এলাকায় জনসধারণ আজ ক্ষুব্ধ হয়ে সহর কোমারঘাট রাস্তা অবরোধ করেন. এতে যান চলাচলে ব্যাঘাত ঘটে। খবর পেয়ে অতিরিক্ত মহকুমা শাসক রূপক ভট্টাচার্য সহ বিদ্যুঠ দপ্তরের কয়েকজন আধিকীক ঘটনাস্থলে ছুটে গিয়ে জনসাধারণের সাথে কথা বলে অবরুধ মুক্ত করান। আজ বিকাল চার টা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত অবরোধ চলে। অতিরিক্ত মহকুমা শাসক কয়েকদিন থেকে এলাকায় বিদ্যুৎ না থাকায় বিদ্যুৎ দপ্তরের অধিকারীদের উপর উপস্থিত জনতার ক্ষোভ প্রকাশ করেন। এবং তিনি আগামী কালের মধ্যে যাতে এলাকায় বিদ্যুৎ সরবরাহ হয় তার ব্যবস্থা করার জন্য বলেন। আগামী কালের মধ্যে তিনি নিজেই খোজ খবর নিবেন যাতে বিদ্যুৎ পৌছে যায় এলাকায়। এই কথঅয় এলাকাবাসীরা অবরোধ তুলে নেন। এই রকম সমস্যা কৈলাসহরে প্রায় হয়। গত কয়েকদিন পূর্বে রাজ্য বিধানসভায় কৈলাসহরের বিধায়ক বিদ্যুঠ সমস্যায় অনেক কথা বলে দেন তা জানা গেঠে। এতেও কোন কাজ হয়নি।

## আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে সর্বোচ্চ রান খরচের রেকর্ড গড়লেন এই বোলার

আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে সর্বোচ্চ রান খরচের রেকর্ড গড়লেন শ্রীলঙ্কান পেসার কাসুন রাজিথা। এদিন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টি-টোয়েন্টি ম্যাচে ৪ ওভার হাত ঘুরিয়ে ৭৫ রান খরচ করেন কাসুন।অ্যাডিলেডে এদিন বল হাতে একেবারেই দাগ কাটতে পারেননি শ্রীলঙ্কার ২৬ বছর বয়সী এই পেসার। কাসুনের এদিন ইকোমনি রেট ১৮.৭৫! বোলিং স্পেলের প্রথম ওভারে ১১ রান খরচের পর দ্বিতীয় ওভারে ২১ রান খরচ করেন। বোলিং কোটার পরের দুই ওভারে এরপর ২৫ ও ১৮ রান খরচ করেন কাসুন। চার ওভার হাত ঘুরিয়ে ৭টি বাউন্ডারি ও ৬টি ছয় হজম করেছেন শ্রীলঙ্কার এই পেসার।এর আগে আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে ৪ ওভারে সর্বোচ্চ ৭০ রান খরচ করার রেকর্ড ছিল তুরস্কের তুনাহান তুরানের। চলতি বছরের অগাস্টে চেক রিপাবলিকের বিরুদ্ধে এক ম্যাচে এই রান খরচ করেন তুনাহন।অন্যদিকে ম্যাচে এদিন দুরন্ত সেঞ্চুরি হাঁকালেন ডেভিড ওয়ার্নার। ৫৬ বলে শতরান হাঁকিয়ে অপরাজিত থাকেন।প্রসঙ্গত টি-টোয়েন্টি ক্রিকেটে এটিই ওয়ার্নারের প্রথম শতরান। সেই সঙ্গে ৩৩ তম জন্মদিন পা দিয়ে শতরান হাঁকিয়ে নিজেই নিজেকে সেরা উপহার দিলেন ওয়ার্নার। বাঁ-হাতি ওপেনারের বিধ্বংসী ইনিংস সাজানো ছিল ১০টি চার ও ৪টি ছয় দিয়ে।অ্যাডিলেডে আজ ওয়ার্নারের এমন বিস্ফোরক ব্যাটিংয়ের সুবাদে নির্ধারিত ২০ ওভারে ২ উইকেট হারিয়ে ২৩৩ রান তুলেছে অস্ট্রেলিয়া।

# সভাপতি সৌরভের দাদাগিরি, ইডেনেই ভারতের প্রথম দিন রাতের টেস্ট



পিঙ্ক বল টেস্ট নিয়ে বেশ কিছু মাস ধরেই চলছিল জল্পনা। ভারতের মাটিতে দিন রাতের টেস্ট ম্যাচ হবে কি না সেই নিয়ে শুরু হয়ে যুক্তি-পাল্টা যুক্তি লেগে ছিল। তবে এবার সেই সব কিছুর অবসান ঘটিয়ে বোর্ড সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়ের হাত ধরে এবার ভারতের মাটিতে প্রথম দিনে রাতের টেস্ট হতে চলেছে ২২ নভেম্বর থেকে। বোর্ড সভাপতি হওয়ার পর থেকেই টেস্ট ক্রিকেটকে জনপ্রিয় করে তোলার জন্য সন্ধ্যার পর টেস্ট ক্রিকেট চাইছিলেন সৌরভ। এবার তার এই কথায় সায় দিয়ে ইডেন গার্ডেন্সেই প্রথম দিন রাতের টেস্ট ম্যাচে নামতে চলেছে ভারত ও বাংলাদেশ। মঙ্গলবার সেই প্রস্তাবে সম্মতি দিল বাংলাদেশ ক্রিকেট বোর্ড।অতীতে আন্তর্জাতিক ক্রিকেটে পিঙ্ক বল টেস্ট হলেও, সেই খেলার সঙ্গে যুক্ত ছিল না ভারতীয় দল। এখনও পর্যন্ত দিন রাতের টেস্ট খেলা হয়নি কোহলিদের। এবার টেস্ট ক্রিকেটের এই নয়া ফরম্যাটের মজা পেতে চলেছে ভারতীয় ক্রিকেট দল। আর সেই সঙ্গে সম্মতি দিয়ে মাঠে নামতে চলেছে বাংলাদেশ দলও। ভারতীয় ক্রিকেটে বেশ কিছুর প্রত্যাবর্তনের সাক্ষী ছিলেন অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়। এবার দিন রাতের টেস্ট ক্রিকেটও ভারত খেলতে চলেছে সৌরভ গঙ্গোপাধ্যায়ের তত্ত্বাবধানেই। সেহবাগ ২০০৬য়েই সৌরভ গাঙ্গুলীকে নিয়ে করেছিলেন এই ভবিষ্যতবাণী, ১৩ বছর পর হল সত্যি

ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলী বিসিসিআইয়ের নতুন সভাপতি হয়ে গিয়েছেন। তিনি ভারতের মাত্র দ্বিতীয় অধিনায়ক যিনি এই পদে আসীন হলেন। ভারতীয় ক্রিকেটের সঙ্গেই পুরো বিশ্বেই সৌরভ গাঙ্গুলীর বড়ো নাম রয়েছে আর এই কারণে তার সভাপতি হওয়ার পর ক্রিকেট সমর্থক আর পন্ডিতরা তাদের কাছ থেকে অনেকটাই আশা রাখছেন।বীরেন্দ্র সেহবাগ জানালেন বড়ো কথা

ভারতীয় দলের প্রাক্তন ওপেনার বীরেন্দ্র সেহবাগ খোলসা করেছেন যে তিনি অনেক আগেই জেনে গিয়েছিলেন যে দাদা বিসিসিআইয়ের সভাপতি হতে পারেন। ২০০৬ এর দক্ষিণ আফ্রিকা সফরকে স্মরণ করে বীরু ইন্ডিয়ান এক্সপ্রেসের নিজের কলামে লিখেছেন,'যখন আমি প্রথমবার শুনি যে গাঙ্গুলী বিসিসিআইয়ের সভাপতি হতে চলেছেন তো আমার ২০০৭ এর কথা মনে পড়ে যায় যখন আমরা দক্ষিণ আফ্রিকার সফরে ছিলাম। কেপটাইউ টেস্ট চলাকালীন আমি আর ওয়াসিম জাফর দ্রুত আউট হয়ে গিয়েছিলাম। শচীনকে ৪ নম্বরে ব্যাটিং করতে হত কিন্তু উনি যাননি। তখনই গাঙ্গুলীকে চার নম্বরে ব্যাটিং করার জন্য বলা হয়েছে। গাঙ্গুলীর কামব্যাক সিরিজ ছিল আর তার উপর চাপ ছিল, কিন্তু যেভাবে উনি ব্যাটিং করেছিলেন আর চাপকে সামলেছিলেন, সেটা স্রেফ গাঙ্গুলীই করতে পারতেন'।আরো একটি ভবিষ্যতবাণী করেছিলেন সৌরভ গাঙ্গুলীর বিসিসিআই সভাপতি হওয়ার ভবিষ্যতবাণীর সঙ্গেই বীরেন্দ্র সেহবাগ সেইদিন আরো একটি কথা বলেছিলেন। তার মতে সৌরভ গাঙ্গুলী পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীও হতে পারেন। যদিও দাদা এখনো পর্যন্ত রাজনীতিতে পা রাখেননি কিন্তু তিনি যদি এমন করেন তো তার জনপ্রিয়তা দেখে তিনি মুখ্যমন্ত্রীও হতে পারেন। বীরেন্দ্র সেহবাগ আগে বলেন,'ওইদিন আমাদের সমস্ত খেলোয়াড়দের মনে হয়েছিল যে যদি আমাদের খেলোয়াড়দের মধ্যে কেউ বিসিসিআই প্রেসিডেন্ট হতে পারেন তো তিনি হলেন দাদাই। আমি এটাও বলেছিলাম যে একদিন উনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীও হবে। একটা ভবিষ্যতবাণী তো পূর্ণ হয়ে গিয়েছে আরো একটা বাকি রয়েছে'।

# দু''বছরের জন্য শাকিব আল হাসানকে নির্বাসিত করল আইসিসি

বাংলাদেশের স্টার অলরাউন্ডার ও ক্যাপ্টেন শাকিব আল হাসানকে দু''বছরের জন্য নির্বাসিত করল আইসিসি। মঙ্গলবার সন্ধায় ক্রিকেটের সর্বোচ্চ নিয়ামক সংস্থা টুইট করে ও নিজেদের ওয়েবসাইটে এই খবর জানিয়ে দিল।কিব বছর দুয়েক আগে এক বুকির থেকে আন্তর্জাতিক মাচ গড়াপেটার প্রস্তাব পেয়েছিলেন। সে বিষয়ে তিনি আইসিসি-র অ্যান্টি করাপশন অ্যান্ড সিকিউরিটি ইউনিট (এসিএসইউ)কে কিছুই জানাননি। সেই অপরাধেই শাকিবের ওপর নেমে এল শাস্তির খাঁড়া।শাকিব আইসিসি-র অ্যান্টি করাপশন কোডের তিনটি ধারা লঙ্ঘন করায় এই শাস্তি ভোগ করছেন। এমনটাই জানিয়ে দিয়েছে আইসিসি। সেই তিনটি ধারা অপরাধ১) আর্টিকেল ২.৪.৪- এসিইউ-কে দুর্নীতি সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে সম্পূর্ণ তথ তুলে ধরার বর্থতা।

২০১৮ সালে বাংলাদেশ, শ্রীলঙ্কা ও জিম্বাবোয়ে ত্রি-দেশীয় সিরিজ /কিম্বা ২০১৮ আইপিএল সংক্রান্ত।২) আর্টিকেল ২.৪.৪- ২০১৮-র জানুয়ারিতে দ্বিতীয় প্রস্তাবের সময়ও তিনি এসিইউ-কে পুরো তথ দিতে বর্থ হওয়া।৩)



আর্টিকেল ২.৪.৪- ২০১৮ আইপিএলের ২৬ এপ্রিল সানরাইজার্স হায়দরাবাদ বনাম কিংস ইলেভেন পাঞ্জাব মাচ চলাকালীন এসিইউ-কে দুর্নীতি সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে সম্পূর্ণ তথ তুলে ধরার বর্থতা।এই নির্বাসনের পর শাকিবের পক্ষে আর আসন্ন ভারত সফরে অংশ নেওয়া সম্ভব নয়। শাকিব আগামী বছর আইপিএল ও টি-২০ বিশ্বকাপেও (১৮ অক্টোবর-১৫ নভেম্বর) খেলতে পারবেন না।নিজের দোষ স্বীকার করে ক্ষমা চেয়ে নিয়েছেন শাকিব। তিনি বলছেন, ''দু''বছরের নির্বাসিত হয়ে আমি অত্যন্ত দুঃখিত। কিন্তু আমার এই অপরাধ আমি পুরোপুরি স্বীকার করে নিচ্ছি। আমি দুর্নীতিমুক্ত ক্রিকেটের অঙ্গ হতে চেয়েও আইসিসি-এসিইউেয়র কর্তব পালন করতে পারিনি। আমি ভবিষতে তরুণ ক্রিকেটারদের সমর্থন করব যাতে তাঁরা আমার মতো এই ভুল না-করে ভবিষতে।''

## ওয়ার্নার একাই একশো, লঙ্কা বধ অস্ট্রেলিয়ার

২০১৮ সালে নিউজিল্যান্ডের বিরুদ্ধে দলের জার্সি গায়ে শেষ টি-২০ ম্যাচ খেলেছিলেন ডেভিড ওয়ার্নার। তারপর বল বিকৃতি কাণ্ডের জেরে এক বছর নির্বাসনে থাকেন তিনি। বিশ্বকাপে নির্বাসন কাটিয়ে ফিরে এলেও এই প্রথম নির্বাসন শেষে জাতীয় দলের জার্সিতে টি-২০ ম্যাচ খেললেন ওয়ার্নার। আর ফিরে এসেই শ্রীলঙ্কার বিরুদ্ধে ব্যাটিং ঝড় তোলেন অস্ট্রেলিয়ার এই বাঁ-হাতি ব্যাটসম্যান। কিন্তু টার্গেট তো দূরের কথা ওয়ার্নারের রান তুলতেই পারল না লঙ্কা বাহিনি। ফলে অস্ট্রেলিয়া-শ্রীলঙ্কা সিরিজের প্রথম টি-২০ ম্যাচে অ্যাডিলেডে দুরন্ত জয় পেল অস্ট্রেলিয়া।আগামী বছর টি-২০ বিশ্বকাপ। তাই সে কথা মাথায় রেখেই স্মিথ ও ওয়ার্নারকে ফিরিয়ে এনেছে ক্রিকেট অস্ট্রেলিয়া। তবে এদিন স্মিথকে ব্যাট হাতে নামতে হয়নি। লাসিথ মালিঙ্গাদের নাজেহাল করতে অ্যাডিলেডের বাইশ গজে এদিন একাই একশো ছিলেন ওয়ার্নার। দশটি ৪ ও ৪টি ৬-এর মাধ্যমে তিনি ১০০ করেন।সব মিলিয়ে নির্ধারিত কুড়ি ওভারে ২৩৩ রান তোলে অস্ট্রেলিয়া। জবাবে ব্যাট করতে নেমে ৯৯ রানেই থেমে যায় শ্রীলঙ্কার ইনিংস। তাই জয় পায় অস্ট্রেলিয়া। সিরিজের বাকি ম্যাচগুলিতে এখন কী হয়, এখন সেটাই দেখার।

**PNIe-T No. 02/EE/DWS/KD/2019-20 Dt. 24/10/2019**
(1) DNIe-T No.01/EE/DWS/KD/2019-20
(2) DNIe-T No.02/EE/DWS/KD/2019-20
(3) DNIe-T No.05/EE/DWS/KD/2019-20
(4) DNIe-T No.07/EE/DWS/KD/2019--20
(5) DNIe-T No.09/EE/DWS/KD/2019-20
(6) DNIe-T No.10/EE/DWS/KD/2019-20
(7) DNIe-T No.15/EE/DWS/KD/2019-20
(8) DNIe-T No.17/EE/DWS/KD/2019-20
(9) DNIe-T No.19/EE/DWS/KD/2019-20
(10) DNIe-T No.23/EE/DWS/KD/2019-20
(11) DNIe-T No.29/EE/DWS/KD/2019-20
(12) DNIe-T No.30/EE/DWS/KD/2019-20
(13) DNIe-T No.31/EE/DWS/KD/2019-20
(14) DNIe-T No.32/EE/DWS/KD/2019-20
(15) DNIe-T No.33/EE/DWS/KD/2019-20
Period of downloading of biding documents at:- 25/10/2019 to 22/11/2019
Deadline for online Bidding :- 22/11/2019 up to 15.00 Hours
Date & Time of opening Bid :- 25/11/2019 up to 16.00 Hours
Place of opening of Bid(s) :- O/o the Executive Engineer, DWS Division, Kumarghat
For details please contact to the office of the undersigned.
For details please visit:- www.tripuratenders.gov.in
FOR AND ON BEHALF OF THE GOVERNOR OF TRIPURA
ICA/C-1462/2019
**Executive Engineer,**
**DWS Division, Kumarghat.**
**Unakoti Tripura.**

## অন্যায়ভাবে কোচের পদ থেকে বরখাস্ত হয়েছিলেন কুম্বলে

ভারতীয় ক্রিকেট দলের প্রকাতন অধিনায়ক সৌরভ গাঙ্গুলী গতকাল ২৩ অক্টোবর অফিসিয়ালি বিসিসিআইয়ের প্রেসিডেন্ট পদে আসীন হয়েছেন। গাঙ্গুলী বিসিসিআইয়ের ৩৯তম প্রেসিডেন্ট হলেন আর দ্বিতীয় ভারতীয় অধিনায়কও হলেন যিনি এই পদে বসলেন। দাদার প্রেসিডেন্ট পদে আসতেই সোশ্যাল মিডিয়ায়, টিভি চ্যানেলে চেয়ে রয়েছেন। প্রত্যেকেই দাদাকে শুভেচ্ছা জানাচ্ছেন, এই তালিকায় টিম ইন্ডিয়ার অধিনায়ক আর কোচ থাকা অনিল কুম্বলেও দাদাকে শুভেচ্ছা জানিয়ে টুইট করে খুশি প্রকাশ করেছেন।তোমার গাইডেন্সে ইন্ডিয়ান ক্রিকেটের হবে বিকাশসৌরভ গাঙ্গুলীর প্রেসিডেন্ট হওয়ায় ক্রিকেট ফেটারনিটির দীপাবলীর খুশি যেনো দ্বিগুন করে দিয়েছে। প্রত্যেকেরই আশা যে টিম ইন্ডিয়ার সফল অধিনায়ক থাকা সৌরভ গাঙ্গুলী যেভাবে টিমকে নতুন রূপ দিয়ে বড়ো বড়ো খেলোয়াড় তৈরি করেছিলেন এখন তিনি প্রেসিডেন্ট হয়েও ভারতীয় ক্রিকেটকে আরো উঁচুতে নিয়ে যাবেন। দাদার অধিনায়কত্বে দীর্ঘদিন খেলা অনিল কুম্বলে দাদাকে শুভেচ্ছা জানিয়ে টুইট করে লিখেছেন,'শুভেচ্ছা দাদা। সত্যিই আমি তোমার আর ভারতীয় ক্রিকেটের জন্য খুশি। আমার বিশ্বাস যে তোমার গাইডেন্সে ভারতীয় ক্রিকেটের বিকাশ হবে। সবসময়ের জন্য সেরা'।

লোক সংস্কৃতি উৎসব ২০১৯
৩০-৩১ অক্টোবর,২০১৯ ● সন্ধ্যা ৬টা
রবীন্দ্র শতবার্ষিকী ভবন ● দ্বিতীয় প্রেক্ষাগৃহ
আগরতলা ● ত্রিপুরা
উদ্বোধক এবং প্রধান অতিথি
শ্রী যীষ্ণু দেববর্মা
মাননীয় উপ-মুখ্যমন্ত্রী, ত্রিপুরা সরকার
বিশেষ অতিথি
শ্রী নন্দ কুমার দেববর্মা
বিশিষ্ট কবি ও লেখক, ত্রিপুরা
সভাপতি
শ্রী সুভাষ দেব
মাননীয় সহ-সভাপতি, রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটি
রয়েছে রাজ্য এবং বহিরাজ্যের
লোকশিল্পীদের আকর্ষনীয় সাংস্কৃতিক অনুষ্ঠান
আপনারা সকলেই আমন্ত্রিত
তথ্য ও সংস্কৃতি দপ্তর, ত্রিপুরা সরকার
ICA/D-1167/2019-20

# দেশের শীর্ষ লিগের তকমা পাওয়া আইএসএলে ওড়িশাকে ১ গোলে হারাল নর্থইস্ট

দীর্ঘদিনের বিতর্ক, টানাপোড়েন, আলাপ-আলোচনা শেষে আই লিগ নয়, আইএলএল-কেই দেশের সেরা লিগের তকমা দিল এশিয়ান ফুটবল কনফেডারেশন বা এএফসি।দীর্ঘদিনের বিতর্ক, টানাপোড়েন, আলাপ-আলোচনা শেষে আই লিগ নয়, আইএলএল-কেই দেশের সেরা লিগের তকমা দিল এশিয়ান ফুটবল কনফেডারেশন বা এএফসি। ভিয়েতনামের ডা নাং-এ আইএসএল নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার দিনই টুর্নামেন্টের চলতি মরশুমের গুরুত্বপূর্ণ ম্যাচে ওড়িশা এফসি-কে ২-১ গোলে হারিয়েছে ন র্থ ই স্ট ইউনাইটেড।এআইএফএফ-র সিদ্ধান্তআই লিগের পরিবর্তে ইন্ডিয়ান সুপার লিগ বা আইএসএল-কে ভারতের শীর্ষ ফুটবল টুর্নামেন্ট ঘোষণা করেছিল অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন বা এআইএফএফ। দেশের দুই লিগকে মিশিয়ে দেওয়ার সিদ্ধান্তও নিয়েছিল ভারতীয় ফুটবল সংস্থা। বিব. ৃে দ্ধ বিদ্রোহএআইএফএফ-র সিদ্ধান্তের প্রতিবাদে সরব হয় ইস্টবেঙ্গল, মোহনবাগান সহ ছয়টি আই লিগ খেলা ক্লাব। ভারতীয় ফুটবল সংস্থার সিদ্ধান্ত অনৈতিক বলে দাবি তুলে তারা এশিয়ান ফুটবল কনফেডারেশন বা এএফসি-র দ্বারস্থ হয়। এশিয়ার সর্বোচ্চ ফুটবল নিয়ামক সংস্থাকে এআইএফএফ-র বিরুদ্ধে চিঠিও লেখে দেশের ওই ছয় ক্লাব।এএফসি-র প্রাথমিক প্রতিক্রিয়াপ্রাথমিক ভাবে এআইএফএফ-র সিদ্ধান্ত স্থগিত করার নির্দেশ দেয় এএফসি। কেন আইএসএল-কে দেশের সেরা লিগ ঘোষণা করার হল, এআইএফএফ-র কাছে এর জবাব চায় এএফসি। পাল্টা চিঠি দিয়ে এর উত্তর দেয় ভারতীয় ফুটবল সংস্থাও।শনিবারে ব বৈঠকয়েতনামের ডা নাং-এ এশিয়ান ফুটবল কনফেডারেশন বা এএফসি-র কার্যকরী কমিটির বৈঠকে আইএসএল নিয়ে আলোচনা হয়। সেখানে ইন্ডিয়ান সুপার লিগকেই প্রাধান্য দেওয়া হয়েছে বলে জানিয়েছে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন বা এআইএফএফ। ভারতীয় ফুটবল সংস্থার দেওয়া লিগের রোড ম্যাপও স্বীকৃতি দিয়েছে এএফসি।এএফসি চ্যাম্পিয়ন্স লিগএর অর্থ, আইএসএল জয়ী দল এএফসি চ্যাম্পিয়ন্স লিগের প্লে-অফে সরাসরি প্রবেশ করতে পারবে। অন্যদিকে আই লিগ জয়ী দল শুধু এএফসি কাপে খেলার যোগ্যতা অর্জন করতে সক্ষম হবে।

নর্থইস্টের জয়আইএসএল-র চলতি মরশুমের গুরুত্বপূর্ণ ম্যাচে ওড়িশা এফসি-কে ২-১ গোলে হারিয়েছে নর্থ ইস্ট ইউনাইটেড। জয়ী দলের হয়ে গোল করেছেন নর্থইস্টের মার্কি তথা ঘানার বিশ্বকাপার আসামোয়া গিয়ান ও রিদিম টিয়াং। ওড়িশার হয়ে গোল করেন হার্নান্ডেজ।রবিবারের ম্যাচরবিবার আইএসএলের গুরুত্বপূর্ণ ম্যাচে মুখোমুখি হতে চলেছে চেন্নাইইন এফসি ও মুম্বই সিটি এফসি। ম্যাচে হাড্ডাহাড্ডি লড়াই আশা করছেন ফুটবল প্রেমীরা।

**No. F.9 (1)/STORES/OC/UMC/UDP/2019/ 6633**
**Dated, Udaipur the 24/10/2019**
**PRESS NOTICE INVITING QUOTATION**
On behalf of the Udaipur Municipal Council, the undersigned hereby invites the sealed Quotation(s) in prescribed format, from the reputed & Authorized Dealers / Supplier / Farm / Agency / Co-Operative Society having valid trade license, GST Registration Certificate for supply of Stationeries Articles for use in the Office of the Udaipur Municipal Council, Udaipur, Gomati District, Tripura in connection with smooth running of Official works during the Financial Year, 2019-20, 2020-21. The details of required materials, prescribed format of the quotation and other terms & condition of the quotation including D-Call Amount can be seen from the Notice Board of Office of the Udaipur Municipal Council, Udaipur, Gomati District. If any bidders are interested, he/she may collect the prescribed format form from Store Section of this Office at free of cost. The interested bidders are hereby requested to submit their Quotation document as per prescribed Format in gala sealed Kham / Envelop by indicating the price in words & figure along with necessary documents and dropped in the Tender Box of the Office of the under signed w.e.f. 8" November, 2019 up to 4.00 PM except Govt. Holiday. The same will be opened on 8h November, 2019 at 4.00PM in presence of authorized bidders or representative of the bidders.
**(A. Roy)**
**Chief Executive Officer**
**(Sub Divisional Magistrate)**
**Udaipur Municipal Council**
**Udaipur, Gomati District, Tripura.**
ICA/C-1456/2019

# খুব শীঘ্রই ফিট হয়ে মাঠে ফিরছি, টুইট বুমরার

ভারতীয় ক্রিকেটের অন্যতম সেরা পেসার জসপ্রীত বুমরা। তবে ওয়েস্ট ইন্ডিজ সফরের পর বুমরার চোট বেশ চিন্তায় ফেলে দিয়েছিল ভারতীয় ক্রিকেট দলকে। ভারতীয় ক্রিকেটে বোলিং লাইন আপে অন্যতম সেরা পেসার বুমরা। আর বুমরার সেই চোটের কারণেই দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধেও মাঠে নামতে পারেননি ভারতীয় পেসার। একই সঙ্গে চোট সারাতে ইংল্যান্ড যেতেও হয়েছে তাঁকে। তবে এই মুহূর্তে ভারতীয় ক্রিকেটে স্বস্তির নিশ্বাস যে বুমরার চোট সমস্যা ইতিমধ্যেই সেরে উঠেছে। আর কিছুদিনের মধ্যেই ক্রিকেট মাঠে ফিরবেন এমনটাও ইঙ্গিত দিয়ে ফেলেছেন বুমরা। ইতিমধ্যেই জিমে শারিরিক ফিটনেস বাড়াতেও শুরু করে দিয়েছেন তিনি। আর মঙ্গলবার সেটা নিজেই টুইট করে জানালেন বুমরা।বিদেশের মাটিতে হোক বা দেশের মাটিতে বল হাতে দুরন্ত ছন্দে দেখা গিয়েছে বুমরাকে। অনেক ম্যাচেই একাহাতে ভারতের হয়ে খেলা বার করতেও দেখা গিয়েছে তাঁকে। তবে চোটের কবলে পড়লেও এবার পুরোপুরি ফিট হয়ে উঠছেন বুমরা এমনটাই ইঙ্গিত দিয়েছেন তিনি। টুইট করে নিজের জিম করার ছবি দিয়ে বুমরা লেখেন, ''খুব শীঘ্রই ফিরছি।'' ভারতীয় দলের অধিনায়কের অন্যতম ভরসা বুমরা। আর সেই বুমরা এবার সুস্থ হয়ে ওঠায় বেশ কিছুটা স্বস্তির নিশ্বাস ফেলবেন কোহলিও।অপরদিকে, ভারতীয় দলের বর্তমান অধিনায়ককেই সেরা অধিনায়ক হিসাবে গণ্য করলেন বাঁহাতি স্পিনার শাহবাজ নাদিম। ঘরোয়া ক্রিকেটে বেশ কিছু বছর ধরে নিজের পারফরম্যান্স দেখিয়ে গিয়েছেন নাদিম। তবে ভারতীয় দলে এর আগে কোনও দিনও জায়গা হয়নি তাঁর। এবার কোহলির নেতৃত্বে রাঁচিতে টেস্ট অভিষেক হয়েছে নাদিমের। আর সেই সঙ্গে এবার ভারতীয় ক্রিকেট দলের অধিনায়কের সুখ্যাতি করলেন নাদিম। বিরাটকে নিয়ে নাদিম বলেন, ''বিরাট একজন অসাধারণ অধিনায়ক। বিশ্বের সেরা ক্যাপ্টেন। আমি নিজে ভারতীয় দলে অভিষেক করেছি কোহলির অধিনায়কত্বে। আর সেই কারণে আমি খুব খুশি। আগামী দিনে আরও ভালো ক্রিকেট খেলতে চাই। এই মুহূর্তে কোহলির নেতৃত্বে ভারতীয় দল সব থেকে সেরা।''



## দশ ওভারের ক্রিকেটে চমক দেখাতে তৈরি যুবরাজ

২০০৭ সালে দক্ষিণ আফ্রিকার মাটিতে টি২০ বিশ্বকাপ হোক বা ঘরের মাঠে ২০১১ সালে ৫০ ওভারের বিশ্বকাপ। তিনিই ছিলেন সেরার সেরা। দুটি বিশ্বকাপেই ম্যান অব দ্য সিরিজের পুরস্কার পেয়েছেন যুবরাজ সিং। ভারতীয় ক্রিকেটের অন্যতম সেরা ক্রিকেট চরিত্র চলতি বছরেই আন্তর্জাতিক ক্রিকেটকে আলবিদা জানিয়েছেন যুবরাজ। তবে এখনও ক্রিকেট চালিয়ে যাচ্ছেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার। অবসর নেওয়ার দিনই বলেছিলেন বিশ্বের বিভিন্ন প্রান্তের ফ্রাঞ্চাইজি লিগে খেলতে চান তিনি। সেই মতই জুলাই মাসে কানাডার গ্লোবার টি২০ লিগে মাঠে নেমেছিলেন যুবরাজ।এবার তিনি নিজেকে পরীক্ষা করবেন ক্রিকেটের আরও ছোট ফরম্যাটে। ক্রিকেট বিশ্বে খুব বেশি দিন আমদানি হয়নি দশ ওভারের ক্রিকেট টি-১০ লিগের। এবার সেই আসরেই পাওয়া যাবে প্রাক্তন ভারতীয় ক্রিকেটারকে।

সন্ধান চাই

Reference : Budhujung Nagar PS GD. Entry No : 22, Dt : 21/10/2019
পাশের ছবিটি একজন হারিয়ে যাওয়া ব্যক্তির ছবি। নাম- নিখিল দেববর্মা, পিতা-রাজকুমার দেববর্মা, সাং- জগৎ রাম ঠাকুর পাড়া, থানা বোধজং নগর, ত্রিপুরা, পশ্চিম জেলা, বয়স আনুমানিক পঞ্চান্ন বৎসর, উচ্চতা-পাঁচ ফুট পাঁচ ইঞ্চি, গায়ের রং- শ্যামলা, পরনে ছিল কালো রং এর হাফ শার্ট। গত ১৬/১০/২০১৯ইং তারিখে তিনি বাড়ির কাউকে কিছু না জানিয়ে বাড়ি থেকে বেরিয়ে যান এর আজ পর্যন্ত পুনরায় বাড়িতে ফিরিয়া আসেননি। অনেক খোঁজাখুঁজি করার পরও তাহার কোন সন্ধান পায়া যায়নি।
উপরে উল্লেখিত হারিয়ে যাওয়া ব্যক্তি সম্পর্কে কাহার কোন তথ্য জানা থাকিলে নিম্নবর্ণিত ঠিকানা ও ফোন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইল।
১। পুলিশ সুপার পশ্চিম ত্রিপুরা - ০৩৮১-২৩২-৩৫৮৬
২) সি. টি. কন্ট্রোল - ০৩৮১-২৩২-৫৭৮৪/১০০
৩। বোধজং নগর থানা - ০৩৮১-২৩৯-৬৭৮৭
ICA/D-1178/2019-20
পুলিশ সুপার
পশ্চিম ত্রিপুরা

**Ref. No: F.2 (19)-AGMC/S&P/2019-20 Date:24 /10/2019**
**Notice inviting Tender**
The Medical Superintendent & Head of Office, AGMC & GBP Hospital, Agartala invites Notice inviting Tender from Agency, Firm, Authorized dealers, in the state of Tripura for " Hiring of Vehicle (MM SCORPIO) for use in Principal Office, at Agartala Government Medical College & GBP Hospital, Agartala.". Last date of submission of quotation to the Medical Superintendent & Head of Office, Agartala Government Medical College & GBP Hospital, Agartala is upto 4.00 PM of 20/11/2019 by Speed post/courier/registered post only. The detailed terms and condition of the tender may be collected from the store and purchase section, office of the Medical Superintendent & Head of Office AGMC & GBP Hospital, Agartala from 11:00 am to 4:00 pm on all working days till the last date of submission of tenders.
**Medical Superintendent & Head of Office**
**AGMC & GBP Hospital, Agartala**
ICA/C-1451/2019

জাগরণ 30 October, 2019, Wednesday আগরতলা, ৩০ অক্টোবর, ২০১৯ ইং, ■ ১২ কার্ত্তিক, ১৪২৬ বঙ্গাব্দ, বুধবার
■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2018- 2020



# প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতিকে খুনের হুমকি লস্করের

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.) : প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি থেকে ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক। দেশের হেভিওয়েট ভিভিআইপিদের উপর হামলার হুমকি দিল অল ইন্ডিয়া লস্কর ই তইবা। ভারতীয় গোয়েন্দা সংস্থাকে দেওয়া চিঠিতে এমনই কড়া হুঁশিয়ারি দিয়েছে পাকিস্তানি জঙ্গি সংগঠনের ভারতীয় শাখা।

ন্যাশানাল ইনভেস্টিগেশন এজেন্সি বা এনআইকে দেওয়া চিঠিতে জানা গিয়েছে ভারতের বিভিন্ন ভিভিআইপি ব্যক্তিদের ওপর আক্রমণ হানতে চাইছে অল ইন্ডিয়া লস্কর ই তইবা। চিঠিতে নিজেদের 'হিট লিস্ট'-এর কথা জানিয়েছে লস্কর ই তইবা। সেই তালিকায় আছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আদবাণী এমনকি, ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক বিরাট কোহলি।

বাংলাদেশের বিরুদ্ধে সিরিজ শুরুর আগে ভারতীয় ক্রিকেট দলকে হামলার হুমকি দিয়েছে সন্ত্রাসবাদী সংগঠন অল ইন্ডিয়া লস্কর ই তইবা। ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সির দফতরে এই হুমকি চিঠি পাঠানো হয়েছে।

এই বিষয়ে বিসিসিআইকে সতর্ক করেছে এনআইএ। এরপরই ভারতীয় ক্রিকেট দলের সদস্যদের নিরাপত্তা আরও বাড়ানো হয়েছে।

কিন্তু কোথা থেকে এই চিঠি পাঠানো হয়েছে ? সেই প্রশ্নের উত্তর পেতেই উঠেপড়ে লেগেছেন ন্যাশানাল ইনভেস্টিগেশন এজেন্সির গোয়েন্দারা। সেই উদ্দেশ্যে এর মধ্যেই তদন্ত শুরু করে দিয়েছেন তাঁরা। ভারতে জম্মু-কাশ্মীর সীমান্তবর্তি অংশে লস্করের জঙ্গি কার্যকলাপ নিয়ে চিন্তায় ছিলেন গোয়েন্দারা। সেই চিন্তাই যেন আরও কয়েক গুণ বাড়িয়ে দিল এই হুমকি চিঠি। সম্প্রতি কোয়েম্বাটোরে ইনভেস্টিগেশন ব্যুরো লস্কর ই তইবার হানার আশঙ্কায় রেড অ্যালার্ট জারি করে।



মঙ্গলবার মুখ্যমন্ত্রীর আবাসে ভাইফোটা পালন করে রাজ্যের মহিলারা। ছবি- নিজস্ব।

## গাজিয়াবাদে পেপার মিলে বিধ্বংসী আগুন

গাজিয়াবাদ, ২৯ অক্টোবর (হি. স.) : উত্তরপ্রদেশের লিঙ্কেরোড থানা এলাকার সাহিবাবাদে একটি পেপার মিলে বিধ্বংসী আগুন। মঙ্গলবার সকালে ঘটনাটি ঘটে আগুন দ্রুত ছড়িয়ে ভয়ঙ্কর রূপ ধারন করে। খবর পেয়ে গাজিয়াবাদ ও নয়ডা থেকে আসে দমকলের ইঞ্জিন। বেশ কয়েকঘন্টার চেষ্টার আগুন নিয়ন্ত্রণে আসে। ঘটনায় কেও হতাহত হয়নি। কিন্তু আগুনে পুড়ে ছাই হয়ে গেছে লক্ষ লক্ষ টাকার কাগজ।

দমকলের এক আধিকারিক সুনীল কুমার সিংহ জানান, মঙ্গলবার সকালে সাহিবাবাদে শিবম উদ্যান কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে। এই কারখানাতে কাগজের রোলগুলি তৈরি করা হয়। আগুন দ্রুত ছড়িয়ে পড়ায় কারখনার শ্রমিকরা আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেও সফল হয়নি। এরপর সকাল সাতটার নাগাদ ফায়ার ব্রিগেডকে খবর দেওয়া হয়। খবর পেয়ে সঙ্গে সঙ্গে ফায়ার ব্রিগেড ঘটনাস্থলে পৌঁছায়। তবে ততক্ষণে আগুন ভয়াবহ রূপ ধারণ করে।। আগুন দ্রুত ছড়িয়ে পড়ায় নয়াডা ও টাটা স্টিল থেকে আরও দমকলের ইঞ্জিন আনা হয়। এবং কয়েক ঘন্টা পরিশ্রমের পরে আগুন নিয়ন্ত্রণে আনে। তবে আগুন লাগার কারন এখনও জানা যায়নি।

# ৫ নভেম্বর থেকে ১২ দিন গুয়াহাটিতে ব্রহ্মপুত্রের পারে পুষ্কর মেলা, পর্যটকদের জন্য বুকড সব হোটেল-ধর্মশালা

গুয়াহাটি, ২৯ অক্টোবর (হি.স.) : আগামী ৫ নভেম্বর থেকে গুয়াহাটির ব্রহ্মপুত্র নদের তীরে শুরু হবে পুষ্কর মেলা। চলবে ১৬ নভেম্বর পর্যন্ত। মেলাস্থল মহানগরের ভরলুমুখে ব্রহ্মপুত্রের পারে মেলার প্রস্তুতি পূর্ণগতিতে চলছে, এসে গেছে প্রায় শেষ পর্যায়ে। ইতিমধ্যে প্রস্তুতির খোঁজখবর নিচ্ছেন পুষ্কর মেলা আয়োজক কমিটির পদাধিকারী থেকে রাজ্য পর্যটন উন্নয়ন নিগম এবং কামরূপ জেলা প্রশাসনের কর্তারা।

মেলা উদ্যোক্তাদের অন্যতম সদস্য আনন্দ আয়ার হিন্দুস্থান সমাচার-কে জানান, দেশ বিদেশের লক্ষাধিক পর্যটক পুষ্কর মেলা উপভোগ করতে আসবেন। ইতিমধ্যে ভারতের বিভিন্ন রাজ্যের প্রায় দুই লক্ষ পর্যটক তাঁদের নাম নথিভুক্ত করিয়েছেন। তাঁদের থাকা-খাওয়ার জন্য গুয়াহাটি-সহ সংলগ্ন জেলার প্রায় সব হোটেল, লজ, ধর্মশালা ইত্যাদি বুক করা হয়ে গেছে। তাছাড়া পুষ্কর মেলায় ব্রহ্মপুত্রে স্নানের জন্য ঘাট, শৌচাগার তৈরি করা হয়েছে। ব্যবস্থা করা হবে পর্যাপ্ত পানীয়জলের। স্বচ্ছতার ওপর বিশেষ ব্যবস্থা নিতে নিয়োগ করা হবে স্বেচ্ছাসেবকবাহিনী।

আয়ার জানান, পুষ্কর মেলার সঙ্গে সংগতি রেখে রাজ্য সরকারের পক্ষ থেকে অসম রাজ্য পরিবহণ নিগম নতুন বাস পরিষেবার প্রচলন করবে। মাত্র ২৫১ টাকার বিনিময়ে পর্যটক তথা পুণ্যার্থীরা গুয়াহাটির ঐতিহ্যমণ্ডিত স্থল পরিদর্শন করতে পারবেন। যাত্রীদের ওইসব স্থলগুলোর মাহাত্ম্য বা ঐতিহাসিক প্রেক্ষাপট বোঝাতে বাসে থাকবেন গাইড। তিনি জানান, পুষ্কর মেলা উপলক্ষ্যে একটি দৃষ্টিনন্দন ও তথ্যবহুল স্মরণিকা প্রকাশ করা হবে। উদ্যোক্তা কমিটির সদস্যটি আরও জানান, রাজস্থান কিংবা গঙ্গার পাড়ে ইতিপূর্বে আয়োজিত পুষ্কর মেলার মতো গুয়াহাটিতেও পর্যটকদের ভিড় হবে। গুয়াহাটিতে এই মেলার মাধ্যমে অসম তথা উত্তর-পূর্বাঞ্চলের জীবনযাত্রা তুলে ধরার চেষ্টা করা হবে।

স্থানীয় ও দেশের খ্যাতনামা শিল্পীদের নাচে গানে, খাওয়া-দাওয়া এবং হস্তশিল্পে জমজমাট হবে পুষ্কর উৎসব। এতে পর্যটকদের মন ভরে যাবে আনন্দে, মনে করেন আনন্দ আয়ার।

## রাজ্য বিজেপি সভাপতি দিলীপকে ফেঁটা বোন লকেটের

কলকাতা, ২৯ অক্টোবর (হি স)। 'দিলীপদা'কে ফেঁটা দিয়ে উচ্ছ্বসিত লকেট চট্টোপাধ্যায়। তৃণমূল শিবির থেকে বিজেপিতে যোগদানের পর থেকেই দাদা দিলীপ ঘোষের কপালে প্রতিবছর ফেঁটা দেন তিনি। ফেঁটার পর লকেটের থেকে জহর কোট উপহার পেয়ে খুশিতে ডগমগ বিজেপি রাজ্য সভাপতিও।রাজনীতির ময়দানে 'দিলীপদা'র খুবই প্রিয় তিনি। দূর্জনে বলেন, আর এক নেত্রী রূপা গঙ্গোপাধ্যায়ের সঙ্গে দলের রাজ্য সভাপতির সম্পর্কের শীতলতাই লকেটকে এদিক থেকে সমৃদ্ধ করেছে। তবে এবারের ভাইফেঁটা দাদা ও বোন, মানে দিলীপ-লকেটের জন্য একটু বেশিই স্পেশাল। কারণ দু'জনেই এবার লোকসভা নির্বাচনে জিতে সংসদে পাড়ি দিয়েছেন।

ছয়ের পাতায় দেখুন

## পৈলান গ্রুপের কর্ণধার অপূর্ব সাহাকে গ্রেফতার করল সিবিআই

কলকাতা, ২৯ অক্টোবর (হি.স.) : পৈলান গ্রুপের কর্ণধার অপূর্ব সাহাকে গ্রেফতার করল সিবিআই। সিবিআই সূত্রে খবর, রিয়েল এস্টেটের নাম করে বাজার থেকে হাজার হাজার কোটি টাকা তোলার অভিযোগ পৈলান গ্রুপের বিরুদ্ধে। তদন্তে নেমেছিল সিবিআই। এর আগেও তাঁর বাড়িতে তল্লাসী চালায় সিবিআই। তাঁকে বেশ কয়েকবার জেরা করা হয়। কিন্তু তিনি জেরার মুখে অসংলগ্ন কথা বার্তা বলছিলেন। মঙ্গলবার তাকে জেরা করার জন্য সল্টলেকের সিজিও কমপ্লেক্সে সিবিআই দফতরে ডাকা হয়। তাঁর কাছে জানতে চাওয়া হয়, পৈলান চিটফান্ডের সঙ্গে কোন কোন প্রভাবশালী জড়িত রয়েছেন। কিন্তু অপূর্ব সাহা সেই প্রশ্নের উত্তর এড়িয়ে যান। তখনই তাকে গ্রেফতার কড়া হয়। বুধবার তাকে বিশেষ সিবিআই আদালতে হাজির করা হবে বলে জানা গেছে। বেআইনিভাবে হাজার হাজার কোটি টাকা টাকা তোলার অভিযোগ উঠেছিল পৈলান গ্রুপ অফ কোম্পানির নাম। অভিযোগ পাওয়ার পরেই ঘটনার তদন্তে নামে সিবিআই। পৈলান গ্রুপের কর্ণধার অপূর্ব সাহার বালিগঞ্জ পার্কের বাড়িতে সিবিআই আধিকারিকরা ম্যারাথন তল্লাশি চালান। সাধারণ মানুষকে ঠিক কী কী স্কিম দেখিয়ে বেআইনিভাবে টাকা সংগ্রহ করেছিল সেই সংক্রান্ত নথির খোঁজ করতেই অপূর্বের বাড়িতে হাজির হয় সিবিআই।

সূত্রের খবর, বেশ কিছুদিন আগেই সিবিআইয়ের কাছে পৈলান গ্রুপের বিরুদ্ধে টাকা নয়ছয় করার অভিযোগ দায়ের হয়। বিভিন্ন স্কিমের লোভ দেখিয়ে সাধরণ মানুষের কাছ থেকে সংস্থার কর্মীরা কোটি কোটি টাকা সংগ্রহ করেছে। মুলত চিটফান্ডের দোহাই দিয়েই এই টাকা তোলা হচ্ছে বলে

ছয়ের পাতায় দেখুন

# পুলিশ দলকে জেতাতে ব্যাস্ত, আইন শৃঙ্খলার তাই অবনতি : দিলীপ ঘোষ

মেদিনীপুর, ২৯ অক্টোবর (হি.স.) : মেদিনীপুর শহরে সোমবার সকালে পিটিয়ে খুনের কান্ডে পুলিশের বিরুদ্ধেই ক্ষোভ উগরে দিলেন বিজেপি রাজ্য সভাপতি দিলীপ ঘোষ । মঙ্গলবার সন্ধ্যায় মেদিনীপুর শহর সংলগ্ন তাঁতিগেড়িয়া এলাকাতে রাবণ দহন অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন তিনি । অনুষ্ঠান সেরে ফেরার পথে সাংবাদিকদের সামনে জেলার আইন শৃঙ্খলার অবনতি নিয়ে পুলিশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন । তিনি বলেন- পুলিশ প্রশাসনের কোনো নিয়ন্ত্রন নেই । যারা জেলার নিয়ন্ত্র রাখার ক্ষমতা ছিল সেই সমস্ত অফিসারকে লোকসভাতে খারাপ ফলের কারনে সরিয়ে দিয়েছে ।কারন তারা তৃণমূল কে জেতাতে পারে নি ।

যারা তৃণমূলকে জেতাতে পারবে তাদের নিয়ে আসা হয়েছে । তারা তো আইন শৃঙ্খলা দেখার জন্য আসেন নি । যার জন্য কালীপুজোর দিন রাত তিনটা পর্যন্ত রাস্তার ওপর নাচ চলছে । পুলিশ অনুমতি দিল কিভাবে । সেখানেই মারপিট করে মারা পড়ল যুবক । এদিন আব্দুল মান্নানের সোনিয়া গান্ধীকে তৃণমূল সমর্থন করার চিঠি নিয়েও কটাক্ষ করেছেন তিনি । দিলীপ ঘোষ বলেন-কংগ্রেস এখন সিপিএমের দিকে যাবে নাকি তৃণমূলের দিকে যাবে ঠিক করতে পারেনি । দুজনের হাত ধরে হাঁটছে । অন্যের হাত ধরে বেঁচে থাকার চেষ্টা, বাংলার মানুষ ভাবুক আজকে কংগ্রেস কতখানি বিশ্বাস যোগ্য । উল্লেখ্য, মেদিনীপুর শহরের লালদিঘী এলাকাতে সোমবার ভোরে পিটিয়ে খুনের ঘটনা ঘটেছিল । সেই ঘটনায় পুলিশ চারজনকে গ্রেফতার করেছিল । মঙ্গলবার তাদের মেদিনীপুর আদালতে তোলা হলে বিচারক ৬ দিনের পুলিশী হেপাজতের নির্দেশ দিয়েছেন।

# বিহারে ঠাকুরবাড়িতে নবনির্মিত ভবনের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী নীতীশ কুমার

পাটনা, ২৯ অক্টোবর (হি. স.) : ভগবান শ্রী চিত্রগুপ্তর পুজো উপলক্ষ্যে বিহারের বিভিন্ন স্থানে বিশেষ পুজোর আয়োজন করা হয়েছিল। মঙ্গলবার বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এবং রাজ্যসভার সাংসদ আর কে সিনহা রাজ্যের সুখ—সমৃদ্ধিরও কামনা করে গর্দনীবাগে অবস্থিত ঠাকুরবাড়িতে ভগবান চিত্রগুপ্তের পুজো—অর্চনা করেন।

এই উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী ঠাকুরবাড়ি ক্যাম্পাসে তৈরি মায়ের নামে পরমেশ্বরী ভবনের (কমিউনিটি হল) উদ্বোধনও করেন। এই ভবন তৈরি হয়েছে রাজ্য বিধান পরিষদের সদস্য তথা গর্দনীবাগ পুজো কমিটির কার্যকরি সভাপতি ডঃ রণবীর নন্দনের তহবিল থেকে উ

গর্দনীবাগ ঠাকুরবাড়ির চিত্রগুপ্ত পুজো কমিটির পক্ষ থেকে মুখ্যমন্ত্রী নীতীশ কুমার ও সাংসদ আর কে সিনহাকে উত্তরীয়, প্রতীক চিহ্ন ও রুপোর কলম-দোয়াত দিয়ে স্বাগত জানান হয়। এদিন আর কে সিনহা বলেন, যাতে বিশ্ব জুড়ে শান্তি, ভ্রাতৃত্ব ও পারস্পরিক মেলবন্ধন সবসময় বজায় থাকে তার জন্য ভগবান চিত্রগুপ্তের কাছে আমি প্রার্থনা করছি।

এই বিশেষ অনুষ্ঠানে বিহারের বিপর্যয় মোকাবিলা দফতরের আধিকারিক উদয়কান্ত মিশ্র, রাজ্যসভার সাংসদ আর কে সিনহা, বিধান পরিষদের সদস্য ডাঃ রণবীর নন্দন, রাজ্য সরকারের প্রাক্তন মন্ত্রী রামজতন সিনহা, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব চঞ্চল কুমার, জ্বালানি বিভাগের প্রধান সচিব প্রতিম অমৃত, জেলা ম্যাজিস্ট্রেট কুমার রবি, সিনিয়র পুলিশ সুপার গরিমা মল্লিক, অরুণ কুমার ভার্মা, এসকে ভার্মা, বিহার রাজ্য নাগরিক পরিষদের প্রাক্তন সেক্রেটারি জেনারেল আরভ নন্দ কুমার সিংহ, লেখক-সাংবাদিক মুরলি মনোহর শ্রীবাস্তব, সাংবাদিক রজনীশ কুমার, প্রতিষ্ঠানের আহ্বায়ক অমর সিনহা এবং গর্দনীবাগ ঠাকুরবাড়ির পুজো কমিটির সদস্যবৃন্দ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## সোনারিতে বুনো হাতির অস্বাভাবিক মৃত্যু

সোনারি (অসম), ২৯ অক্টোবর (হি.স.) : শিবসাগর জেলার সোনারিতে অপ্রাপ্তবয়স্ক একটি বুনো হাতির অস্বাভাবিক মৃত্যু হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে ঘটনাস্থল সোনারির নগানদী বনগাঁওয়ে।

বন দফতরের এক সূত্র জানিয়েছে, বছর তিনেকের বুনো হাতিটি খাদ্যের সন্ধানে অভয়পুর সংরক্ষিত বনাঞ্চল থেকে সোনারির নগানদী বনগাঁওয়ের জনপদে এসে পড়েছিল। গ্রামে এসে সম্ভবত তড়িদাহত হয়ে মৃত্যু হয়েছে হাতিটির। সূত্রটি বলেছে, গ্রামের মানুষ তাঁদের ধানখেতকে হাতির উপদ্রব

ছয়ের পাতায় দেখুন

# মেরি কম, পিভি সিন্ধুকে ইডেনে সংবর্ধনা দেবে সিএবি

কলকাতা, ২৯ অক্টোবর (হি.স.) : আগামী ২২ নভেম্বর ভারত বাংলাদেশের বিরুদ্ধে দ্বিতীয় টেস্ট ম্যাচ খেলবে কলকাতার ইডেন গার্ডেন্সে। সেই সময়েই চাঁদের হাট বসতে চলেছে ইডেনে। এর আগে ভারতের মাটিতে বাংলাদেশ কখনো টেস্ট ম্যাচ খেলেনি। ভারত-বাংলাদেশের এই সিরিজকে স্মরণীয় করে রাখতে সিএবি প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলী আমন্ত্রণ জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে।

সৌরভ জানান, ইডেনে এই টেস্টের সময় সংবর্ধনা জানানো হবে কয়েকজন ভারতীয় ক্রীড়াবিদদের। অলিম্পিকে পদক জয়ী মেরি কম, পিভি সিন্ধু এবং অভিনব বিন্দ্রারা উপস্থিত থাকতে পারেন সেখানে। ভারতীয় বোর্ডের তরফ থেকেই এই পরিকল্পনা করা হয়েছে।

সিএবির তরফ থেকে ইতিমধ্যেই আমন্ত্রণ পাঠিয়ে দেওয়া হয়েছে শেখ হাসিনাকে। তবে এখনও তিনি সেই আমন্ত্রণে সম্মতি জানাননি। ক্রিকেটের ভক্ত বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তাই তিনি যে আসবেনই তেমনটাই ধরে নেওয়া হচ্ছে। তাই ইডেনের মাঠে সাদা জার্সিতে দুই বাংলার লড়াই বেশ জমবে তা বোঝাই যাচ্ছে।

এই বিষয়ে সৌরভ বলেন, 'অলিম্পিক্সে অবদানের জন্য ইডেন টেস্টে পি ভি সিন্ধু, মেরি কম-সহ কিংবদন্তি ভারতীয় ক্রীড়াবিদদের সংবর্ধনা দেওয়ার পরিকল্পনা রয়েছে। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের তরফে দিন-রাতের টেস্ট খেলার সবুজ-সঙ্কেত পাওয়ার অপেক্ষায় রয়েছি। তা চলে এলেই পরবর্তী পদক্ষেপ করা হবে। ছাত্রছাত্রীদের নিখরচায় খেলা দেখানোর পরিকল্পনাও আছে।' শেখ হাসিনার সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকেও আমন্ত্রণ জানিয়েছে সিএবি। গত সোমবারই চর্চা শুরু হয় ভারতের প্রথম দিন-রাতের টেস্ট ম্যাচ আয়োজন করতে পারে ইডেন। সেই নিয়ে আশাবাদী সৌরভ বলেন, 'আমি বিসিবি প্রেসিডেন্টের সঙ্গে কথা বলেছি। ওদের কোনও সমস্যা নেই। শুধু ক্রিকেটারদের সঙ্গে এক বার কথা বলে নেবে। আমি নিশ্চিত, ইডেনে দিন-রাতের টেস্টই হবে। খুব তাড়াতাড়ি সরকারি ঘোষণা হয়ে যাবে।'

# বাংলাদেশের বিরুদ্ধে ম্যাচ চলাকালীন ভারতীয় দলের উপর জঙ্গি হামলার আশঙ্কা কড়া নিরাপত্তা অরুণ জেটলি স্টেডিয়ামে

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি. স.) : ৩ নভেম্বর দিল্লিতে বাংলাদেশের বিরুদ্ধে টি ২০ ম্যাচ দিয়ে সিরিজ শুরু হচ্ছে ভারতের। বাংলাদেশের বিরুদ্ধে ম্যাচের সময় ভারতীয় দলের উপর জঙ্গি হামলা হতে পারে বলে দিল্লি পুলিশকে সতর্ক করেছে ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি ( এনআইএ )। আর তাই অরুণ জেটলি স্টেডিয়ামের নিরাপত্তাও বাড়ানো হয়েছে বলে খবর। সেই সঙ্গে নিরাপত্তা বাড়ানো হয়েছে গোটা দিল্লি জুড়ে।

ভারতীয় দলের বিরুদ্ধে এই হুমকি বিসিসিআই-এর নিরাপত্তা সংস্থার কাছে এসেছিল। এই চিঠি পাঠিয়েছে কোঝিকোড়ের অল ইন্ডিয়া লস্কর জঙ্গি গোষ্ঠী। চিঠিতে হুমকি দেওয়া ম্যাচের দিন অরুণ জেটলি স্টেডিয়ামে ভারতীয় দলের অধিনায়ক বিরাট কোহলি ও সেখানে উপস্থিত রাজনৈতিক ব্যক্তিত্বদের নিশানা করা হবে। যদিও বাংলাদেশের বিরুদ্ধে টি ২০ সিরিজে বিশ্রাম দেওয়া হয়েছে বিরাটকে। নেতৃত্ব দেবেন রোহিত শর্মা। পুলিশ সূত্রে জানানো হয়েছে, এই চিঠি ভুয়ো হুমকি হতে পারে। কিন্তু কোনও রকমের ঝুঁকি নিতে চান না। খেলা চলাকালীন নিরাপত্তা নিশ্চিত করতে চাইছে দিল্লি পুলিশ। সেইসঙ্গে ভারত-বাংলাদেশ দু'দলেরই প্রত্যেক ক্রিকেটারের সুরক্ষার বন্দোবস্ত করা হয়েছে। ম্যাচের দিন যে সব ভিআইপিরা উপস্থিত থাকবেন তাঁদেরও নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে বলেই দিল্লি পুলিশ সূত্রে খবর। ম্যাচের দিন মাঠ ও তার চারপাশে হাই সিকিউরিটি থাকবে বলে জানিয়েছেন পুলিশ আধিকারিকরা।

## চোপড়ায় জমি নিয়ে সংঘর্ষ , চলল গুলি

রায়গঞ্জ, ২৯ অক্টোবর (হি.স.) : চা বাগানের তিন একর জমি দখলকে কেন্দ্র করে রণক্ষেত্রের চেহারা নিল উত্তর দিনাজপুরের চোপড়া। দু'ই গোষ্ঠীর সংঘর্ষে চলল গুলিও। ধারাল অস্ত্র নিয়ে হামলার অভিযোগ তুললেন স্থানীয়রা। মঙ্গলবার সকালের এই ঘটনায় জখম হয়েছেন দু'পক্ষের অন্তত ৯জন।

চোপড়ার হাপতিয়াগজ এলাকার বাসিন্দা আনোয়ারুল হক । কয়েকমাস ধরে একটি চা বাগানের তিন একর জমি নিয়ে আনোয়ারুলের সঙ্গে তাঁর প্রতিবেশীর বিবাদ চলছিল । এরই মধ্যে আনোয়ারুল জমিটি কিনে নেন । এই ঘটনার পর ঝামেলা আরও বেড়ে যায় । স্থানীয় এক ব্যক্তি আলোচনার মাধ্যমে ঝামেলা মেটাতে চাইলেও সফল হননি ।

আজ সকালে আনোয়ারুল ও তাঁর পরিবারের কয়েকজন ওই জমিতে কাজ করছিলেন । সেই সময় ওই বিতর্কিত জমিতে নজরুল ইসলাম ও তার লোকজন চা পাতা তুলতে যায়। অভিযোগ, অনোয়ারুল হকের লোকেরা নজরুলদের ওপর গুলি চালায়। পাল্টা নজরুলদের বক্তব্য, প্রথমে হামলা চালিয়েছে আনোয়ারুলের বাহিনীই। আহতদের প্রথমে স্থানীয় দলুয়া স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হয়। গুলিবিদ্ধ আনোয়ারুল হক সহ বেশ কয়েকজনকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল ও ইসলামপুর মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করার পরামর্শ দেন চিকিৎসকরা । গুলিবিদ্ধ আনোয়ারুলের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন তাঁরা। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় চোপড়া থানার পুলিশ। তদন্ত শুরু করার পাশাপাশি এলাকায় টহল শুরু করেছে পুলিশ । বসানো হয়েছে পুলিশ পিকেট। অভিযুক্তদের খোঁজে তল্লাশি চলছে । আনোয়ারুল হকের ভাইপো সইদুল হক বলেন, 'আমার কাকার পায়ে গুলি লেগেছে।

ছয়ের পাতায় দেখুন




স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।